খ্রীষ্টীয়ধর্ম্মপুস্তকান্তর্গতা

গীতসংহিতা।

THE

BOOK OF PSALMS

IN SANSKRIT VERSE,

WITH THE BENGALI VERSION SUBJOINED.

TRANSLATED FROM THE HEBREW

By the Calcutta Baptist Missionaries.

CALCUTTA:

PRINTED FOR THE BIBLE TRANSLATION SOCIETY, AND THE AMERICAN BIBLE UNION, BY J. THOMAS, BAPTIST MISSION PRESS.

1856.

গীতসংহিতা।

১ প্রথমং গীতং।

পুণ্যবতাং সুখং পাপবতাং দুঃখং।

১ ধন্যঃ স মানবো যো ন দুষ্টানাং মন্ত্রণাং চরেৎ।
ন তিষ্ঠেৎ পাপিনাং মার্গে নাসীত নিন্দকাসনে ॥

২ কিন্তু শাস্ত্রে পরেশস্য মনস্তুষ্টিমবাপ্নুয়াৎ।
বিদধীত চ তস্যৈব শাস্ত্রে ধ্যানং দিবানিশং ॥

৩ স জলস্রোতসাং পার্শ্বে রোপিতস্য তরোঃ সমঃ।
ফলদস্য নিজে কালে চাম্লানপল্লবস্য চ।
যৎ কিঞ্চিৎ ক্রিয়তে তেন তৎ সর্ব্বঞ্চ প্রসিধ্যতি ॥

৪ দুষ্টা ন তাদৃশাঃ কিন্তু বায়ুকীর্ণতুষোপমাঃ ॥

৫ অতো হেতো র্বিচারেঽপি নহি স্থাস্যন্তি দুর্জনাঃ।
ধার্ম্মিকাণাং সভায়াঞ্চ নহি স্থাস্যন্তি পাপিনঃ ॥

দায়ূদের গীত।

১ গীত।

পুণ্যবান্ লোকদের সুখ ও পাপি লোকদের দুঃখ।

১ যে জন দুষ্টদের পরামর্শে চলে না, ও পাপিদের পথে দাঁড়াইয়া
২ থাকে না, ও নিন্দকদের সভাতে বসে না: কিন্তু পরমেশ্বরের
শাস্ত্রেতেই আমোদ করে, ও দিবারাত্রি তাঁহার শাস্ত্র ধ্যান করে,
৩ সেই ধন্য। সে জলস্রোতের নিকটে রোপিত, ও সময়ে ফল-
বান্, ও অম্লান পত্র বিশিষ্ট বৃক্ষের সদৃশ; তাহার তাবৎ কর্ম্ম
৪ সফল হয়। দুষ্টদের তাদৃশ গতি নয়, তাহারা বায়ুতে চালিত
৫ তুষের ন্যায়। এই কারণ দুষ্ট লোকেরা বিচারদিনে ও পাপিগণ

ধার্ম্মিকাণাং যতো মার্গং মন্যতে পরমেশ্বরঃ। ৬
কিন্তু দুষ্টমনুষ্যাণাং মার্গো নাশং গমিষ্যতি ॥

---

২ দ্বিতীয়ং গীতং।

১ খ্রীষ্টস্য রিপূণাং কথনং ৪ তস্য রাজ্যস্থাপনস্য ভবিষ্যদ্বাক্যং
১০ রাজসু নিবেদনঞ্চ।

কিমর্থং ভিন্নজাতীয়া লোকাঃ কুর্ব্বন্তি গর্জ্জনং। ১
দেশবাসিপ্রজাশ্চাপি চিন্তয়ন্তি ব্যলীকতাং ॥
উত্তিষ্ঠন্তি মহীপালা মন্ত্রয়ন্তেঽগ্রগা মিথঃ। ২
পরমেশস্য তেনৈব চাভিষিক্তস্য শাত্রবাৎ ॥
তে সঙ্কল্পন্তি ছেৎস্যামো বন্ধনানি তয়োর্ব্বয়ং। ৩
সুদূরে চ তয়ো রজ্জূঃ ক্ষেপস্যামোঽস্মৎসমীপতঃ ॥
স্বর্গবাসী হসত্যত্র তাংশ্চাকারয়তি প্রভুঃ ॥ ৪
তানুদ্দিশ্য স্বকোপেন স প্রভাষিষ্যতে তদা। ৫

পুণ্যবান্‌দের মণ্ডলীতে দাঁড়াইতে পারিবে না। কেননা পরমেশ্বর ৬
পুণ্যবান্ লোকদের পথকে উত্তম জ্ঞান করেন, কিন্তু দুষ্ট লোকদের
পথ বিনষ্ট হইবে।

২ গীত।

১ খ্রীষ্টের শত্রুদের কথা, ৪ ও তাঁহার রাজ্য স্থাপনের ভবিষ্যদ্বাক্য, ১০ ও তাঁহার
বিষয়ে রাজগণের প্রতি নিবেদন।

ভিন্নজাতীয়েরা কেন কলহ করে? ও লোকেরা কেন অনর্থক চিন্তা ১
করে? পরমেশ্বরের ও তাঁহার অভিষিক্ত ব্যক্তির বিপরীতে ভূপ- ২
তিরা দণ্ডায়মান হয়, ও রাজারা পরস্পর এমত পরামর্শ করে:
'আইস, আমরা তাহাদের বন্ধন ছেদন করি, ও আপনাদের ৩
নিকটহইতে তাহাদের রজ্জু ফেলিয়া দি।'
ইহাতে স্বর্গনিবাসী হাস্য করিবেন, ও প্রভু তাহাদিগকে উপ- ৪
হাস করিবেন। তখন তিনি ক্রোধে তাহাদিগকে ব্যাকুল করিবেন, ৫

তান্ করিষ্যতি সত্রস্তান্ নিজক্রোধানলেন চ ॥

৬ ময়াপি হ্যাত্মনম্বন্ধী মনুজে পৃথিবীপতিঃ।

মামকীনে সিয়োনাখ্যে পবিত্রে ধরণীধরে ॥

৭ বিধিং নিবেদয়িষ্যামি মাম্ অবোচৎ পরেশ্বরঃ।

মদীয়স্তনয়োঽসি ত্বম্ অদ্যাহং ত্বামজীজনং ॥

৮ মত্তো যাচস্ব তেনাহং তুভ্যং পৈতৃকবিত্তবৎ।

সর্ব্বজাতীঃ প্রদাস্যামি ক্ষিতেরন্তাংশ্চ দায়বৎ ॥

৯ ত্বঞ্চ লৌহেন দণ্ডেন তান্ লোকান্ চারয়িষ্যসি।

পাত্রাণীব কুলালস্য তাংশ্চ চূর্ণীকরিষ্যসি ॥

১০ অতো হে ক্ষিতিপা যূয়ং জ্ঞানিনো ভবতাধুনা।

হে পৃথিব্যা নিয়ন্তারো যূয়ং গৃহ্নীত শাসনং ॥

১১ যুষ্মাভিঃ সাধ্বসং প্রাপ্য সেব্যতাং পরমেশ্বরঃ।

কম্পমানৈস্তমুদ্দিশ্য ক্রিয়তাঞ্চ জয়ধ্বনিঃ ॥

১২ পুত্রং চুম্বত নো চেৎ স ক্রোধাক্রান্তো ভবিষ্যতি।

---

৬ ও কোপে এই কথা কহিবেন; ‘আমি আপন কৃত রাজাকে আপনার পবিত্র সিয়োন্ পর্ব্বতে অভিষিক্ত করিলাম।’

৭ আমি নিয়ম প্রকাশ করিব; পরমেশ্বর আমাকে কহিয়াছেন, ‘তুমি আমার পুত্র, অদ্য আমি তোমাকে জন্ম দিলাম।

৮ আমার নিকটে যাচ্ঞা কর, তাহাতে আমি তোমার অধিকারের নিমিত্তে ভিন্নজাতীয়দিগকে, ও তোমার রাজ্যের নিমিত্তে ভূমণ্ড-

৯ লের প্রান্তস্থিত সকলকে তোমাকে দিব। তুমি তাহাদিগকে লৌহদণ্ডদ্বারা আঘাত করিবা, ও কুম্ভকারের পাত্রের ন্যায় চূর্ণ করিবা।’

১০ হে নৃপতিবর্গ, তোমরা এখন জ্ঞান পূর্ব্বক আচরণ কর; হে

১১ পৃথিবীর শাসকগণ, তোমরা উপদেশ গ্রহণ কর। সভয় হইয়া পর-

১২ মেশ্বরের সেবা কর, ও সকম্প হইয়া জয়ধ্বনি কর। তিনি যেন ক্রুদ্ধ

তব লোচনয়োরগ্রে ন স্থাস্যন্ত্যভিমানিনঃ। ৫
বিদ্বিষ্যন্তে ত্বয়া সর্ব্বে চাধর্ম্মাচারিণাজনাঃ।।
ত্বয়া বিনাশয়িষ্যন্তে লোকাশ্চানৃতবাদিনঃ। ৬
রক্তপাতী ছলী চাপি পরেশ গর্হ্যতে ত্বয়া।।
কিন্ত্বহং তে মহাস্নেহাৎ প্রবেক্ষ্যামি ত্বদালয়ং। ৭
ত্বাঞ্চাদৃত্য প্রণংস্যামি পূতং তে মন্দিরং প্রতি।।
পরেশ মাং স্বধর্ম্মেণ নয় মদ্দ্বেষিণাং কৃতে। ৮
সরলং কুরু পন্থানং ত্বদীয়ং মম সম্মুখে।।
নাস্তি তেষাং মুখে সত্যং তেষামন্তর্ভবা বিপৎ। ৯
কণ্ঠস্তেষাং মনুষ্যাণাং শবগর্ত্তো হ্যনাবৃতঃ।
রসনাঞ্চ স্বকীয়াং তে কুর্ব্বতে চাটুবাদিনীং।।
দোষিণঃ কুরু তান্ ঈশ নিজমন্ত্রৈঃ পতন্তু তে। ১০
অপরাধবহুত্বাদ্ধি নিক্ষিপ্যন্তাঞ্চ তে ত্বয়া।
যতো হেতোরকুর্ব্বংস্তে তব শাসনলঙ্ঘনং।।

না। অহঙ্কারিগণ তোমার সাক্ষাতে দাঁড়াইতে পারে না; তুমি ৫
দুষ্কর্ম্মি সকলকে ঘৃণা করিতেছ। মিথ্যাবাদিদিগকে নষ্ট করিবা, ৬
এবং হে পরমেশ্বর, তুমি হত্যাকারি ও কপটি সকলকে নিগ্রহ
করিবা। কিন্তু আমি তোমার প্রচুর অনুগ্রহেতে তোমার মন্দিরে ৭
প্রবেশ করিব, ও তোমার ধর্ম্মধামের দিগে সম্মুখ হইয়া সভয়ে
তোমার ভজনা করিব।

হে পরমেশ্বর, আমার বৈরিগণ প্রযুক্ত তোমার ধর্ম্মপথে আমাকে ৮
লইয়া যাও, এবং আমার সম্মুখে তোমার মার্গ সরল কর। কারণ ৯
তাহাদের মুখে প্রকৃত বাক্য নাই, ও তাহাদের অন্তঃকরণ দুষ্ট;
তাহাদের গলার নলী অনাবৃত কবরস্বরূপ, তাহারা জিহ্বাদ্বারা
স্তুতিবাদ করে। হে ঈশ্বর, তুমি তাহাদিগকে দণ্ড দেও, তাহারা ১০
আপন ২ পরামর্শদ্বারাই পতিত হউক; এবং তাহাদের প্রচুর দুষ্ট-
তাদ্বারা তাহাদিগকে অধঃক্ষিপ্ত কর, কেননা তাহারা তোমার

১১ তেন ত্বদাশ্রিতাঃ সর্ব্বে গমিষ্যন্তি প্রফুল্লতাং।
আনন্দিষ্যন্তি নিত্যঞ্চ রক্ষিষ্যন্তে ত্বয়া চ তে।
ত্বন্নাম্নি প্রীয়মাণাশ্চ করিষ্যন্তি জয়ধ্বনিং॥
১২ যতো হে পরমেশ ত্বং ধন্যং করোষি ধার্ম্মিকং।
চর্ম্মণেব প্রসাদেন তঞ্চাচ্ছাদয়সি ধ্রুবং॥

ষষ্ঠং গীতং।

বিপদি দায়ূদো বিলাপঃ।

যন্ত্রবাদ্যনিয়ন্ত্রে দাতব্যম্ অষ্টমস্বরযুক্তং
দায়ূদো ধর্ম্মগীতং।

১ পরমেশ্বর কোপেন নহি মাং পরিভর্ৎসয়।
তব ক্রোধস্য তাপেন দণ্ডনং মম মা কুরু॥
২ হে পরেশ বিষণ্ণোঽহং প্রসাদং কুরু মাং প্রতি।
হে পরেশ মদস্থীনি ত্রস্যন্তি ত্বং ভিষজ্য মাং॥

---

১১ আজ্ঞা লঙ্ঘন করিয়াছে। তাহাতে তোমার শরণাগত তাবৎ লোক আনন্দিত হইবে, এবং তোমাদ্বারা রক্ষিত হওন প্রযুক্ত সর্ব্বদা হৃষ্টচিত্ত হইবে; এবং যাহারা তোমার নামে প্রেম করে, তাহারা তো-
১২ মাতে উল্লাস করিবে। হে পরমেশ্বর, তুমিই পুণ্যবান্ লোককে আশীর্ব্বাদ করিবা, ও অনুগ্রহরূপ ঢালেতে তাহাকে আবৃত করিবা।

৬ গীত।

বিপদসময়ে দায়ূদের বিলাপ।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য অষ্টম স্বরযুক্ত দায়ূদের
এক ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, ক্রোধেতে আমাকে অনুযোগ করিও না, ও কো-
২ পেতে আমাকে শাস্তি দিও না। হে পরমেশ্বর, আমি ক্ষীণ হইলাম, আমাকে কৃপা কর; হে পরমেশ্বর, আমার অস্থি সকল কাঁপিতেছে,

ত্রস্যন্ত্যতীব মে প্রাণাস্ত্বং পরেশ কিয়চ্চিরং ॥ ৩
হে পরেশ পরাগচ্ছ মম প্রাণান্ বিমোচয়। ৪
তাবকীনপ্রসাদেন পরিত্রাণঞ্চ মে কুরু ॥
যস্মাৎ প্রাণবিয়োগে হি তে স্মৃতি র্নহি বিদ্যতে। ৫
প্রশংসা তব বা কেন পরলোকে করিষ্যতে ॥
মম ক্লান্তি র্হি সঞ্জাতা দীর্ঘনিঃশ্বাসতো মম। ৬
কৃৎস্নাং রাত্রিং নিজাং শয্যাং জলসিক্তাং করোম্যহং।
মামকীনাশ্রুভিঃ খট্বাং দ্রবীভূতাং করোমি চ ॥
মচ্চক্ষুঃ ক্ষীয়তে দুঃখাৎ শত্রুসঙ্ঘাচ্চ জীর্য্যতি ॥ ৭
হে দুষ্কর্মকৃতো যূয়ং সর্ব্বে মত্তঃ প্রগচ্ছত। ৮
যস্মান্মৎক্রন্দিতং রাবং শ্রুতবান্ পরমেশ্বরঃ ॥
মদীয়ানুনয়োক্তি র্হি পরমেশেন সংশ্রুতা। ৯
প্রার্থনা মামকীনা চ পরমেশেন গৃহ্যতে ॥
লজ্জিষ্যন্তে ত্রসিষ্যন্তি চারয়ঃ সকলা মম। ১০
সর্ব্বে প্রত্যাগমিষ্যন্তি চাকস্মাদেব লজ্জিতাঃ ॥

আমাকে সুস্থ কর। হে পরমেশ্বর, আমার প্রাণ অতি ব্যাকুল হই- ৩
তেছে, কত কাল বিলম্ব করিবা? হে পরমেশ্বর, ফিরিয়া আইস, ৪
আমার প্রাণকে মুক্ত কর, তোমার দয়াগুণে আমাকে পরিত্রাণ কর।
কেননা মৃত্যুদশাতে তোমার স্মরণ হইবে না; পরলোকে তোমার ৫
প্রশংসা কে করিবে? আমি কোঁকাইতে২ শ্রান্ত হই, সমস্ত রাত্রি ৬
অশ্রুপাতে শয্যা ভাসাই, ও নয়নজলে খাট ভিজাই। রোদনেতে ৭
আমার চক্ষু ক্ষীণ হইল, ও আমার তাবৎ বৈরি প্রযুক্ত নয়ন নি-
স্তেজ হইল। হে কুকর্ম্মকারি সকল, তোমরা আমার নিকটহইতে ৮
দূর হও, পরমেশ্বর আমার ক্রন্দনের রব শুনিলেন। পরমেশ্বর আ- ৯
মার প্রার্থনা শুনিলেন, ও পরমেশ্বর আমার বিনয় বাক্য গ্রাহ্য করি-
লেন। আমার তাবৎ শত্রু লজ্জিত ও ব্যাকুল হইবে, তাহারা পরা- ১০
ঙ্মুখ হইয়া হঠাৎ লজ্জিত হইবে।

৭ সপ্তমং গীতং।

১ শত্রোঃ কূশস্যাপবাদে দায়ূদা স্বনির্দোষত্বপ্রকাশনং
১০ কূশস্য বিনাশপ্রকাশনঞ্চ।

বিন্যামীনীয়কূশস্য বাক্যান্যধি পরমেশ্বরায়
নিবেদিতং দায়ূদো ব্যাকুলতাসূচকং গীতং।

১ হে মৎপ্রভো পরেশ ত্বাং শরণং গতবানহং।
মদুপদ্রাবিসঙ্ঘাৎ ত্বং মাং ত্রায়স্বাভিরক্ষ চ॥

২ নো চেন্মজ্জীবিতং তেন সিংহেনেব বিভেৎস্যতে।
পরিদারয়িতা মহ্যং পশ্চ রক্ষকবর্জ্জিতং॥

৩ ময়া চেৎ তৎ কৃতং কর্ম্ম মৎপ্রভো পরমেশ্বর।
মম হস্তদ্বয়ে লগ্না খলতা যদি বিদ্যতে॥

৪ স্বমিত্রস্যাপকারো বা ময়া চেৎ পরিকল্পিতঃ।
মাঞ্চ যো হ্যকারণাদ্ দ্বেষ্টি স চেদ্ব্যথীকৃতো ময়া॥

৫ তর্হি মে জীবিতং শত্রুরনুক্রত্য সমাপ্নুয়াৎ॥

---

৭ গীত।

১ শত্রু কূশের অপবাদ বিষয়ে দায়ূদের আপনাকে নির্দ্দোষ করণ, ১০ ও কূশের বিনাশ প্রকাশ করণ।

বিন্যামীনীয় কূশের কথার বিষয়ে পরমেশ্বরের নিকটে
দায়ূদের ব্যাকুলতাসূচক গীত।

১ হে আমার প্রভো পরমেশ্বর, আমি তোমার শরণাগত, তুমি আ-
২ মাকে তাবৎ তাড়নাকারিহইতে উদ্ধার কর ও রক্ষা কর; নতুবা
শত্রু আমাকে অরক্ষক দেখিয়া সিংহের ন্যায় বিদীর্ণ করিয়া ছিন্নভিন্ন
৩ করিবে। হে আমার প্রভো পরমেশ্বর, আমি যদি মন্দ কর্ম্ম করিয়া
৪ থাকি, ও আমার হস্তে যদি কুকর্ম্ম হইয়া থাকে; ও যদি উপকারি
লোকের অপকার করিয়া থাকি, এবং যে জন অকারণে আমার
৫ বৈরী, তাহার প্রতি যদি অন্যায় করিয়া থাকি; তবে শত্রুগণ
আমার নাশার্থে পশ্চাৎ ধাবমান হইয়া আমাকে ধরুক, ও আ-

মৎপ্রাণান্ মর্দ্দয়েদ্ভূমৌ ধূলৌ মে বাসয়েৎ শ্রিয়ং॥ সেলা॥
পরমেশ ত্বমুত্তিষ্ঠ নিজকোপপুরঃসরং। ৬
মামকীনবিপক্ষেষু ক্রোধাবিষ্টেষু প্রোন্নম।
মদর্থঞ্চ প্রবুধ্যস্ব ত্বং বিচারস্য সাধকঃ॥
প্রজানাঞ্চ সমাজস্ত্বাং চতুর্দ্দিক্ষু প্রবেষ্টতাং। ৭
তদূর্দ্ধ্বেনৈব চারোহ স্থানমুচ্চতমং পুনঃ॥
পরমেশেন জাতীনাং বিচারঃ সংবিধীয়তে। ৮
পরমেশ ত্বয়া তস্মান্মে বিচারো বিধীয়তাং।
পুণ্যত্বস্বত্বয়ো র্যোগ্যো ময়ি সন্তিষ্ঠমানয়োঃ॥
প্রার্থয়ে দুশ্চরিত্রাণাং দুষ্টতা শেষমাপ্নুয়াৎ। ৯
ধর্ম্মাচারিমনুষ্যশ্চ ত্বয়া সংস্থাপ্যতাং ধ্রুবং।
অন্তর্যাম্যসি চিত্তজ্ঞস্ত্বং পরেশ্বর ধার্ম্মিক॥
মৎপ্রাণমীশ্বরাবস্থং স রক্ষী সরলাত্মনাং॥ ১০
ঈশ্বরেণ বিচারো হি ধার্ম্মিকস্য বিধীয়তে। ১১

মার প্রাণকে ভূমিতে দলিত করুক, এবং আমার সম্ভ্রমকে ধূলায় নিপাত করুক। সেলা। হে পরমেশ্বর, ক্রোধেতে উঠ, ও আমার ৬ বৈরিদের কোপ প্রযুক্ত গাত্রোত্থান কর; এবং আমার নিমিত্তে জাগ্রৎ হও, কেননা তুমি বিচারকর্ত্তা; এবং লোকসমূহ তো- ৭ মাকে বেষ্টন করিবে; তুমি তাহাদের ঊর্দ্ধে পুনর্ব্বার উচ্চস্থানে গমন করিও। হে পরমেশ্বর, তুমি লোকদের বিচারকর্ত্তা; হে ৮ পরমেশ্বর, আমার ধর্ম্ম ও সৎস্বভাবানুসারে আমার বিচার কর। বিনয় করি, পাপিদের দুষ্টতার শেষ হউক, কিন্তু তুমি পুণ্য- ৯ বানদিগকে সুস্থির কর; কেননা হে ন্যায়বান্ ঈশ্বর, তুমি সকলের অন্তঃকরণ ও মনের পরীক্ষক।

ঈশ্বর আমার ঢালস্বরূপ, তিনিই সরলান্তঃকরণের নিস্তারক। ১০
ঈশ্বর ধার্ম্মিকের প্রতিফলদাতা, তিনি সমস্ত দিন পাপির প্রতি ১১

পরিক্রুধ্যতি সর্ব্বাহম্ ঈশ্বরো দুর্জ্জনায় চ ॥

১২ ন পরাবর্ত্তিতে তস্মিন্ স স্বাসিং শাণয়িষ্যতি।
স্বীয়চাপঞ্চ বিস্ফার্য্য মৌর্ব্যা সংযোজয়িষ্যতি ॥

১৩ তং কৃতান্তস্য চাস্ত্রাণাং লক্ষ্যবৎ স্থাপয়িষ্যতি।
স্বকীয়াংশ্চ শরান্ সর্ব্বান্ অগ্নিবাণান্ করিষ্যতি ॥

১৪ পশ্যাসৌ ব্যথয়াধর্ম্মম্ উৎপাদয়িতুমুদ্যতঃ।
ক্লেশস্তেন ধৃতো গর্ব্ভে ব্যর্থতা চাভিজায়তে ॥

১৫ ভূমিং ছিত্ত্বা গভীরশ্চ কূপস্তেন বিনির্ম্মিতঃ।
তস্মিন্নাত্মকৃতে খাতে পতনং তস্য জায়তে ॥

১৬ তেন সঙ্কল্পিতঃ ক্লেশস্তচ্ছিরশ্চাশুয়িষ্যতি।
দৌরাত্ম্যঞ্চ কৃতং তেন তৎসীমন্তে পতিষ্যতি ॥

১৭ পরমেশং নবিষ্যামি তদীয়ন্যায়কারণাৎ।
প্রগাস্যামি পরেশস্য সর্ব্বোৎকৃষ্টস্য নাম চ ॥

---

১২ ক্রোধকারী ঈশ্বর; সে যদি না ফিরে, তবে তিনি আপনার খড়্গে শাণ দিবেন, ও আপন ধনুকে চাড়া দিয়া প্রস্তুত করি-
১৩ বেন; এবং তাহার নিমিত্তে সংহারক অস্ত্র প্রস্তুত করিবেন, ও
১৪ আপনার বাণ সকল অগ্নিতে প্রজ্বলিত করিবেন। দেখ, সে পাপে গর্ব্ভধারণ করিত ও কুসন্ধানে পূর্ণগর্ব্ভ হইত ও মিথ্যা
১৫ প্রসব করিত। সে যে কূপ খনন করিয়া গভীর করিয়াছে,
১৬ আপনার কৃত সেই খাতে আপনি পতিত হইবে। তাহাতে তাহার কুসন্ধান তাহারই প্রতি ফলিবে, ও তাহার দৌরাত্ম্য
১৭ তাহারই মস্তকে বর্ত্তিবে। কিন্তু পরমেশ্বরের ন্যায় প্রযুক্ত আমি তাঁহার প্রশংসা করিব, ও সর্ব্বোপরিস্থ পরমেশ্বরের নামে গান করিব।

৮ অষ্টমং গীতং।

১ ঈশ্বরীয়গুণানাং ৩ মনুষ্যাম্ প্রতি তদীয়ানুগ্রহস্য চ প্রশংসনং।

বাদ্যনিযন্ত্রে দাতব্যং গিত্তীত্নামকস্বরযুক্তং দায়ূদো ধর্ম্মগীতং।

পরমেশ্বর নঃ স্বামিন্ সর্ব্বত্র পৃথিবীতলে। ১
কীদৃগাদরণীয়ং হি ত্বদীয়ং নাম বিদ্যতে।
তব প্রতাপদানেন শোভতে ব্যোমমণ্ডলং॥
বালানাং স্তনপানাঞ্চ বক্ত্রাৎ ত্বং ব্যদধা বলং। ২
ত্বদীয়দ্বেষিণাং হেতোঃ শত্রো রেষ্টুশ্চ দান্তয়ে॥
যদা পশ্যামি তে ব্যোম ত্বদীয়াঙ্গুলিভিঃ কৃতং। ৩
চন্দ্রবিম্বঞ্চ তারাশ্চ তত্র সংস্থাপিতাস্ত্বয়া॥
তদা বদামি মর্ত্ত্যঃ কো যৎ স সংস্মর্য্যতে ত্বয়া। ৪
কো বা মানবসন্তানো যৎ ত্বয়া সমবেক্ষ্যতে॥
দিব্যদূতগণেভ্যঃ স কিঞ্চিম্ন্যূনঃ কৃতস্ত্বয়া। ৫

---

৮ গীত।

১ ঈশ্বরের স্তব, ৩ ও মনুষ্যদের প্রতি তাঁহার অনুগ্রহের প্রশংসা।

প্রধান বাদ্যকরকে দাতব্য গিত্তীৎ নামক স্বরযুক্ত দায়ূদের এক ধর্ম্মগীত।

১ হে আমাদের প্রভো পরমেশ্বর, সমস্ত পৃথিবীতে তোমার নাম কেমন আদরণীয়! এবং গগণের ঊর্দ্ধে তোমার তেজ স্থাপিত হইয়াছে। ২ তুমি আপন বৈরিগণ প্রযুক্ত, অর্থাৎ শত্রু ও হিংসাকারিকে দমন করণার্থে বালক ও দুগ্ধপোষ্য শিশুদের মুখহইতে জয়ধ্বনি প্রকাশ করিতেছ।

৩ তোমার অঙ্গুলীদ্বারা নির্ম্মিত যে আকাশমণ্ডল, ও তোমাকর্ত্তৃক স্থাপিত যে চন্দ্র ও তারাগণ, তাহা নিরীক্ষণ করিলে আমি বলি, ৪ মর্ত্ত্য কে, যে তুমি তাহাকে স্মরণ কর? এবং মনুষ্যসন্তানই বা কে, যে তাহার তত্ত্বাবধারণ কর? ৫ তুমি দিব্য দূতগণ অপেক্ষা

তেজোগৌরবরূপেণ কিরীটেন চ ভূষিতঃ॥

৬ করয়োস্তব কার্য্যাণাং প্রভুত্বে স নিয়োজিতঃ।

স্থাপিতঞ্চ ত্বয়া সর্ব্বং বস্তু তৎপাদয়োরধঃ॥

৭ মেষা গাবশ্চ সর্ব্বে হি সর্ব্বে চারণ্যজন্তবঃ॥

৮ খেচরাঃ পক্ষিণশ্চাপি মীনাশ্চার্ণববাসিনঃ।

সামুদ্রমার্গগামীনি সর্ব্বাণি তদ্বশানি চ॥

৯ পরমেশ্বর নঃ স্বামিন্ সর্ব্বত্র পৃথিবীতলে।

কীদৃগাদরণীয়ং হি ত্বদীয়ং নাম বিদ্যতে॥

---

৯ নবমং গীতং।

১ জয়স্য নিমিত্তমীশ্বরস্য প্রশংসনং ১৩ স্বাহিন উপকারস্য হেতোঃ প্রার্থনং।

বাদ্যনিযন্ত্রে দাতব্যং পুত্রমরণনামকস্বরযুক্তং দায়ূদো ধর্ম্মগীতং।

১ সর্ব্বান্তঃকরণেনাহং ত্বাং স্তোষ্যামি পরেশ্বর।

বর্ণয়িষ্যামি সর্ব্বাণি তে কর্ম্মাণ্যদ্ভুতানি চ॥

তাহাকে অল্প (কাল) ন্যূন করিয়াছ, ও গৌরব ও সম্ভ্রমরূপ ৬ মুকুটেতে বিভূষিত করিয়াছ। তোমার হস্তকৃত তাবৎ বস্তুর ৭ উপরে তাহাকে কর্ত্তৃত্ব দিয়াছ। এবং সকল বস্তু, অর্থাৎ গো ৮ মেষাদি সকল ও বন্য পশুগণ, ও খেচর পক্ষী ও সমুদ্রের ৯ মৎস্য ও জলচর জন্তু সকল তাহার পদতলস্থ করিয়াছ। হে আমাদের প্রভো পরমেশ্বর, সমস্ত পৃথিবীতে তোমার নাম কেমন আদরণীয়।

৯ গীত।

১ জয়ের নিমিত্তে ঈশ্বরের প্রশংসা, ১৩ ও অাদি উপকারের জন্যে প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য পুত্রের মরণ নামে স্বরযুক্ত দায়ূদের এক ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, আমি সর্ব্বান্তঃকরণের সহিত তোমার প্রশংসা

ত্বয্যহং পরিতোক্ষ্যামি করিষ্যামি চ নন্দনং। ২
উপগাস্যাম্যহং নাম তব সর্ব্বোপরিস্থিত॥

যতো হেতো র্বিপক্ষা মে পলায়ন্তে পরাঙ্মুখাঃ। ৩
স্খলন্তস্তব সাক্ষাত্তে বিনাশং প্রাপ্নুবন্তি চ॥

যতঃ কৃত্বা বিচারং ত্বং ধর্ম্মং নির্ণীতবান্ মম। ৪
স্বসিংহাসন আসীনো ন্যায়কারী বিচারকঃ॥

ভর্ৎসয়িত্বান্যজাতীয়ান্ দুরাত্মানং বিনাশ্য চ। ৫
ত্বমেবানন্তকালার্থং তেষাং নাম বিলুপ্তবান্॥

বৈরিণাং জীর্ণগেহানি ধ্বংসিতানি নিরন্তরং। ৬
ত্বয়া পুরেষু ভগ্নেষু লুপ্তা তেষামপি স্মৃতিঃ॥

পরমেশঃ সদাকালম্ অধ্যাসীনো ভবিষ্যতি। ৭
নিজসিংহাসনং তেন বিচারার্থং স্থিরীকৃতং॥

শাসনং নরলোকস্য স ন্যায়েন বিধাস্যতি। ৮
জাতীনাঞ্চ বিচারং স যাথার্থ্যেন করিষ্যতি॥

করিব, ও তোমার তাবৎ আশ্চর্য্য ক্রিয়া বর্ণনা করিব; এবং ২ তোমাতে আনন্দ করিয়া সুখী হইব; হে সর্ব্বোপরিস্থ প্রভো, আমি তোমার নামে গান করিব। আমার শত্রুগণ পরাঙ্মুখ ৩ হইয়া তোমার সাক্ষাতে পতিত ও বিনষ্ট হইতেছে। কেননা ৪ তুমি আমার বিচার ও বিবাদ নিষ্পত্তি করিলা, ও সিংহাসনে বসিয়া যথার্থ বিচার করিলা। এবং অন্যজাতীয়দিগকে ৫ অনুযোগ ও দুষ্টদিগকে সংহার করিলা, এবং সদাকাল তাহাদের নাম লোপ করিলা। সদাকালের নিমিত্তে শত্রুদিগকে ৬ পূর্ণরূপে উচ্ছিন্ন করিয়া তাহাদের সকল নগরের ধ্বংস করিলা, এবং তাহাদের স্মৃতিও বিনষ্ট হইল। পরমেশ্বর সদাকালস্থায়ী, ৭ তিনি বিচার করিতে আপন সিংহাসন প্রস্তুত করেন। তিনি ৮ ন্যায়েতে জগতের বিচার করিবেন, ও যাথার্থ্যে লোকদের

৯　পীড়িতস্য মনুষ্যস্য প্রোচ্চদুর্গং পরেশ্বরঃ।
সঙ্কটস্যৈব কালেষু প্রোচ্চদুর্গস্বরূপকঃ॥
১০　যেঽভিজানন্তি তে নাম ত্বয়ি তে বিশ্বসন্তি হি।
পরমেশ ত্বমন্বেষ্টৄন্ ত্বং ন ত্যজসি কর্হিচিৎ॥
১১　অধ্যাসীনায় সীয়োনে পরমেশায় গায়ত।
তস্যোৎকৃষ্টানি কর্ম্মাণি সর্ব্বলোকেষু শংসত॥
১২　যস্মাদ্ রক্তানুসন্ধাতা রক্তপাতো ঽনুচিন্ত্যতে।
দুর্গতানাং বিলাপশ্চ তেন বিস্মর্য্যতে নহি॥
১৩　মাং পরেশ দয়স্ব ত্বং দুর্গতিং পশ্য মেঽরিজাং।
ত্বং দ্বারেভ্যঃ কৃতান্তস্য মদীয়োদ্ধারকারকঃ॥
১৪　সিয়োনাখ্যকুমার্য্যা হি গোপুরেষু যতো ময়া।
বক্তব্যা তেঽখিলা কীর্ত্তি র্নন্দতা তব তারণাৎ॥
১৫　অমজ্জন্ খাতে গর্ত্তে মানবা ভিন্নবংশজাঃ।

---

৯ বিচারাজ্ঞা দিবেন। পরমেশ্বর ক্লিষ্ট লোকদের দুর্গস্বরূপ, তিনি
১০ বিপদসময়েই তাহাদের দুর্গস্বরূপ। হে পরমেশ্বর, যাহারা তো-
মার নাম জ্ঞাত আছে, তাহারা তোমাতে বিশ্বাস করে, যে-
হেতুক তুমি আপনার অন্বেষণকারি লোকদিগকে পরিত্যাগ
১১ কর না। তোমরা সিয়োন্ নিবাসি পরমেশ্বরের নামে গান কর,
১২ ও লোকদের মধ্যে তাঁহার আশ্চর্য্য ক্রিয়া প্রকাশ কর। যিনি
রক্তপাতের ফলদাতা, তিনি তাহা স্মরণ করেন, দুঃখি লো-
কের কাতরোক্তি কখন বিস্মৃত হন না।
১৩　হে পরমেশ্বর, আমার প্রতি দয়া কর, ও ঘৃণাকারিগণহইতে
আমার যে ক্লেশ হয় তাহার প্রতি দৃষ্টিপাত কর, তুমিই
১৪ মৃত্যুদ্বারহইতে আমার উদ্ধারকর্ত্তা। তাহাতে আমি সিয়োন্
নগরের দ্বারে তোমার সমস্ত গুণের বর্ণনা করিব, ও তোমার কৃত
১৫ পরিত্রাণেতে উল্লাস করিব। অন্যজাতীয় লোকেরা আপনাদের
খোদিত খাতেতেই আপনারা ডুবিয়াছে, ও গোপনে বিস্তারিত

অপতন্ স্বখাতাহ্রদে মূঢাস্তে স্বপাশিতে ॥
পরমেশো বিচারেণ স্বকীয়েন প্রকাশতে। ১৬
আত্মহস্তার্জ্জিতৈর্দুষ্টঃ বদ্ধস্তু স্বকর্ম্মণা ॥ হিগায়োন্। সেলা ॥
নরকে নিপতিষ্যন্তি দুরাত্মানো হি মানবাঃ। ১৭
ভিন্নজাতীয়লোকাশ্চ সকলা বিস্মৃতেশ্বরাঃ ॥
যতো হেতো দরিদ্রো ন ভবিষ্যত্যস্মৃতঃ সদা। ১৮
দীনানাঞ্চ প্রতীক্ষা ন সর্ব্বকালং বিনঙ্ক্ষ্যতি ॥
পরমেশ সমুত্তিষ্ঠ মর্ত্ত্যো মা প্রবলো ভবেৎ। ১৯
মানবা অন্যজাতীয়া বিচার্য্যন্তাং তবান্তিকে ॥
পরমেশ ভয়ং তেষাং চিত্তে জাতো নিযুজ্যতাং। ২০
বিজানন্ত্বন্যজাতীয়াঃ স্বান্ হি মর্ত্ত্যস্বরূপকান্ ॥ সেলা ॥

আপনাদের জালেতেই আপনারা বদ্ধচরণ হইয়াছে। পরমেশ্বর ১৬ আপনাকে প্রকাশ করিয়া বিচার করিয়াছেন, এবং দুষ্ট স্বহস্তের কর্ম্মদ্বারা ধরা পড়িয়াছে। হিগায়োন। সেলা। দুষ্ট লোকেরা ও ১৭ ঈশ্বরবিস্মৃত অন্যজাতীয় সকলে নরকে নিক্ষিপ্ত হইবে। কেননা ১৮ দরিদ্রগণ সর্ব্বদা তাঁহার বিস্মরণের পাত্র থাকিবে না, এবং দুঃখি-গণের আশা সদাকালের নিমিত্তে বিনষ্ট থাকিবে তাহা নহে। হে ১৯ পরমেশ্বর, উঠ; মনুষ্যকে জয়ী হইতে দিও না, তোমার সাক্ষাতে অন্যজাতীয়দের বিচার করিতে আজ্ঞা হউক। হে পরমেশ্বর তাহা- ২০ দের মনেতে ভয় জন্মাও; অন্যজাতীয়েরা মনুষ্যমাত্র, ইহা তাহারা জ্ঞাত হউক।

১০ দশমং গীতং।

১ পাপিলোকানাং বিষয়ে মনুষ্যঃ খেদকরণং, ১২ ঈশ্বরং প্রতি তেভ্যো রক্ষায়াঃ প্রার্থনঞ্চ।

১ পরমেশ কিমর্থং ত্বং দূরবর্ত্ত্যবতিষ্ঠসে।
কুতো বিপত্তিকালেষু তব নেত্রে নিমীলিতে॥
২ দুষ্টলোকস্য দর্পেণ তাপ্যন্তে দীনমানবাঃ।
ছলৈঃ সঙ্কল্পিতৈস্তেন আবদ্ধা ভবন্তি চ॥
৩ নিজচিত্তস্য লোভেন দুরাত্মা কথতে ধ্রুবং।
প্রাপ্তলাভঃ পরেশঞ্চ ধন্যমুক্ত্বাবমন্যতে॥
৪ ঊর্দ্ধদৃষ্ট্যা দুরাত্মা চ ন করোতি বিবেচনং।
সর্ব্বাসাং তস্য চিন্তানাং সারো নাস্তীশ্বরস্ত্বিতি॥
৫ সর্ব্বকালে গতিস্তস্য সমাপ্নোতি কৃতার্থতাং।
উন্নতাস্তব দণ্ডাজ্ঞা ন তস্যেন্দ্রিয়গোচরাঃ।
তস্য বিরোধিনঃ সর্ব্বে বিধ্মায়ন্তে চ তেন হি॥
৬ স স্বান্তঃকরণে বক্তি ন চলিষ্যামি কর্হিচিৎ।
পুরুষানুক্রমং যাবদ্ ভবিষ্যামি নিরাপদঃ॥

---

১০ গীত।

১ পাপি লোকদের বিষয়ে মানুষের খেদ করণ, ১২ ও ঈশ্বরের প্রতি তাহাদের হইতে রক্ষার প্রার্থনা করণ।

১ হে পরমেশ্বর, তুমি কেন দূরে দাঁড়াইয়া থাক? দুর্দ্দশার সময়ে ২ কেন লুক্কায়িত থাক? দুষ্ট লোকের গর্ব্বপ্রযুক্ত দুঃখিগণ দগ্ধ হয়, ও ৩ তাহারা কল্পিত ছলে ধৃত হয়। দুষ্ট লোক আপন মনোরথ বিষয়ে দর্প করে, এবং লোভী ধন্যবাদ করিতে২ পরমেশ্বরকে অবজ্ঞা করে। ৪ দুষ্ট লোক অহঙ্কার প্রযুক্ত ঈশ্বরের অন্বেষণ করে না, এবং ঈশ্বর ৫ নাই, এই তাহার সমস্ত চিন্তার সার। তাহার সমস্ত গতিতে সর্ব্বদা সৌভাগ্য হয়; তোমার দণ্ডাজ্ঞা উচ্চ, তাহার অগোচর হয়; সে ৬ তাবৎ শত্রুর প্রতি ফুৎকার করে; এবং 'আমি কখনো স্থানভ্রষ্ট ও

শাপকাপট্যদৌরাত্ম্যৈঃ পরিপূর্ণং তদাননং। ৭
তজ্জিহ্বায়া অধঃ ক্লেশো দৌরাত্ম্যঞ্চ তিষ্ঠতঃ॥
স পল্লীনাং গুহ্যস্থানে চোপবিষ্টঃ প্রতীক্ষতে। ৮
তিষ্ঠন্ গুহ্যেষু বাসেষু নির্দোষং হন্তি মানবং।
তস্য লোচনযুগ্মঞ্চ দুঃখার্ত্তান্ অনুবর্ত্ততি॥
স গুপ্তে তিষ্ঠতি স্থানে গহ্বরাশ্রিতসিংহবৎ। ৯
দীনহীনং মনুষ্যঞ্চ দিধীর্ষুঃ সোঽবতিষ্ঠতে।
তেন স্বজালমাকৃষ্য ধ্রিয়তে দীনমানবঃ॥
চূর্ণঃ সীদতি দুঃখার্ত্তস্তস্য দোর্ভ্যাঞ্চ পাত্যতে॥ ১০
চিত্তে বক্তি দুরাত্মেদম্ ঈশ্বরো নষ্টসংস্মৃতিঃ। ১১
বক্ত্রমাচ্ছাদ্য দৃষ্টিং স ন কদাপি করিষ্যতি॥
পরমেশ সমুত্তিষ্ঠ করমুত্থাপয়েশ্বর। ১২
দীনহীনমনুষ্যা ন ভবেয়ু র্বিস্মৃতাস্ত্বয়া॥
কিমর্থমবজানীয়াদ্ ঈশ্বরং দুষ্টমানবঃ। ১৩

পুরুষানুক্রমে দুর্দ্দশাগ্রস্ত হইব না,' মনে২ এমত কহে। তাহার মুখ ৭
অভিশাপ ও কাপট্য ও শঠতাতে পরিপূর্ণ, এবং তাহার জিহ্বার
নিম্নভাগে ক্লেশ ও অন্যায় থাকে। সে গ্রামের গুপ্ত স্থানে বসিয়া ৮
নির্জ্জনেতে নির্দ্দোষকে বধ করে, ও তাহার চক্ষু দুঃখগ্রস্তকে [illegible]
বার জন্যে নিরীক্ষণ করে। এবং যেমন গহ্বরের মধ্যে সিংহ, তদ্রূপ ৯
সেও গুপ্ত স্থানে অপেক্ষাতে থাকে ও দুঃখিকে ধরিতে অপেক্ষা
করে; সে আপন জালে দুঃখিকে টানিয়া ধরে; তাহাতে সে বিদীর্ণ ১০
হইয়া পড়ে; এই রূপে বলবানেরা দুঃখগ্রস্ত লোককে ভূমিপাত
করে; এবং 'পরমেশ্বর বিস্মৃত হইয়াছেন, তাঁহার মুখ আচ্ছা- ১১
দিত, তিনি কখনো দেখিবেন না,' মনে২ এমত কহে।
হে পরমেশ্বর, উঠ; হে ঈশ্বর, আপনার হস্ত বিস্তার কর, দরি- ১২
দ্রদিগকে বিস্মৃত হইও না। দুষ্ট লোক কেন পরমেশ্বরকে তুচ্ছ- ১৩

ত্বয়া ন ক্রিয়তে দৃষ্টিরিতি চিত্তে বদেৎ কুতঃ॥
১৪ কৃতা দৃষ্টিস্ত্বয়া যস্মাৎ নিজহস্তেনর্পয়িষ্যতা।
ক্লেশকোপৌ ত্বয়েক্ষ্যেতে দুঃখার্ত্তস্য জনাশ্রয়ঃ।
অনাথস্যাপি লোকস্য ত্বমেবাস্যুপকারকঃ॥
১৫ ভংধি দুরাত্মনো বাহুং দুশ্চরিত্রজনস্য চ।
দুষ্টতামনুসন্ধায় তস্যাঃশেষং ন শেষয়॥
১৬ অনন্তকালপর্য্যন্তং রাজাস্তে পরমেশ্বরঃ।
উচ্ছিদ্যন্তে হন্যজাতীয়া লোকাস্তদ্রাষ্ট্রমধ্যতঃ॥
১৭ পরমেশ মনোবাঞ্ছা নম্রাণাং শ্রূয়তে ত্বয়া।
জায়ন্তে স্থিরচিত্তাস্তে কৃত্বা চাকর্ণনং ত্বয়া॥
১৮ অনাথক্লিষ্টয়োর্ধর্ম্মঃ সম্যক্ প্রকাশয়িষ্যতে।
ন পুন র্ভূমিজো মর্ত্ত্যো দৌরাত্ম্যমাচরিষ্যতি॥

বোধ করে? তুমি ইহার অনুসন্ধান করিবা না, সে মনে২ এমত
১৪ কহে। কিন্তু তুমি দেখিতেছ, কারণ তুমি স্বহস্তে উপদ্রবের ও
ক্লেশের প্রতিফল দিবার নিমিত্তে তাহার প্রতি দৃষ্টিপাত করিতেছ;
তুমি পিতৃহীনের উপকারক, এই কারণ দুঃখগ্রস্ত লোক তোমার
১৫ হস্তে আপন প্রাণ সমর্পণ করে। তুমি দুষ্ট ও দুরন্ত লোকের বাহু
১৬ ভগ্ন কর, এবং শেষ পর্য্যন্ত তাহার দুষ্টতার অনুসন্ধান কর। পরমে-
শ্বর সদাকাল রাজা, ভিন্নজাতীয়েরা তাঁহার দেশহইতে লুপ্ত
১৭ হইয়াছে। হে পরমেশ্বর, তুমি দুঃখিদের প্রার্থনা শুনিয়া তাহাদের
১৮ মন সুস্থির করিবা। এবং সাংসারিক লোক যেন পুনর্ব্বার দৌরাত্ম্য
না করে, এই নিমিত্তে পিতৃহীন ও ক্লিষ্ট লোকদের বিচার করিতে
কর্ণপাত করিবা।

ত্রাণেন তাবকীনেন চানন্দিষ্যতি মে মনঃ।
গাস্যাম্যহং পরেশায় যস্মাৎ মাং স উপাকরোৎ॥ ৬

১৪ চতুর্দ্দশং গীতং।

পাপিলোকানাং দুষ্টত্বং তাদ্দুঃখঞ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো গীতং।

ঈশ্বরো নাস্তি বাগেষা চিত্তে মূঢ়েন পদ্যতে। ১
তে ভ্রষ্টা গর্হিতাচারা নাস্তি কোঽপি সুকর্ম্মকৃৎ॥
স্বর্গাত্মানবসন্তানান্ পরমেশো নিরীক্ষতে। ২
জ্ঞানাচারীশ্বরান্বেষী কোঽপ্যস্তীতি দিদৃক্ষতে॥
সর্ব্বে পরাঙ্মুখা জাতা যুগপদ্ বিকৃতিং গতাঃ। ৩
নাস্তি কোঽপি সদাচার একোঽপি নহি বিদ্যতে॥
কিং ন জানন্তি কিঞ্চিৎ তে সর্ব্বে দুষ্কর্ম্মকারিণঃ। ৪
অন্নবন্মৎপ্রজাভক্ষা নাহ্বয়ন্তঃ পরেশ্বরং॥

আমার মন উল্লাসিত হইবে। পরমেশ্বর আমার প্রতি অনুগ্রহ ৬
করিয়াছেন, এই নিমিত্তে আমি তাঁহার উদ্দেশে গান করিব।

১৪ গীত।

পাপি লোকদের দুষ্টতা ও তাদি দুঃখ।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের গীত।

'ঈশ্বর নাই,' অজ্ঞান লোক মনে২ এমত কহে। তাহারা দুষ্ট ও ১
ঘৃণ্যকর্ম্মকারী, সৎকর্ম্ম কেহই করে না। জ্ঞানী ও ঈশ্বরের তত্ত্বচেষ্টা- ২
কারী কেহ আছে কি না, ইহা জানিবার জন্যে পরমেশ্বর স্বর্গ
হইতে মনুষ্যসন্তানদের প্রতি নিরীক্ষণ করিয়া থাকেন। সকলে ৩
নিতান্ত বিপথগামী ও দুষ্কর্ম্মকারী; সৎকর্ম্ম কেহই করে না, এক
জনও না। এই কুকর্ম্মকারিদের কি কিছুই জ্ঞান নাই? তাহারা ৪
অন্নের ন্যায় আমার লোককে গ্রাস করে, ও পরমেশ্বরের কাছে

৫ মহাত্রাসেন সন্ত্রাস্তান্ স্থানে ভবন্তি তে।
যস্মাদ্ ধার্ম্মিকবংশস্য মধ্যবর্ত্তী পরেশ্বরঃ॥
৬ দুঃখিনো মন্ত্রণং যূয়ং কিং কলঙ্কং করিষ্যথ।
তদীয়াশ্রয়ভূমিস্তু জায়তে পরমেশ্বরঃ॥
৭ ইস্রায়েলঃ পরিত্রাণং সিয়োনাদ্ উদিয়াদ্ দ্রুতং।
বন্দীভূতান্ নিজান্ লোকান্ প্রত্যায়াতে পরেশ্বরে।
আনন্দিষ্যতি যাকুব ইস্রায়েলপি হর্ষিতা॥

---

১৫ পঞ্চদশং গীতং।

সিয়োননিবাসিনো বর্ণনং।

দায়ূদো ধর্ম্মগীতং।

১ পরমেশ তবাবাসে কঃ করিষ্যত্যবস্থিতিং।
পবিত্রে তব শৈলে বা কো নিবাসং করিষ্যতি॥
২ মানবঃ সরলাচারো ধর্ম্মকৃদ্ যদি সত্যবাক্।

---

৫ প্রার্থনা করে না। সেই স্থানে তাহারা বড় ভয় পাইবে, কেননা
৬ ঈশ্বর ধার্ম্মিক বংশের মধ্যবর্ত্তী। তোমরা কি দুঃখি লোকের পরামর্শ
৭ তুচ্ছ করিতেছ? দেখ, পরমেশ্বরই তাহার আশ্রয়। আহা, সি-
য়োনহইতে ইস্রায়েলের পরিত্রাণ হউক; তাহাতে পরমেশ্বর আপ-
নার লোকদিগকে দাসত্বহইতে মুক্ত করিলে যাকুব বংশ উল্লাসিত ও
ইস্রায়েল বংশ হৃষ্টচিত্ত হইবে।

১৫ গীত।

সিয়োননিবাসির বর্ণনা।

দায়ূদের ধর্ম্মগীত।

১ হে পরমেশ্বর, তোমার আবাসে কে প্রবাস করিবে? ও তোমার
২ পবিত্র পর্ব্বতে কে বসতি করিবে? যে জন সরলতাচরণ ও ধর্ম্মকর্ম্ম

জিহ্বায়াঞ্চ ন বাগ্দুষ্টো মিত্রং প্রতি নাহিতকরঃ। ৩
সমীপবাসিলোকঞ্চ প্রতি নাপবাদকরঃ॥
যস্য দৃষ্ট্যা মনুষ্যশ্চ ধর্ম্মহীনোঽবমন্যতে। ৪
পরমেশ্বরভক্তানাং ক্রিয়তে যেন সৎকৃতিঃ।
কষ্টেঽপি শপথং কৃত্বা যেন ন ক্রিয়তেঽন্যথা॥
যদ্রৌপ্যং যেন বৃদ্ধ্যর্থং পরস্মিন্ ন সমর্প্যতে। ৫
নির্দ্দোষস্য বিরুদ্ধঞ্চ যেনোৎকোচো ন গৃহ্যতে।
নর এতাদৃশাচারো ন কদাপি স্খলিষ্যতি॥

---

১৬ ষোড়শং গীতং।

১ পরমেশ্বরে দায়ূদ আশ্রয়ণং, ৮ অনন্তপরমায়ুষঃ প্রতীক্ষণঞ্চ।

দায়ূদো গুপ্তধনস্বরূপং গীতং।

হে মদীশ্বর মাং রক্ষ যতো বিশ্বসিমি ত্বয়ি। ১
পরেশং মন্মনো বক্তি ত্বমেবাসি প্রভুর্মম। ২
ক্ষেমং ত্বদ্ব্যতিরিক্তং হি মম কিঞ্চিন্ন বিদ্যতে॥

করে, ও মনের সহিত সত্য কথা কহে; এবং জিহ্বাতে কাহারও ৩
গ্লানি করে না; ও মিত্রের অনিষ্ট করে না, ও প্রতিবাসির অপবাদ
করে না; এবং দুষ্ট লোককে তুচ্ছ বোধ করিয়া পরমেশ্বরভক্ত ৪
লোকের গৌরব করে, ও দিব্য করিলে আপনার ক্ষতি হইলেও
তাহার অন্যথা করে না; এবং কুসীদের লোভে ঋণ দেয় না, ও ৫
নির্দ্দোষের বিরুদ্ধে উৎকোচ গ্রহণ করে না; যে জন এমত আচার
করে, সে কদাচ বিচলিত হইবে না।

১৬ গীত।

১ পরমেশ্বরেতে দায়ূদের আশ্রয় করণ, ৮ ও অনন্ত পরমায়ুর প্রত্যাশা করণ।

দায়ূদের গুপ্তধনস্বরূপ গীত।

হে ঈশ্বর, আমাকে রক্ষা কর, আমি তোমার শরণাগত। আমার ১
মন পরমেশ্বরকে কহে, তুমিই প্রভু, তোমা বিনা আমার কিছু মঙ্গল ২

৩ পবিত্রাশ্চাদরণীয়াঃ পৃথিব্যাং নিবসন্তি যে।
নৃণামাদরণীয়াস্তাঃ তেষু সর্ব্বা রুচির্মম॥

৪ পরদেবপূজকাস্তো বর্দ্ধয়ন্তি ব্যথাকুলাঃ।
তেষু রক্তনিবেদনং ময়া নৈব করিষ্যতে।
নাধরাভ্যাং গ্রহীষ্যন্তে তেষাং নামানি বা ময়া॥

৫ পরেশো মম দায়াংশঃ পানপাত্রং স এব মে।
ত্বঞ্চ ভাগং ময়া লব্ধং সম্যক্ সংরক্ষয়িষ্যসি॥

৬ মৎকৃতে মাপনীরজ্জুর্ন্যপতৎ সুন্দরে স্থলে।
মামকীনোঽধিকারোঽপি সম্যগেব বিশোভতে॥

৭ ধন্যং বচ্মি পরেশং তং যো মহ্যং মন্ত্রণামদাৎ।
অত্র মে হৃদয়ং রাত্রৌ মহ্যং যুনক্তি চেতনাং॥

৮ নিজসাক্ষাদহং নিত্যং স্থাপয়ামি পরেশ্বরং।
স মদ্দক্ষিণপার্শ্বস্থো ন স্খলিষ্যামি কর্হিচিৎ॥

৯ তস্মাদ্ধৃষ্যতি মচ্চিত্তং মম বক্তঞ্চ নন্দতি।
মামকীনশরীরঞ্চ নির্ব্বিঘ্নং সুশয়িষ্যতে॥

---

৩ নাই। পৃথিবীতে যে পবিত্র লোকেরা থাকে, তাহারা আমার আদ-
৪ রণীয় ও পরম সন্তোষের পাত্র। যাহারা ইতর বস্তুর পূজাতে
সত্বর হয়, তাহাদের দুঃখের বৃদ্ধি হইবে; তাহাদের খর্পরের রক্ত
আমি উৎসর্গ করিব না, এবং আপন ওষ্ঠাধরে তাহাদের নামও
৫ লইব না। হে পরমেশ্বর, তুমি আমার অধিকার ও পানপাত্রস্বরূপ,
৬ তুমি আমার অংশ স্থির করিয়াছ। আমার নিমিত্তে পরিমাণ রজ্জু
মনোহর স্থানেতেই পড়িয়াছে, ও আমার অধিকার শোভা পায়।
৭ আমি পরমেশ্বরের ধন্যবাদ করিব, কারণ তিনি আমাকে সুপরামর্শ
দিয়াছেন; রাত্রিকালে আমার মন আমাকে প্রবোধ দেয়।
৮ আমি সর্ব্বদাই পরমেশ্বরকে সম্মুখে রাখি, তিনি আমার দক্ষিণ
৯ দিগে থাকাতে আমি বিচলিত হইব না। তন্নিমিত্তে আমার মন

পরলোকে [illegible] বিহাস্যসি। ১০
স্বকীয় পুণ্যবন্তং [illegible] ন দাস্যসি॥
জীবনস্য [illegible] দর্শয়িষ্যসি। ১১
মহানন্দস্য [illegible] সম্মুখে।
নিত্য[illegible] দক্ষিণে॥

[illegible]

১৭ গীতং।

নিন্দায়াং দায়ূদ আত্মনো নির্দোষীকরণম্ অপবাদকস্য বিরুদ্ধং প্রার্থনঞ্চ।

দায়ূদঃ প্রার্থনা।

পরমেশ শৃণু ন্যায্যং মদ্বচঃ নিশাময়। ১
সমাকর্ণয় যাচ্ঞাঞ্চ নিষ্কাপট্যাধরস্য মে॥
যো ধর্ম্মো মামকীনঃ স তব সাক্ষাৎ প্রকাশতাং। ২
তব নেত্রদ্বয়ং সম্যক্ সারল্যঞ্চ নিরীক্ষতাং॥

হৃষ্ট হয়, ও আমার চিত্ত আনন্দেতে গান করে; আমার শরীরও প্রত্যাশাতে শয়ন করিবে। যেহেতুক তুমি পরলোকে আমার আ- ১০ ত্মাকে পরিত্যাগ করিবা না, ও নিজ পুণ্যবানকে ক্ষয় পাইতে দিবা না। এবং আমাকে জীবনের পথ দর্শন করাইবা, ও আপনার ১১ সম্মুখে যে আনন্দ ও আপনার দক্ষিণে যে অনন্ত সুখ, তাহাতে আমাকে তৃপ্ত করিবা।

১৭ গীত।

নিন্দা বিষয়ে দায়ূদের আপনাকে নির্দ্দোষ করণ, ও অপবাদকের বিরুদ্ধে তাহার প্রার্থনা।

দায়ূদের প্রার্থনা।

হে পরমেশ্বর, আমার যথার্থ বাক্য শুন, আমার আহ্বানেতে মনো- ১ যোগ কর, এবং অপ্রবঞ্চক ওষ্ঠহইতে নির্গত আমার এই প্রার্থনা শ্রবণ কর। তোমার সাক্ষাতে আমার বিচারের নিষ্পত্তি হউক, ২

৩ অনুসন্ধায় মচ্চিত্তং রাত্রৌ [illegible]।
ত্বং পরীক্ষিতবান্ মাং হি কিন্তু দোষং ন লব্ধবান্।
মম মানসচিন্তাভ্যো বিভিন্নং [illegible]॥

৪ মানবানাং ক্রিয়া [illegible]
বাক্যৈ [illegible]॥

৫ কুরু মে পাদবিক্ষেপান্ তব মার্গেষু সুস্থিরান্।
চরণৌ মামকীনৌ চ স্খলতাং ন কদাচন॥

৬ অহং ত্বামাহ্বয়ামীশ ত্বং মমোত্তরদায়কঃ।
নিধায় শ্রবণং ত্বং হি মম বাচং নিশাময়॥

৭ নিজদক্ষিণহস্তেন বৃথা বিস্ময়তাং যয়ি।
প্রতিরোধিভ্য উদ্ধারিন্ করুণামদ্ভুতাং কুরু॥

৮ অক্ষ্ণঃ কনীনিকাং যদ্বৎ তদ্বৎ ত্বং পরিরক্ষ মাং।
ত্বদীয়পক্ষযুগ্মস্য ছায়য়া মাঞ্চ গোপয়॥

৯ মাং নাশয়ন্তি যে দুষ্টাস্তেভ্যস্ত্বং পরিরক্ষ মাং।
রিপুভ্যো মাং জিঘাংসুভ্যো যৈরহং পরিবেষ্টিতঃ॥

---

৩ তোমার দৃষ্টিতে ন্যায় প্রকাশ পাউক। তুমি আমার মন নিরীক্ষণ করিয়া রাত্রিকালে আমার তত্ত্বানুসন্ধান করিয়া আমাকে পরীক্ষা করিয়াছ; তাহাতে দোষ পাও নাই; এবং মনের ভাবহইতে আ-
৪ মার মুখ ভিন্ন নহে। আমি মনুষ্যের কার্য্য বিষয়ে তোমার মুখের
৫ কথাদ্বারা বিনাশকের পথহইতে সাবধান হইয়াছি। তুমি আপন পথে আমার গতি স্থির রাখ, তাহাতে আমার পাদ বিচলিত
৬ হইবে না। হে ঈশ্বর, তুমি আমার নিবেদন শুনিয়া থাক, এই জন্যে তোমার কাছে প্রার্থনা করিতেছি; কর্ণ পাতিয়া আমার কথা শুন।
৭ দক্ষিণ বাহুদ্বারা শরণাগত লোকদিগকে বিপক্ষগণহইতে রক্ষা কর
৮ যে তুমি, তুমি আপন আশ্চর্য্য অনুগ্রহ প্রকাশ কর। নয়নের তারার ন্যায় আমাকে রক্ষা কর, ও আপন পক্ষের ছায়াতে আচ্ছা-
৯ দন কর। এবং যে দুষ্টগণ আমার হিংসা করে, ও যে শত্রুগণ

যেহস্মা ভূলকাযাস্তে তাবত্তে পরিবৃত্ত মুখৈঃ ॥ ১০

অস্মাকং পাদবিক্ষেপান্ ইদানীং বেষ্টয়ন্তি তে। ১১

দেশে পরাঙ্মুখকায় তিষ্ঠন্তি স্থিরদৃষ্টয়ঃ ॥

বিদারণৈকযুকস্যেব পশুরাজস্য সন্নিভাঃ। ১২

যুবসিংহস্য বা তুল্যাঃ স্থিতস্য নিভৃতে স্থলে ॥

পরমেশ সমুত্তিষ্ঠ তমাক্রম্য নিপাতয়। ১৩

যো দুষ্টস্তব খড়্গত্বং তস্মাজ্জীবমুদ্ধর ॥

যে নরাস্তব মুষ্টিশ্চ তেভ্যো রক্ষ পরেশ মাং। ১৪

নরাঃ সংসারনিষ্ঠাস্ত ইহ জীবনভোগিনঃ।

ত্বয়া গূঢ়ধনৈস্তেষাং পূর্য্যন্তে জঠরাণি হি।

পুত্রৈস্তৃপ্যন্তি তে বিত্তং স্ববালেষ্বর্পয়ন্তি চ ॥

অহং প্রাপস্যামি ধর্ম্মেণ তব বক্ত্রস্য দর্শনং। ১৫

জাগরিত্বা গমিষ্যামি ত্বৎসাদৃশ্যেন তর্পণং ॥

প্রাণনাশার্থে আমাকে বেষ্টন করে, তাহাদের হইতে রক্ষা কর। তাহারা হৃষ্টপুষ্ট হয় ও অহঙ্কারের কথা কহে। এখন তাহারা ১০ আমাদের গমন পথে আমাদিগকে ঘেরে, ও ভূমিতে হেঁট হইয়া ১১ নিরীক্ষণ করিয়া থাকে। তাহারা মৃগয়া করিতে উদ্যত বলবান্ ১২ সিংহের ন্যায়, ও গুপ্তস্থানে শয়নকারি যুবসিংহের ন্যায় হয়। হে ১৩ পরমেশ্বর, উঠ, তাহাদিগকে বঞ্চিত করিয়া অধঃপতন কর. ও নিজ খড়্গস্বরূপ দুষ্ট লোকহইতে আমার প্রাণ রক্ষা কর। হে পরমেশ্বর, ১৪ যাহারা তোমার দণ্ডস্বরূপ, ও সাংসারিক, ও জীবদ্দশাতেই সুখ-ভোগী, ও যাহাদের উদর তোমাদ্বারা গুপ্ত ধনে পরিপূর্ণ, ও যাহা-দের চক্ষু সন্তানদর্শনে তৃপ্ত, ও যাহারা শিশুগণের নিমিত্তে সম্পত্তি রাখে, তাহাদের হইতেও রক্ষা কর। আমি ধর্ম্মেতে তোমার মুখের ১৫ দর্শন পাইব, এবং তোমার সাদৃশ্যে জাগ্রৎ হইয়া তৃপ্ত হইব।

১৮ অষ্টাদশং গীতং।

১ দায়ূদঃ কথা, ৭ পরমেশ্বরস্য নানাশ্চর্য্যক্রিয়া, ১৬ ঈশ্বরীয়োপকারেণ দায়ূদো রক্ষণং, ৪৯ তন্নিমিত্তং তস্য ধন্যবাদশ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং পরমেশ্বরকিঙ্করস্য

দায়ূদো গীতং।

যস্মিন্ কালে পরমেশ্বরঃ সর্ব্বেষাং রিপূণাং শৌলস্য চ হস্তাদ্ দায়ূদম্ উদধার তস্মিন্ কালে স পরমেশ্বরম্ উদ্দিশ্যৈতদ্ গীতং জগৌ।

দায়ূদ্ উবাচ।

১ পরমেশ্বর মদ্বলে ত্বয়ি প্রেম করোম্যহং॥

২ পরমেশোঽস্তি শৈলো মে মদ্দুর্গং মম রক্ষকঃ।
মদীশোঽদ্রির্বলং মে ত্বমহং শরণং গতঃ।
চর্ম্ম মে মম শৃঙ্গঞ্চ মত্রাতা প্রাংশু মে গৃহং॥

৩ অহং প্রশংসনীয়ং তম্ আহ্বয়ে পরমেশ্বরং।
তেন মদ্দ্বেষকারিভ্যো জায়তে মম রক্ষণং॥

---

১৮ গীত।

১ দায়ূদের কথা, ৭ ও পরমেশ্বরের নানা আশ্চর্য্য ক্রিয়া, ১৬ ও ঈশ্বরহইতে উপকারের দ্বারা দায়ূদের রক্ষা, ৪৯ ও তন্নিমিত্তে তাঁহার ধন্যবাদ করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য পরমেশ্বরের দাস দায়ূদের গীত।

যে সময়ে পরমেশ্বর তাবৎ শত্রুর ও শৌলের হস্তহইতে দায়ূদকে রক্ষা করিলেন, তৎকালে সে পরমেশ্বরের নিকটে যে গীত গান করিল, এই সেই গীত।

১ হে আমার বলস্বরূপ পরমেশ্বর, আমি তোমাকে প্রেম করি।
২ হে পরমেশ্বর, তুমিই আমার পর্ব্বত ও গড় ও রক্ষাকর্ত্তা, ও আমার ঈশ্বর, ও আমার আশ্রয়গিরি; এবং আমার ঢাল, ও
৩ আমার বলবান ত্রাণকর্ত্তা ও উচ্চদুর্গ। আমি প্রশংসনীয় পরমেশ-

বেষ্টিতো মরণোপাশৈর্বিনাশকৈঃ শাতকোর্মিভিঃ। ৪
ক্লিষ্টো নারকপাশৈশ্চ মৃত্যুজালৈশ্চ সংযুতঃ॥ ৫
অহমার্ত্তরিপোবেগাৎ পরমেশ্বরমাহ্বয়ং। ৬
মদীয়েশ্বরমুদ্দিশ্য চাকুর্ব্বে পরিদেবনং।
মদীয়ার্ত্তস্বরস্তেন তদাশ্রাবি স্বমন্দিরে।
প্রাবিশৎ তস্য কর্ণে চ মদীয়ং পরিদেবনং॥
তস্য কোপান্বিতঃ পৃথ্বী কম্পিত্বা প্রাচলৎ তদা। ৭
পর্ব্বতানাঞ্চ মূলানি ত্রসিত্বা প্রচকম্পিরে॥
তদীয়নাসিকারন্ধ্রাৎ ধূম উদগতবাংস্তদা। ৮
জগ্রাস সকলং বহ্নি র্নির্গতস্তস্য বক্ত্রতঃ।
তস্মাদুৎপদ্য চাঙ্গারাঃ সর্ব্বতঃ প্রাজ্বলন্ তদা॥
আকাশং নময়িত্বা স পথা তেনাবরূঢ়বান্। ৯
অন্ধকারশ্চ বিস্তীর্ণস্তদীয়পাদয়োরধঃ॥
ততঃ কিরূবমারুহ্য ঘূর্ণমুত্তরতে স্ম সঃ। ১০

রের কাছে প্রার্থনা করিয়া আপন শত্রুহইতে রক্ষা পাইলাম। আমি ৪
মৃত্যু রূপ রজ্জুতে বেষ্টিত, ও বিনাশরূপ বন্যাতে আশঙ্কিত, এবং ৫
পরলোকীয় পাশে বদ্ধ, ও মৃত্যুরূপ জালে জড়িত ছিলাম। এমন ৬
বিপদ সময়ে আমি পরমেশ্বরের নিকটে প্রার্থনা করিলাম, ও আ-
পন ঈশ্বরকে আহ্বান করিলাম; তাহাতে তিনি আপন মন্দিরে
থাকিয়া আমার স্বর শ্রবণ করিলেন, ও আমার আহ্বান তাঁহার
কর্ণগোচর হইল।

তাহাতে তাঁহার ক্রোধ প্রযুক্ত পৃথিবী টলটলায়মান ও কম্পিত ৭
হইল, এবং পর্ব্বতের মূল কম্পান্বিত হইয়া বিচলিত হইল।
এবং তাঁহার নাসারন্ধ্রহইতে ধূম নির্গত হইল, ও তাঁহার মুখ- ৮
হইতে নির্গত অগ্নি তাবৎকে গ্রাস করিল; তাহাতে অঙ্গার
প্রজ্বলিত হইল। পরে তিনি আকাশকে নম্রস্বরূপ করিয়া পদতলে ৯
অন্ধকার পাতিয়া নামিলেন। এবং কিরূব্ আরোহণ করিয়া উড্ডী- ১০

বায়ুপক্ষৌ সমাশ্রিত্য সবেগেন জগাম চ ॥

১১ তমশ্চাবরণং কৃত্বা চতুর্দিক্ষু বসেশ্বরঃ।
স্থাপয়ামাস নীলাম্বুন্ জীমূতানাঞ্চ সংহতিং ॥

১২ তৎপ্রত্যক্ষপ্রতাপেন তে ঘনাঃ সম্পলায়িতাঃ।
সঞ্জাতা চ শিলাবৃষ্টিরঙ্গারাশ্চ প্রজজ্বলুঃ ॥

১৩ পরমেশ্বর আকাশে অনাদীং প্রজগর্জ্জ চ।
সর্ব্বেষামুপরিস্থঃ স প্রৈরয়চ্চ নিজং রবং।
শিলাবৃষ্টিং তথাঙ্গারান্ বহ্নিনা চোজ্জ্বলান্ বহূন্ ॥

১৪ পরিক্ষিপ্য নিজান্ বাণান্ ব্যকিরৎ সর্ব্ববৈরিণঃ।
বজ্রাঘাতৈশ্চ ভূয়িষ্ঠৈস্তানুদ্বিগ্নান্ চকার চ ॥

১৫ পরেশ তব হুঙ্কারাৎ নাসাবায়োশ্চ বেগতঃ।
জলরাশীয়খাতানি সুদৃশ্যান্যভবন্ তদা।
ভূমণ্ডলস্য মূলানি তদৈবাবিষ্কৃতানি চ ॥

১৬ ঊর্দ্ধ্বস্থানান্নিজং হস্তং স প্রসার্য্য ররক্ষ মাং।
বহুকীলালমধ্যাম্মাম্ উদ্ধরন্ নির্গৃহীতবান্ ॥

---

১১ ঘমান হইলেন, এবং বায়ুরূপ পক্ষদ্বারা উড়িয়া আইলেন। এবং কৃষ্ণবর্ণ জল ও নিবিড় মেঘকে চতুর্দ্দিকস্থ আবাসস্বরূপ করিয়া
১২ অন্ধকারময় তাম্বুতে বসতি করিলেন। তাহাতে তাঁহার অগ্রবর্ত্তি
১৩ তেজঃহইতে মেঘ ও শিলা ও জ্বলন্ত অঙ্গার বহির্গত হইল। এবং পরমেশ্বর আকাশে গর্জ্জন করিলেন, এবং সর্ব্বোপরিস্থ যিনি, তিনি
১৪ শিলা ও জ্বলন্ত অঙ্গারবৃষ্টির সহিত নিনাদ করিলেন। এবং আপনার বাণ নিক্ষেপ করিয়া শত্রুদিগকে ছিন্নভিন্ন করিলেন, ও বহুবজ্রদ্বারা
১৫ তাহাদিগকে উদ্বিগ্ন করিলেন। হে পরমেশ্বর, তোমার হুঙ্কারেতে ও নাসিকার প্রশ্বাসবায়ুতে জলাশয়ের খাত সকল প্রকাশ পাইল, ও পৃথিবীর মূল দৃষ্ট হইল।
১৬ তৎকালে তিনি ঊর্দ্ধহইতে হস্ত বিস্তার করিয়া জলসমূহহইতে

বলিষ্ঠেভ্যশ্চ বৈরিভ্যঃ স মাং রক্ষিতবান্ তদা। ১৭
যতো হেতোর্ঘৃণাকারিভ্যাং দুর্দ্ধর্ষাস্তে হভবন্ মম॥
যদা তে মাং সমাক্রামন্ আপৎকালিকে দিনে। ১৮
তদানীং পরমেশো হভূন্মমালম্বনযষ্টিকা॥
বিস্তীর্ণং স্থানমানীয় তেনাহং রক্ষিতস্তদা। ১৯
ময়ি যস্মাৎ তদীয়া হি মনস্তুষ্টিরজায়ত॥
মম ধর্মানুসারান্মাং প্রত্যকার্ষীৎ পরেশ্বরঃ। ২০
মেধ্যত্বাৎ করয়োর্মহ্যং যথাযোগ্যমদাৎ ফলং॥
যতো হহং পরমেশস্য পদব্যাঃ পথিকো হভবং। ২১
মদীশস্য বিরুদ্ধঞ্চ নাপরাধো ময়া কৃতঃ॥
সকলাস্তস্য রাজাজ্ঞা আসন্ মজ্জ্ঞানগোচরে। ২২
তদীয়াংশ্চ বিধীন্ মত্তো ন ব্যসর্জং কদাচন॥
আসং তং প্রতি নির্দ্দোষঃ সাবধানঃ স্বপাতকে॥ ২৩
তৎসাক্ষান্মম যো ধর্ম্মঃ করয়োর্যা চ মেধ্যতা। ২৪
তদ্যোগ্যং সুফলং মহ্যং দত্তবান্ পরমেশ্বরঃ॥

আমাকে উদ্ধার করিয়া লইলেন। এবং বলবান্ শত্রু ও আমা ১৭
অপেক্ষাও শক্তিমান ঘৃণাকারিগণহইতে আমাকে নিস্তার করি-
লেন। তাহারা বিপদ সময়ে আমাকে ঘেরিল, কিন্তু পরমেশ্বর ১৮
আমার অবলম্বন যষ্টিস্বরূপ হইলেন। এবং তিনি আমার প্রতি ১৯
তুষ্ট হওয়াতে আমাকে উদ্ধার করিয়া এক প্রশস্ত স্থানে আনি-
লেন। পরমেশ্বর আমার ধর্ম্মানুসারে পুরস্কার করিলেন, ও আমার ২০
হস্তের পবিত্রতানুসারে ফল দিলেন। কেননা আমি পরমেশ্বরের ২১
পথের পথিক হইয়া আপন ঈশ্বরের বিরুদ্ধে পাপ করি নাই।
তাঁহার সকল দণ্ডাজ্ঞা আমার গোচরে ছিল, আমি তাঁহার বিধি ২২
আপনাহইতে দূর করি নাই। আমি তাঁহার দৃষ্টিতে সাধু ছিলাম, ২৩
ও আপন পাপহইতে আপনাকে রক্ষা করিতাম। অতএব পরমেশ্বর ২৪
আমার ধর্ম্মানুসারে ও আপন সাক্ষাতে আমার হস্তের পবিত্রতানু-

২৫ দয়ালবে দয়ালুস্ত্বং সজ্জনায় চ সজ্জনঃ ॥

২৬ শুদ্ধাচারায় শুদ্ধস্ত্বং কুটিলঃ কুটিলায় চ ॥

২৭ রক্ষী দীনপ্রজানাং ত্বং পাতয়স্যুচ্চলোচনান্ ॥

২৮ ত্বং জ্বালয়সি মদ্দীপং মৎপ্রভুঃ পরমেশ্বরঃ।
মামকীনমপি ধ্বান্তম্ উজ্জ্বলং বিদধাতি হি ॥

২৯ ত্বৎসাহায্যেন শক্নোমি সৈন্যমধ্যেন ধাবিতুং।
মদীশস্যোপকারেণ প্রাচীরাণ্যপ্যহং প্লবে ॥

৩০ স ঈশো নির্ম্মলাচারঃ পরেশস্য বচঃ শুচি।
তদাশ্রিতমনুষ্যাণাং সর্ব্বেষাং কঙ্কটঃ সঃ ॥

৩১ তস্মাৎ পরেশ্বরাদন্য ঈশ্বরঃ কো হি বর্ত্ততে।
অস্মদীয়েশ্বরাদ্ ভিন্নঃ কোঽচলো বা প্রবিদ্যতে ॥

৩২ স ঈশশ্চ বলং মহ্যং দত্তবান্ কটিবন্ধনং।
পদবীং মামকীনাঞ্চ কৃতবান্ বিঘ্নবর্জ্জিতাং ॥

৩৩ মদীয়ৌ চরণৌ তেন মৃগীপাদসমৌ কৃতৌ।

---

২৫ সারে আমাকে ফল দিলেন। তুমি অনুগ্রাহকের প্রতি অনুগ্রহ ও
২৬ সজ্জনের প্রতি সৌজন্য করিয়া থাক। এবং পবিত্রের সহিত পবিত্রা-
২৭ চরণ ও বিরুদ্ধাচারির সহিত বিরুদ্ধাচরণ করিয়া থাক; এবং দুঃখি-
২৮ দিগকে রক্ষা করিয়া থাক; কিন্তু উচ্চদৃষ্টিকে নীচ করিয়া থাক। তুমি
আমার প্রদীপ প্রজ্বলিত করিয়া থাক; আমার প্রভু পরমেশ্বর
২৯ আমার অন্ধকারকে আলোকময় করেন। আমি তোমার সাহা-
য্যেতে সৈন্যমধ্য দিয়া দৌড়িতে পারি, এবং ঈশ্বরের দ্বারা প্রাচীর
৩০ উল্লঙ্ঘন করিতে পারি। সেই ঈশ্বরের পথ নির্দ্দোষ ও পরমেশ্বরের
বাক্য সুপরীক্ষিত, তিনি নিজ শরণাগত সকলের ঢালস্বরূপ।
৩১ পরমেশ্বর ব্যতিরেকে আর ঈশ্বর কে আছে? ও আমাদের ঈশ্বর
৩২ ব্যতিরেকে পর্ব্বতস্বরূপ কে আছে? ঈশ্বর বলেতে আমার কটি
৩৩ বন্ধন করিলেন, ও আমার পথ সরল করিলেন। তিনি হরিণের
চরণ সদৃশ আমার চরণ করিলেন, ও উচ্চস্থানে আমাকে স্থাপিত

সংস্থাপিতবান্ [illegible]॥

মদীয় হস্তযুগং যুদ্ধ শিক্ষিতবান্। ৩৪

তস্মৈ মদীয়বাহুভ্যাং ভগ্নং তাম্রময়ং ধনুঃ॥

পরিত্রাণফলকং ত্বং দত্তবান্ মে প্রভবান্। ৩৫

তব দক্ষিণহস্তেন চাহমপি স্থিরীকৃতঃ।

ত্বদীয়নম্রভাবেন মহাত্মা জাতোঽস্মি সর্ব॥

পাদক্ষেপস্থলং মম মহত্তাং ত্বয়া কৃতং। ৩৬

তস্মান্ন বিচলতি স্ম চরণযুগলো মম॥

মামকীনরিপূংশ্চাহম্ অনুধাবন্নবাপ্নুবং। ৩৭

অবিনাশ্য সমূলং তান্ নো পরাবৃত্তবাংস্তদা॥

ময়া খণ্ডীকৃতাস্তে চ পুনরুত্থাতুমক্ষমাঃ। ৩৮

ন্যপতন্ নম্রমানা হি মদীয়পাদয়োরধঃ॥

ত্বং যুদ্ধার্থং বলং মহ্যং দত্তবান্ কটিবন্ধনং। ৩৯

মামকীনবিপক্ষাংশ্চ ত্বদধো মদ্বশীকৃতান্॥

শত্রবো মে ত্বয়া সর্ব্বে কৃতা মত্তঃ পরাঙ্মুখাঃ। ৪০

করিলেন। এবং আমার হস্তকে যুদ্ধ করিতে এমত শিক্ষা দিলেন, ৩৪
যে আমার বাহুদ্বারা তাম্রময় ধনুক ভগ্ন হইল। তুমি আমাকে ৩৫
পরিত্রাণরূপ ঢাল দিলা, ও তোমার দক্ষিণ হস্ত আমাকে ধারণ
করিল, ও তোমার নম্রতাদ্বারা আমি উন্নত হইলাম। তুমি আমার ৩৬
নীচে পাদবিক্ষেপের স্থান প্রশস্ত করিলা, এ কারণ আমার চরণ
বিচলিত হইল না। আমি শত্রুর পশ্চাৎ ধাবমান হইয়া তাহাদিগকে ৩৭
ধরিলাম, ও সকলকে সংহার না করিয়া ফিরিলাম না। আমি ৩৮
তাহাদিগকে চূর্ণ করিলে তাহারা উঠিতে পারিল না, আমার
পদতলে পড়িয়া রহিল। তুমি যুদ্ধ করিতে বলেতে আমার কটি- ৩৯
বন্ধন করিলা, ও আমার বিপক্ষগণকে আমার বশীভূত করিলা,
এবং আমার শত্রুগণকে আমাহইতে পরাঙ্মুখ করিলা; তাহাতে ৪০

সমূলং মজ্জাদ্বিষো [illegible]

৪১ অভূর্বিষার্ত্তাস্তে [illegible]

বৈরাকুঃ পরে[illegible] [illegible]।।

৪২ অচূর্ণয়ং অহং তান্ বায়ুচালিতধূলিবৎ।

রথ্যাস্থ কর্দ্দমং যদ্বৎ প্রাক্ষিপমবমন্য তান্।।

৪৩ স্বজাতীয়বিপক্ষেভ্যস্ত্বয়েবাহং সমুদ্ধৃতঃ।

ভিন্নজাতীয়লোকানাং মূর্দ্ধ্নি সংস্থাপিতস্তথা।

তেন লোকা অজ্ঞাতাঃ কুর্ব্বতে মম সেবনং।।

৪৪ কর্ণাভ্যামেব যেষাঞ্চ ময়া শ্রুতা জনশ্রুতিঃ।

পরদেশীয়লোকাস্তে কীর্ত্তয়ন্তি মম স্তুতিং।।

৪৫ ক্ষীণা বিদেশিনো লোকাঃ স্বদুর্গেভ্যশ্চলন্তি চ।।

৪৬ অমরঃ পরমেশোঽস্তি ধন্যো মে স শিলোচ্চয়ঃ।

ঈশ্বরস্ত্রাণদাতা মে ভবিষ্যতূন্নতঃ সদা।।

৪৭ কৃতবৈরপ্রতীকারং মাং করোতি স ঈশ্বরঃ।

দময়িত্বা চ তেনৈব জাতয়ো মদ্বশীকৃতাঃ।।

---

৪১ আমি আপন ঘৃণাকারিগণকে সংহার করিলাম। তাহারা ত্রাহি ২ শব্দ করিলে কেহ তাহাদিগকে রক্ষা করিল না; এবং পরমেশ্বরের

৪২ প্রতি করিলে তিনি উত্তর দিলেন না। তাহাতে আমি বায়ুর দ্বারা চালিত ধূলির ন্যায় তাহাদিগকে চূর্ণ করিলাম, এবং পথের কর্দ্দমের

৪৩ ন্যায় তাহাদিগকে নিক্ষেপ করিলাম। তুমি আমাকে স্বজাতীয় বিপক্ষগণহইতে উদ্ধার করিলা, এবং অন্যদেশীয়দের মস্তকরূপে নিযুক্ত করিলা, তাহাতে আমার অজ্ঞাত জাতিও আমার সেবা

৪৪ করে। এবং আমার কথা শ্রবণমাত্র আমার আজ্ঞাবর্ত্তী হয়, ও

৪৫ বিদেশীয়েরা আমার স্তবস্তুতি করে। এবং বিদেশীয়েরা উদ্বিগ্ন হইয়া আপনাদের গোপনীয় স্থানে থাকিয়া কম্পিত হয়।

৪৬ আমার পর্ব্বতস্বরূপ যে অমর পরমেশ্বর, তিনি ধন্য, ও আমার

৪৭ ত্রাণজনক ঈশ্বর সর্ব্বদা উন্নত হউন। হে ঈশ্বর, তুমি আমার নি-

[illegible] । ৪৮
[illegible] ।
[illegible] ॥
[illegible] । ৪৯
[illegible] ॥
[illegible] । ৫০
তস্মিন্ স্বরাভিষিক্তে চ দায়ূদি তস্য তনূজে।
সর্ব্বকালং দয়াচারস্ত্বয়া করিষ্যতে ধ্রুবং ॥

---

১৯ ঊনবিংশতিতমং গীতং।

১ পরমেশস্য মহিমস্তস্য কর্ম্মভিঃ প্রকাশনং, ৭ শাস্ত্রেণ চ তস্য পবিত্রতায়াঃ প্রকাশনং।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো ধর্ম্মগীতং।
নভোমণ্ডলমীশস্য মহিমানং প্রশংসতি। ১
তস্য হস্তকৃতং কর্ম্ম বর্ণ্যতে গগনেন চ ॥

দিয়ে অন্যকে প্রতিফল দিয়া আমার বশে লোককে দমন করিলা। তুমি শত্রুগণহইতে আমাকে উদ্ধার করিলা, এবং বিপক্ষগণের ৪৮ উপরে আমাকে উচ্চপদ দিলা, ও দুর্বৃত্ত লোকহইতে আমাকে মুক্ত করিলা। অতএব হে পরমেশ্বর, আমি ভিন্নদেশীয়দের কাছে ৪৯ তোমার গুণের প্রশংসা করিব ও তোমার নাম গান করিব। তুমি ৫০ স্বকৃত রাজাকে মহাপরিত্রাণ দিয়া আপন অভিষিক্ত দায়ূদকে ও তাহার সন্তানদিগকে সর্ব্বদা অনুগ্রহ করিবা।

১৯ গীত।

১ পরমেশ্বরের মহিমা তাঁহার কর্ম্মদ্বারা প্রকাশ হওন, ৭ ও শাস্ত্রদ্বারা আরও স্পষ্টরূপে প্রকাশ হওন।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

আকাশ ঈশ্বরের গৌরব বর্ণনা করে, ও গগনমণ্ডল তাঁহার হস্তকৃত ১

২ দিনমেকং দিনঞ্চান্যং প্রতি বার্ত্তাপ্রবোধকং।
একা নিশা নিশাঞ্চান্যাং প্রতি জ্ঞানপ্রকাশিকা॥
৩ নাত্র গীর্নাত্র সুক্ত্যানি তেষাং ন শ্রূয়তে রবঃ॥
৪ কৃৎস্নং ভূমণ্ডলং গত্বা ধ্বনিস্তেষাং প্রতিষ্ঠিতঃ।
জগতঃ প্রান্তভাগে হপি তেষাং বাচ উপস্থিতাঃ।
তত্র ব্যোম্নি স সূর্য্যস্য স্থাপয়ামাস মণ্ডপং॥
৫ স বরস্য সমানশ্চ নির্গচ্ছন্ বাসগেহতঃ।
গন্তব্যে পথি ধাবিষ্যন্নতিনন্দতি বীরবৎ॥
৬ ব্যোমান্তাদুদয়ন্তস্য পরিবৃত্তি র্দিগন্তগা।
তস্য প্রতাপতো গুপ্তং বস্তু কিঞ্চিন্ন বিদ্যতে॥
৭ শাস্ত্রং সিদ্ধং পরেশস্য মনসঃ পরিবর্ত্তকং।
সাক্ষ্যং সত্যং পরেশস্য জ্ঞানদঞ্চাল্পমেধসে॥
৮ বিধয়ঃ পরমেশস্য ন্যায্যাশ্চিত্তস্য নন্দনাঃ।
আজ্ঞা শুদ্ধা পরেশস্য নেত্রয়ো র্দীপ্তিবর্দ্ধিনী॥

---

২ কর্ম্ম প্রকাশ করে। এক দিবস অপর দিবসকে সুগোচর করে, ও
৩ এক রাত্রি অপর রাত্রিকে শিক্ষা দেয়। তাহাদের কোন বাক্য ও
৪ ভাষা নাই, এবং তাহাদের রবও শুনা যায় না; তথাপি তাহাদের
স্বর সর্ব্ব দেশে, ও তাহাদের বক্তৃতা পৃথিবীর সীমা পর্য্যন্ত ব্যাপি-
৫ য়াছে। তিনি তাহাদের মধ্যে সূর্য্যের তাম্বু স্থাপন করিয়াছেন; সে
বাসরগৃহহইতে বহির্গত বরের তুল্য, ও পথে ধাবমান হইতে
৬ বীরের ন্যায় আনন্দযুক্ত হয়। সে আকাশের আদিসীমাহইতে
যাত্রা করিয়া অন্তসীমা পর্য্যন্ত গমন করে, তাহার উত্তাপে কোন
বস্তু লুক্কায়িত থাকে না।
৭ পরমেশ্বরের শাস্ত্র সিদ্ধ ও মনের পরিবর্ত্তক, এবং পরমেশ্বরের
৮ প্রমাণবাক্য অটল ও অজ্ঞানের জ্ঞানজনক। পরমেশ্বরের বিধি
সকল যথার্থ ও মনের আনন্দবর্দ্ধক; এবং পরমেশ্বরের আজ্ঞা

পরমেশাচ্চ যা ভীতিঃ সা শুচি র্নিত্যবর্ত্তিনী। ৯
রাজ্যনীতিঃ পরেশস্য সত্যা সাধ্বী চ সর্ব্বথা॥
বাঞ্ছনীয়া সুবর্ণাৎ সা কনকাৎ প্রচুরাদপি। ১০
সুস্বাদ্বী পুষ্পনির্য্যাসাৎ মধুবাসস্য বা রসাৎ॥
অয়ং ত্বদীয়দাসোঽপি ভবত্যেতৈঃ সুশিক্ষিতঃ। ১১
এতেষাং পালনাদেব লাভশ্চোৎপদ্যতে মহান্।
স্বভ্রমাঃ কেন বুধ্যন্তে গুপ্তাঘেভ্যো বিমুঞ্চ মাং॥ ১২
গর্ব্বজেভ্যোঽপি দোষেভ্যো নিজদাসং নিবারয়। ১৩
মমোপর্য্যাধিপত্যং তে মা কুর্ব্বন্তু কদাচন।
তেন সিদ্ধো ভবিষ্যামি মহাপাতকতঃ শুচিঃ॥
পরমেশ্বর মদ্দুর্গ মত্ত্রাতস্তব দৃষ্টয়ে। ১৪
রোচস্তাং মম বক্তুস্য বাচো ধ্যানঞ্চ হৃদ্গতং॥

নির্ম্মল ও নয়নের দীপ্তিজনক। পরমেশ্বরের সেবা পবিত্র ও চির- ৯
স্থায়ী, এবং পরমেশ্বরের রাজনীতি সত্য ও সর্ব্বাংশে ন্যায্য; এবং ১০
কাঞ্চন ও তপ্তকাঞ্চন অপেক্ষা লোভনীয়, এবং মধু ও মৌচাকের
রসহইতেও সুস্বাদু। এই সকলদ্বারা তোমার দাসও সুশিক্ষা পায়, ১১
এই সকল প্রতিপালন করিলে মহাফল হয়। কিন্তু আপনার ১২
তাবৎ ভ্রান্তি কে বুঝিতে পারে? তুমি গুপ্ত দোষহইতে আমাকে
পরিষ্কার কর। দুঃসাহসরূপ তাবৎ অপরাধহইতেও নিজ দাসকে ১৩
রক্ষা কর; সেই সকলকে আমার উপরে কর্ত্তৃত্ব করিতে দিও না;
তাহাতে আমি মহাপাতকহইতে নির্দ্দোষ হইয়া সিদ্ধ হইব। হে ১৪
আমার আশ্রয় ত্রাণকর্ত্তা পরমেশ্বর, আমার মুখের কথা ও মনের
ধ্যান তোমার দৃষ্টিতে গ্রাহ্য হউক।

---

২০ বিংশতিতমং গীতং।

১ রাজ্ঞঃ কৃতে প্রজানাং প্রার্থনং ৬ তস্যোত্তরং ৭ পরমেশ্বরে প্রজানাং প্রত্যাশা চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ুদো ধর্ম্মগীতং।

১ পরমেশো বিপৎকালে গৃহ্ণাতু প্রার্থনাং তব।
যাকূবীয়েশিতু র্নাম ত্বাং করোতু সমুন্নতং॥

২ স প্রেষয়তু সাহায্যং ত্বৎকৃতে ধর্ম্মধামতঃ।
সিয়োনাদ্রৌ সমাস্থায় ত্বাং করোতু চ সুস্থিরং॥

৩ ত্বদীয়ান্ উপহারাংশ্চ সকলাননুচিন্তয়েৎ।
তব হব্যবলে র্দানমপি তেনানুগৃহ্যতাং॥ সেলা॥

৪ তব যদ্যন্মনোঽভীষ্টং তত্তৎ তুভ্যং দদাতু সঃ।
বিদধাতু কৃতার্থাঞ্চ সকলাং তব মন্ত্রণাং॥

৫ বয়ং তব পরিত্রাণাৎ করিষ্যামো জয়ধ্বনিং।
ধ্বজঞ্চোন্নাময়িষ্যামঃ স্বকীয়েশস্য নামনি।
ত্বদীয়াঃ প্রার্থনাঃ সর্ব্বাঃ সাধয়েৎ পরমেশ্বরঃ॥

---

২০ গীত।

১ রাজার নিমিত্তে প্রজাদের প্রার্থনা, ৬ ও রাজার উত্তর, ৭ ও পরমেশ্বরে প্রজাদের প্রত্যাশা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ পরমেশ্বর বিপদকালে তোমাকে উত্তর দিউন, ও যাকূবের ঈশ্বরের
২ নাম তোমাকে রক্ষা করুক। তিনি আপন ধর্ম্মস্থানহইতে তোমার
৩ উপকার করুন, ও সিয়োনে থাকিয়া তোমাকে সুস্থির রাখুন, এবং
তোমার তাবৎ নৈবেদ্য স্মরণ করুন, ও তোমার হোমবলি গ্রাহ্য
৪ করুন। সেলা। এবং তোমার মনোবাঞ্ছা পূর্ণ করুন, ও তোমার
৫ তাবৎ পরামর্শ সিদ্ধ করুন। আমরা তোমার পরিত্রাণে আনন্দিত
হইব, ও আমাদের ঈশ্বরের নামে ধ্বজা তুলিব; পরমেশ্বর তোমার
তাবৎ প্রার্থনা সফল করুন।

নরং যেনাভিষিক্তং যৎ ত্রায়তে পরমেশ্বরঃ। ৬
তদিদানীমহং জানে স স্বপূতদিবি স্থিতঃ।
তদীয়প্রার্থনাং শ্রুত্বা সফল্যাং বিদধাতি হি।
নিজদক্ষিণহস্তস্য ত্রাণদৈঃ শৌর্য্যকর্ম্মভিঃ॥

স্যন্দনান্ কীর্ত্তয়ন্তীমে তুরঙ্গান্ কীর্ত্তয়ন্ত্যমী। ৭
নিজপ্রভোঃ পরেশস্য নামাস্মাভিস্তু কীর্ত্ত্যতে॥
তে নত্বা পতিতা জাতা বয়ঞ্চোত্থায় সুস্থিরাঃ॥ ৮
পরেশ ত্রাহি গৃহ্ণাতু রাজাস্মান্ প্রার্থনাদিনে॥ ৯

---

২১ একবিংশতিতমং গীতং।

১ জয়স্য নিমিত্তম্ ঈশ্বরস্য ধন্যবদনং ৮ উপকারার্থং তস্মিন্ প্রত্যাশা চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো ধর্ম্মগীতং।

হে পরেশ্বর শক্ত্যা তে হ্লাদতে পৃথিবীপতিঃ। ১
কীদৃশস্তুৎপরিত্রাণাদ্ আনন্দস্তস্য জায়তে॥

পরমেশ্বর নিজ অভিষিক্তকে রক্ষা করেন, ও নিজ পবিত্র স্বর্গ- ৬ হইতে তাহাকে উত্তর দেন, এবং নিজ দক্ষিণ বাহুর বলেতে তাহাকে রক্ষা করেন, ইহা আমি এখন জানিলাম।

দেখ, ইহারা রথের ও উহারা অশ্বের প্রশংসা করে, কিন্তু আ- ৭ মরা আমাদের প্রভু পরমেশ্বরের নামের প্রশংসা করি. তাহারা ৮ নত হইয়া পতিত হইয়াছে, কিন্তু আমরা উত্থিত হইয়া দণ্ডায়মান আছি। পরমেশ্বর রাজাকে রক্ষা করুন; যে সময়ে আমরা প্রার্থনা ৯ করি, তৎকালে আমাদিগকে উত্তর দিউন।

২১ গীত।

১ জয়ের নিমিত্তে ঈশ্বরের ধন্যবাদ, ৮ ও উপকারার্থে তাঁহাতে প্রত্যাশা করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

হে পরমেশ্বর, তোমার পরাক্রমে রাজা আনন্দিত হয়, ও তোমা- ১

২ যদ্যৎ তস্য মনোঽভীষ্টং তৎ ত্বং তস্মৈ বিতীর্ণবান্।
ওষ্ঠাভ্যামীরিতা তস্য বাঞ্ছা নাপহ্নুতা ত্বয়া॥ সেলা॥

৩ আশীর্বাদৈঃ শুভৈস্তস্য প্রিয়য়ো জনিতস্ত্বয়া।
জাতরৌপ্যঃ কিরীটশ্চ স্থাপিতস্তস্য মস্তকে॥

৪ জীবনং যাচিতস্তেন ত্বং তস্মৈ দত্তবান্ বরং।
অনন্তকালমানঞ্চ দীর্ঘত্বং পরমায়ুষঃ॥

৫ তাবকীনপরিত্রাণাৎ সুমহৎ তস্য গৌরবং।
মহিমা চ প্রতাপশ্চ ত্বয়া তস্মিন্ সমর্পিতৌ॥

৬ নিত্যাশীর্বাদপাত্রার্থং স ত্বয়া বিনিরূপিতঃ।
তব বক্ত্রপ্রসাদাচ্চ স হর্ষেণ প্রফুল্লিতঃ॥

৭ যতো হেতো মহীপালঃ শ্রদ্দধাতি পরেশ্বরং।
স চ সর্বোপরিস্থস্য কৃপয়া ন স্খলিষ্যতি॥

৮ ত্বৎকরেণ ধরিষ্যন্তে সকলাস্তব বৈরিণঃ।
তব দক্ষিণহস্তেন ধরিষ্যন্তে দ্বিষস্তব॥

---

২ হইতে পরিত্রাণ পাইয়া পরমাহ্লাদিত হয়। তুমি তাহার মনো-
বাঞ্ছা পূর্ণ করিয়াছ, এবং তাহার ওষ্ঠাধরের প্রার্থনা অস্বীকার কর
৩ নাই। সেলা। তাহাকে শীঘ্র শুভ বর দিয়া সুবর্ণ মুকুট তাহার
৪ মস্তকে দিয়াছ। সে তোমার নিকটে জীবন প্রার্থনা করিয়াছিল,
তাহাতে তুমি তাহাকে দীর্ঘ বরং সদাকালস্থায়ি পরমায়ু দিয়াছ।
৫ সে তোমাহইতে পরিত্রাণ পাইয়া মহাগৌরবান্বিত হইয়াছে, তুমি
৬ তাহাকে সম্ভ্রম ও মর্য্যাদাযুক্ত করিয়াছ। এবং তাহাকে নিত্য
আশীর্বাদের পাত্র করিয়াছ, ও আপন মুখের প্রসন্নতাতে পরমা-
৭ নন্দিত করিয়াছ। রাজা পরমেশ্বরেতে প্রত্যাশা করে, সর্বোপরিস্থের
অনুগ্রহদ্বারা সে কদাচ বিচলিত হইবে না।
৮ তোমার হস্ত তোমার তাবৎ শত্রুকে ধরিবে, ও তোমার দক্ষিণ

ত্বং নিজক্রোধদৃষ্ট্যা তান্ করিষ্যস্যগ্নিচুল্লিবৎ। ৯
পরমেশঃ স্বকোপেন তান্ সর্ব্বান্ সংগ্রসিষ্যতে।
ইন্ধনানি যথা তদ্বৎ তান্ ভক্ষিষ্যতি পাবকঃ॥
ত্বং তেষাং ফলমুচ্ছিদ্য ভুবনাদ্ববয়িষ্যসি। ১০
নরসন্তানমধ্যে চ তেষাং বংশোঽপি লোপ্স্যতে॥
যস্মাৎ ত্বৎপ্রাতিকুল্যেন তে দৌরাত্ম্যং ন্যকল্পয়ন্। ১১
কুসঙ্কল্পমকুর্ব্বংশ্চ ন চ সাদ্ধুমশক্নুবন্॥
যতো হেতোঃ করিষ্যন্তে তে ত্বয়ৈব পরাঙ্মুখাঃ। ১২
তেষামাস্যদিশি জ্যায়াং ত্বং শরান্ যোজয়িষ্যসি॥
পরমেশ ত্বমুৎকৃষ্টো নিজবিক্রমহেতুতঃ। ১৩
গানবাদ্যে করিষ্যামো বয়ং ত্বচ্ছৌর্য্যকারণাৎ॥

হস্ত ঘৃণাকারিবর্গকে ধরিবে। তুমি ক্রোধের সময়ে তাহাদিগকে ৯ তুন্দুরের ন্যায় অগ্নিময় করিবা; পরমেশ্বর আপন কোপদ্বারা তাহা-দিগকে গ্রাস করিবেন, এবং অগ্নি তাহাদিগকে ভক্ষণ করিবে। তুমি ১০ পৃথিবীহইতে তাহাদের ফল ও মনুষ্যসন্তানদের মধ্যে তাহাদের বংশ বিনষ্ট করিবা। যেহেতুক তাহারা তোমার বিরুদ্ধে দুশ্চিন্তা ১১ করিল, এবং কুমন্ত্রণা করিল, কিন্তু তাহা সিদ্ধ হইবে না। তুমি ১২ তাহাদিগকে পরাঙ্মুখ করিবা, ও তাহাদের মুখের দিগে ধনুগু[illegible]ণ বাণ যোজনা করিবা। হে পরমেশ্বর, তুমি নিজ বলেতে উন্নত [illegible]ও, ১৩ আমরা তোমার মহিমার গান ও প্রশংসা করিব।

২২ দ্বাবিংশতিতমং গীতং।

১ খ্রীষ্টস্য বিলাপঃ ১৯ প্রার্থনা চ ২২ প্রশংসনঞ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যম্ অরুণমৃগীনামকস্বরযুক্তং দায়ূদো ধর্ম্মগীতং।

১ হে মদীশ মদীশ ত্বং মাং পরিত্যক্তবান্ কুতঃ।
দূরে তিষ্ঠন্ মম ত্রাণাৎ ক্রন্দনাচ্চ মযেরিতাৎ॥
২ দিবাহ্বয়ে মদীশ ত্বত্তোত্তরং ন প্রযচ্ছসি।
আহ্বয়ে ক্ষণদায়াঞ্চ শান্তিং নাপ্নোমি কাঞ্চন॥
৩ পূতস্ত্বং রাজসঞ্চস্তে চেস্রায়েলা কৃতাঃ স্তবাঃ॥
৪ অকারি ত্বয়ি বিশ্বাসো হ্যস্মাকং পূর্ব্বীয়পূরুষৈঃ।
অকারি তৈ র্হি বিশ্বাসো রক্ষিতাশ্চ ত্বয়ৈব তে॥
৫ ত্বামুদ্দিশ্যাহ্বয়ংস্তস্তে সম্প্রাপ্তাঃ পরিরক্ষণং।
কৃত্বা ত্বয্যেব বিশ্বাসমভবন্ লজ্জিতা ন তে॥

---

২২ গীত।

১ খ্রীষ্টের নিদর্শনস্বরূপ দায়ূদের বিলাপ, ১৯ এবং প্রার্থনা, ২২ ও প্রশংসা করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য অরুণের মৃগী নামক স্বরযুক্ত দায়ূদের এক ধর্ম্মগীত।

১ হে আমার ঈশ্বর, হে আমার ঈশ্বর, তুমি কেন আমাকে পরিত্যাগ
২ করিয়াছ? ও আমার রক্ষা ও আর্ত্তনাদহইতে কেন দূরে থাক? হে
আমার ঈশ্বর, আমি দিনেতে আহ্বান করি, কিন্তু তুমি উত্তর দেও
৩ না, রাত্রিতেও করি, তথাপি আমার বিরাম হয় না। কিন্তু তুমিই
পবিত্র, এবং ইস্রায়েলের কৃত প্রশংসা তোমার সিংহাসনস্বরূপ।
৪ আমাদের পূর্ব্বপুরুষেরা তোমাতে বিশ্বাস করিয়াছে, তাহারা বি-
৫ শ্বাস করাতে তুমি তাহাদিগকে উদ্ধার করিয়াছ। তাহারা তোমাকে

কিন্ত্বহং কৃমিসঙ্কাশো ন গণ্যো মানবেষ্বপি। ৬
নিন্দনীয়ো মনুষ্যাণাং প্রজাভিশ্চাপমানিতঃ॥
যাবন্তো মাং নিরীক্ষন্তে তে সর্ব্বে বিহসন্তি মাং। ৭
বক্রীকৃত্যাধরৌ মূর্দ্ধশ্চালয়ন্তি চ মাং প্রতি॥
পরমেশে হুর্পয়িন্ ভারমসৌ তেনৈব রক্ষ্যতাং। ৮
অসৌ নিস্তার্য্যতাং তেন যতস্তস্মৈ হি রোচতে॥
কিঞ্চ ত্বং জননীগর্ভাদ্মাং সমুদ্ধৃতবান্ পুরা। ৯
আসী বিশ্বাসভূমিস্ত্বং মে মাতৃস্তন্যপায়িনঃ॥
গর্ভকোষাচ্চ নিষ্ক্রান্তস্ত্বয্যেবাহং সমর্পিতঃ। ১০
আ মাতৃকুক্ষিবাসাচ্চ ত্বমেবাসি মদীশ্বরঃ॥
মত্তো দূরে ন বর্ত্তস্ব যতো দুঃখমুপস্থিতং। ১১
উপকারী চ কুত্রাপি কোহপি নো বিদ্যতে মম॥
বহুভি র্বৃষভৈশ্চাহং সমন্তাৎ পরিবেষ্টিতঃ। ১২
বাশনীয়বলীবর্দ্দৈ র্বলিষ্ঠৈরহমাবৃতঃ॥

আহ্বান করিয়া রক্ষা পাইত, এবং তোমাতে বিশ্বাস করিয়া লজ্জিত হইত না। কিন্তু আমি কোন্ কীটের কীট, মনুষ্যের মধ্যেও গণ্য ৬ নই; ও মনুষ্যদের নিন্দাস্পদ, ও লোকদের তুচ্ছতার পাত্র। যে সকল ৭ লোক আমাকে দেখে, তাহারা আমাকে বিদ্রূপ করে ও ওষ্ঠ বক্র করিয়া মস্তক নাড়িয়া কহে, সে পরমেশ্বরেতে আপন ভার অর্পণ ৮ করুক; তিনি তাহাকে নিস্তার করুন; তিনি যদি তাহাতে সন্তুষ্ট হন, তবে তাহাকে রক্ষা করুন। তুমি আমাকে মাতৃগর্ব্ভহইতে ৯ মুক্ত করিয়াছ, ও মাতৃস্তন পান করণ সময়েও আমার আশ্রয় হইয়াছ। গর্ব্ভহইতে নিঃসৃত হওনাবধি আমি তোমাতে সমর্পিত ১০ আছি, ও আমার মাতৃগর্ব্ভস্থ হওনাবধি তুমি আমার ঈশ্বর হইয়াছ। আমাহইতে দূরবর্ত্তী হইও না, কেননা আমার দুঃখ ১১ উপস্থিত হইল, ও উপকার করে এমত কেহই নাই। অনেক ১২ বৃষ আমাকে বেষ্টন করে, ও বাশনের বলবান্ বৃষ সকল আমাকে

১৩ মামুদ্দিশ্য স্ববক্ত্রাণি ব্যাদানং তে প্রকুর্ব্বতে।
পশোর্বিদারণেচ্ছাতো গর্জ্জন্ কেশরী যথা॥

১৪ অহং তোয়বদুৎসৃষ্টো মদস্থীনি চ্যুতানি চ।
মধূচ্ছিষ্টসমং চিত্তং দ্রবীভূতং মদন্তরে॥

১৫ মদ্বলং ভাণ্ডবচ্ছুষ্কং মম জিহ্বা চ তালুনি।
কালধর্ম্মস্য ধূলৌ চ ত্বয়াহং নিপাতিতঃ॥

১৬ মাং শ্বানঃ পরিবৃণ্বন্তি খলসঙ্ঘশ্চ বেষ্টতে।
ছিদ্রিতং পাণিযুগ্মঞ্চ পাদযুগ্মঞ্চ তৈ র্মম॥

১৭ গণয়ামি মদস্থীনি তে মাং পশ্যন্তি লোচনৈঃ॥

১৮ মামকীনানি বস্ত্রাণি স্বমধ্যে বিভজন্তি তে।
মম পরিচ্ছদার্থঞ্চ গুটিকাং পাতয়ন্তি হি॥

১৯ হে পরেশ ভবান্ মত্তো দূরবর্ত্তী ন তিষ্ঠতু।
মদীয়শক্তিদাতস্ত্বম্ উপকর্ত্তুং ত্বরস্ব মাং॥

২০ মৎপ্রাণান্ খড়্গতো রক্ষ দীনং চেতঃ শুনঃ করাৎ॥

---

১৩ ঘেরে। তাহারা গর্জ্জনকারি বিদারক সিংহের ন্যায় আমার প্রতি
১৪ মুখ ব্যাদান করে। আমি পতিত জলস্বরূপ হইয়াছি, ও আমার
তাবৎ অস্থি খসিয়াছে, ও আমার অন্তঃকরণ মোমের ন্যায় হইয়া
১৫ উদরস্থ নাড়ীর মধ্যে গলিত হইয়াছে। আমার বল খোলার ন্যায়
শুষ্ক হইয়াছে, ও তালুতে আমার জিহ্বা রুদ্ধ হইয়াছে, ও তুমি
১৬ মৃত্যুর ধূলাতে আমাকে নিপাত করিতেছ। কুক্কুরেরা আমাকে
ঘেরে, ও দুষ্টের জনতা আমাকে বেড়ে, ও আমার হস্তপাদ বিদ্ধ
১৭ করে। আমি আপনার তাবৎ অস্থি গণনা করিতে পারি, এবং
১৮ লোকেরা আমার প্রতি দৃষ্টি করিয়া অবলোকন করে। তাহারা
আপনাদের মধ্যে আমার পরিচ্ছদ বস্ত্র বিভাগ করে, এবং আমার
উত্তরীয় বস্ত্রের জন্যে গুলিবাঁট করে।
১৯ হে পরমেশ্বর, আমাহইতে দূরে থাকিও না, তুমিই আমার বল,
২০ আমার উপকার করিতে ত্বরা কর। খড়্গহইতে আমার প্রাণকে,

ত্রায়স্ব সিংহবক্ত্রান্মাং মহ্যাতঃ খড়্গিশৃঙ্গতঃ ॥ ২১

প্রশংসিষ্যামি তে নাম নিজভ্রাতৃগণং প্রতি। ২২

সমিতেমধ্যসংস্থো হং করিষ্যামি তব স্তবং ॥

রোষেতে আমাকে শাস্তি দিও না। কেননা তোমার তীর আ- ২
মাতে বিদ্ধ আছে, ও আমার উপরে তোমার হস্ত ভারী
আছে। তোমার কোপদ্বারা আমার মাংসে কিছু স্বাস্থ্য নাই, ৩
এবং আমার পাপ প্রযুক্ত আমার অস্থির কিছুই শান্তি নাই।

৪ বন্যাস্বেবাপরাধৈ র্মে মস্তকং সমতিপ্লুতং।
বিবোঢুং নহি শক্যন্তে যস্মা তে গুরুভারবৎ ॥
৫ নিজমৌর্খ্যাত দুর্গন্ধা বিগলন্তি ব্রণা মম ॥
৬ উদ্বিগ্নোহতীব নিম্নোহহং শোচন্ সর্ব্বদিনং স্থিতঃ ॥
৭ পূর্ণা শোথেন মে শ্রোণী স্বাস্থ্যং নাস্তি তনৌ মম ॥
৮ বিষণ্ণোহতীব চূর্ণোহহম্ অন্তঃক্ষোভেন রোদিমি ॥
৯ প্রভো কৃৎস্না মমাকাঙ্ক্ষা বিদ্যতে তব সম্মুখে।
মামকীনমনস্তাপস্তুভ্যং চান্তর্হিতো নহি ॥
১০ হৃৎকম্পোনাহমূচ্ছ্বাসী বর্জ্জিতঃ স্ববলেন চ।
মম নেত্রদ্বয়স্যাপি তেজঃ সন্তিষ্ঠতে নহি ॥
১১ পৃথক্ তিষ্ঠন্তি মৎক্লেশাৎ স্নেহিনো বান্ধবশ্চ মে।
মামকীনান্তরজ্ঞাশ্চ তিষ্ঠন্তি দূরবর্ত্তিনঃ ॥
১২ মৎপ্রাণান মৃগয়ন্তে য উন্মাথং যোজয়ন্তি তে।

---

৪ আমার অপরাধ সকল তরঙ্গের ন্যায় মস্তক উল্লঙ্ঘন করিতেছে, এবং আমার শক্তি অপেক্ষা ভারি বোঝার ন্যায় হইতেছে।
৫ এবং আমার অজ্ঞানতার কর্ম্ম প্রযুক্ত আমার ক্ষত সকল দুর্গন্ধ
৬ ও গলিত হইতেছে। এবং আমি উদ্বিগ্ন হইয়া অত্যন্ত অধোমুখ
৭ হইতেছি, ও সমস্ত দিন শোকান্বিত হইতেছি। আমার কটিদেশ জ্বালাতে দগ্ধ হইতেছে, ও আমার মাংসেতে কিছুমাত্র স্বাস্থ্য নাই।
৮ আমি শক্তিহীন ও অতি ক্ষীণ হইতেছি, ও মনের ব্যাকুলতাতে
৯ কাতরোক্তি করিতেছি। হে প্রভো, তুমি আমার মনের বাঞ্ছা সকল
১০ জ্ঞাত আছ, ও আমার কাতরোক্তি তোমার অগোচর নয়। আমার হৃদয় দুপ্২ করিতেছে, এবং শক্তি আমাকে ত্যাগ করিয়াছে, এবং আমার চক্ষুর তেজও আমাহইতে পৃথক্ হইয়াছে।
১১ আমার প্রিয় লোক ও বন্ধুগণ আমার বিপদহইতে পৃথক্
১২ থাকে, এবং জ্ঞাতিবর্গ দূরে দণ্ডায়মান থাকে। এবং যাহারা আমার প্রাণের অন্বেষণ করে, তাহারা ফাঁদ পাতে; ও যাহারা আমার অনিষ্ট চেষ্টা করে, তাহারা দুষ্ট কথা কহিয়া সমস্ত

মমানিষ্টার্থিনো লোকাঃ প্রভাষন্তে চ দুষ্টতাং ।
কৃৎস্নমেব দিনং তে চ চিন্তয়ন্তি প্রবঞ্চনাং ॥
কিন্ত্বহং ন শৃণোম্যাসি বধিরো মানবো যথা । ১৩
কণ্ঠবদ্ধস্য মূকস্য বদনঞ্চ ভবাম্যহং ॥
যেন ন শ্রূয়তে যস্য মুখঞ্চোত্তরবর্জ্জিতং । ১৪
তাদৃশস্য মনুষ্যস্য তুল্যতাং প্রাপ্তবানহং ॥
যতো হেতোঃ প্রতীক্ষেঽহং ত্বামুদ্দিশ্য পরেশ্বর । ১৫
উত্তরং হি প্রদাতব্যং ত্বয়া প্রভো মদীশ্বর ॥
যতোঽহং বচ্মি মে নাশাৎ ত আনন্দিতুমুদ্যতাঃ । ১৬
মৎপাদস্খলনাজ্জাতা মাং প্রতি দর্পকারিণঃ ॥
পতনে তু নিযুক্তোঽহং ব্যথা মেঽভিমুখা সদা ॥ ১৭
স্বীকরোমি নিজং দোষমুদ্বিজে চ স্বপাপতঃ ॥ ১৮
মদ্বিপক্ষাস্তু জীবন্তি বলবন্তশ্চ সন্তি তে । ১৯
যে বিদ্বিষন্তি মাং মিথ্যা তে জাতা বহুসংখ্যকাঃ ॥
যে হিতস্যৈব শোধার্থম্ অহিতাচরণে রতাঃ । ২০

দিন কুমন্ত্রণা চিন্তা করে। কিন্তু আমি বধিরের ন্যায় কোন কথা ১৩
শুনি না, ও মুখবদ্ধ বোবার সদৃশ থাকি। যে জন শুনিতে পা- ১৪
না, ও বাদানুবাদের কথা মুখে আনে না, তাহার তুল্য [illegible]।
হে পরমেশ্বর, আমি তোমার অপেক্ষা করিতেছি; হে প্রভো, ১৫
হে আমার ঈশ্বর, তুমি আমাকে উত্তর দিবা। আমি বিনয় করি, ১৬
তাহাদিগকে আমার বিপক্ষে আনন্দিত হইতে দিও না; আমার
চরণ টলিলে তাহারা আমার বিপক্ষে দর্প করিবে। আমি পত- ১৭
নোন্মুখ হই, ও আমার ব্যথা সর্ব্বদা আমার গোচরে থাকে।
আমি আপন পাপ স্বীকার করিতেছি, ও অপরাধের নিমিত্তে ১৮
মনস্তাপ পাইতেছি। কিন্তু আমার শত্রুগণ প্রবল ও বলবান, ১৯
ও অনেকে আমাকে অকারণে ঘৃণা করে। এবং উপকারের পরি- ২০
শোধে অপকার করে, এবং আমি সৎকর্ম্মের অনুগামী, এই

মম ধর্ম্মানুগামিত্বাদ্ অরিণো মম সন্তি তে॥
২১ মা বিধেহি পরিত্যাগং মম হে পরমেশ্বর।
হে মদীশ্বর মত্তস্ত্বং দূরবর্ত্তী ন তিষ্ঠ মা॥
২২ ত্বং ত্বরস্বোপকর্ত্তুং মাং হে মত্রাণকর প্রভো॥

---

৩৯ ঊনচত্বারিংশং গীতং।

১ মানুষাণাম্ অসারত্বং ৭ দায়ূদঃ প্রার্থনা চ।

যিদূথুনবর্গীয়বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো গীতং।

১ ময়োক্তং সাবধানোঽহং ভবিষ্যামি স্ববর্ত্মসু।
স্বকীয়জিহ্বয়া পাপং নৈব কারিষ্যতে ময়া॥
যাবৎকালং দুরাত্মা চ মৎপ্রত্যক্ষোঽবতিষ্ঠতে।
তাবৎকালং খলীনেন সংরোৎস্যামি নিজং মুখং॥
২ নীরবো মৌনভাবেন ব্যরমং ক্ষেমতোঽপ্যহং।
মামকীনা মনঃপীড়া তদানীং সমবর্দ্ধত॥
৩ অত্যাপসীন্মেঽন্তরে চিত্তম্ অপরং ময়ি চিন্তনং।

---

২১ কারণ আমার শত্রুতা করে। হে পরমেশ্বর, আমাকে ত্যাগ
২২ করিও না; হে আমার ঈশ্বর, আমাহইতে দূরে থাকিও না। হে
আমার পরিত্রাণের প্রভো, আমার উপকার করিতে সত্বর হও।

৩৯ গীত।

১ মানুষের অসারতা, ৭ ও দায়ূদের প্রার্থনা।

যিদূথূনের দলমধ্যে প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের
ধর্ম্মগীত।

১ 'আমি আপন তাবৎ পথে সাবধান হইয়া চলিব; জিহ্বাদ্বারা
পাপ করিব না: দুষ্ট লোক যাবৎ আমার নিকটে থাকিবে,
তাবৎ আমি বল্‌গাদ্বারা মুখ বন্ধ করিয়া রাখিব,' এই কথা কহি-
২ য়াছিলাম। আমি বোবার ন্যায় নীরব হইয়া সৎকথাহইতেও
৩ নিবৃত্ত হইয়া থাকিলাম; কিন্তু তাহাতে আমার শোক উথলিল,

দুর্বতি প্রাজ্বলৎ বহ্নি র্জিহ্বয়া ব্যাহরন্নহ ।।
মদীয়জীবনস্যান্তং মাং জ্ঞাপয় পরেশ্বর । ৪
মামকীনদিনানাং যন্মানং জ্ঞাপয় তচ্চ মাং ।
অহং কতি ক্ষণস্থায়ী তময়া জ্ঞোৎস্যতে তদা ।।
পশ্য বিতস্তিমানানি ব্যদধাস্তং দিনানি মে । ৫
মামকীনং যদায়ুস্তৎ তব সাক্ষাদবস্তুবৎ ।
স্থা অসারত্বমাত্রো হি সর্বমর্ত্ত্যো ব্যবস্থিতঃ ।। সেলা ।।
ছায়াবদেব বীরোঽপি বিদধাতি গমাগমৌ । ৬
সর্বে শ্রাম্যত্যসারার্থং সঞ্চিনোতি ধনান্যসৌ ।
কেন তানি তু লপ্স্যন্তে তন্ন শক্নোতি বেদিতুং ।।
অধুনা কিং প্রতীক্ষেঽহং মদীয়াশা ত্বয়ি প্রভো ।। ৭
মামকীনাপরাধেভ্যঃ সর্বেভ্যঃ পরিরক্ষ মাং । ৮
অজ্ঞানস্য মনুষ্যস্য মাং ন নিন্দাস্পদং কুরু ।।
মূকোঽস্মি রুদ্ধবক্ত্রোঽহং যতোঽকারি ত্বয়ৈব তৎ ।। ৯

ও ভাবিতে২ আন্তরিক অগ্নি প্রজ্বলিত হইলে আমার মন উত্তপ্ত হইল; তখন আমি জিহ্বাতে এই কথা কহিলাম; হে পরমে- ৪ শ্বর, আমার মরণসময় ও আয়ুর পরিমাণ আমাকে জ্ঞাত কর, তাহাতে আমি কেমন অল্পস্থায়ী তাহা জানিতে পারিব। দেখ, ৫ তুমি আমার জীবনকাল বিষত পরিমিত করিয়াছ, ও আমার আয়ু তোমার দৃষ্টিতে নামমাত্র; প্রত্যেক মনুষ্য আপন উত্তম অবস্থাতেও নিতান্ত অসার। সেলা। প্রত্যেক মনুষ্যই ছায়ার ৬ ন্যায় গমনাগমন করে, ও অসারের নিমিত্তে ব্যস্ত থাকে; সে ধন সঞ্চয় করে, কিন্তু কে তাহা ভোগ করিবে তাহা জানে না।

হে প্রভো, সম্প্রতি আমি কাহার অপেক্ষা করি? তোমাতেই ৭ আমার প্রত্যাশা আছে। আমার সমস্ত অপরাধহইতে আ- ৮ মাকে নিস্তার কর, অজ্ঞান লোকের নিন্দাস্পদ হইতে দিও না। এ তোমার কর্ম্ম; এই কারণ আমি নীরব হইলাম, একটি ৯

১০ মত্তো দূরয় তে দণ্ডং ক্ষীয়ে হস্তাঘাততঃ ॥

১১ অপরাধান্মনুষ্যং চেৎ ত্বং দণ্ডয়সি ভর্ৎসয়ন্।
কীটৈরিব ত্বয়া তস্য শুভ্রতানীং বিশীর্য্যতে।
আ নিতান্তমসারা হি সকলাঃ সন্তি মানবাঃ ॥ সেলা।

১২ পরেশ শৃণু মে বাচঞ্চ খেদোক্তিং মে নিশাময়।
মা ভূর্মেঽশ্রুষু মৌনী ত্বং যতোঽহং ত্বদ্গৃহেঽতিথিঃ।
প্রবাসী চাস্মি সর্ব্বে মে পূর্ব্বজাঃ পিতরো যথা॥

১৩ মত্তো বিরম তেনাহং ক্ষণং প্রাপ্নোমি সান্ত্বনাং।
পশ্চাৎ স্থানান্তরং গত্বা তিরোধানং ব্রজামি চ।

---

৪০ চত্বারিংশং গীতং।

১ ঈশ্বরীয়দয়ায়া বর্ণনং ৬ খ্রীষ্টস্য পুণ্যবাক্যং ১৩ প্রার্থনা চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো ধর্ম্মগীতং।

১ পরমেশ্বরমুদ্দিশ্য প্রতীক্ষ্যেঽহমতীচ্ছয়া।

---

১০ কথাও কহিব না। আমাহইতে আপন দণ্ড দূর কর, তোমার ১১ করাঘাতে আমি ক্ষীণ হইতেছি। তুমি যখন অপরাধ প্রযুক্ত কোন মনুষ্যকে অনুযোগ করিয়া শাস্তি দেও, তৎকালে কীটের ন্যায় তাহার সৌন্দর্য্যের নাশ কর; প্রত্যেক মনুষ্য অসারমাত্র। ১২ সেলা। হে পরমেশ্বর, আমার নিবেদন শুন, ও আমার কাতরোক্তিতে কর্ণ দেও, আমার অশ্রুপাত দেখিয়া নীরব হইও না; কেননা তোমার নিকটে আমি অতিথি ও আমার তাবৎ পূর্ব্বপুরুষের ১৩ ন্যায় প্রবাসী আছি। আমাকে ছাড়, এবং আমার যাত্রা করণের ও অন্তর্হিত হওনের পূর্ব্বে আমাকে সান্ত্বনা পাইতে দেও।

৪০ গীত।

১ ঈশ্বরের দয়ার বর্ণনা, ৬ ও খ্রীষ্টের পুণ্যের বাক্য, ১৩ ও প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ আমি পরমেশ্বরের অপেক্ষায় থাকিলে তিনি আমার প্রতি মনো-

ততঃ কৃতাবধানঃ স খেদোক্তিং শ্রুতবান্ মম ॥

কৃপাক্ষোদ্ধৃত্য মাং ঘোরাৎ কর্দ্দমাচ্চ গভীরগাৎ। ২

মৎপাদৌ স্থাপয়ন্ শৈলে মদ্গতিং কৃতবান্ দৃঢ়াং ॥

মদ্বাচ্যেঽর্পয়দেবাং গীতিমস্মদীশ্বরবন্দনাং। ৩

বহবো বীক্ষ্য তদ্ভীতাঃ শ্রদ্ধাস্যন্তি পরেশ্বরং ॥

ধন্যঃ সোঽস্তি মনুষ্যো যঃ পরেশং শরণং গতঃ। ৪

অহংযুক্তেভ্য্ মৃষামার্গে ভ্রমদ্ভ্যশ্চ পরাঙ্মুখঃ ॥

পরমেশ্বর মৎস্বামিন্ অস্মদর্থং ত্বয়া কৃতাঃ। ৫

চিত্রক্রিয়াশ্চ চিন্তাশ্চ বিদ্যন্তে বহুসংখ্যকাঃ ॥

ত্বৎসাক্ষাদ্রচনাং তাসাং কর্ত্তুং কোঽপি ন পারকঃ।

তাঃ প্রশংসিতুমাখ্যাতুঞ্চাহমারব্ধবান্ যদা।

তদানীং গণনা তাসাম্ অভবৎসংখ্যাতিগা ॥

নৈচ্ছস্ত্বং বলিনৈবেদ্যে কর্ণৌ মে ছিদ্রিতৌ ত্বয়া। ৬

হোমো বলিশ্চ পাপঘ্নস্ত্বয়া ন সম্প্রযাচিতৌ ॥

যোগ করিয়া আমার প্রার্থনা শুনিলেন; এবং ভয়ানক গর্ত্ত ও ২
পঙ্কের হ্রদহইতে আমাকে তুলিলেন, ও পর্ব্বতের উপরে আ-
মার চরণ রাখিয়া গতিশক্তি দিলেন; এবং এক নূতন গীত ৩
অর্থাৎ আমাদের ঈশ্বরের প্রশংসা আমার মুখে দিলেন; ইহা
দেখিয়া অনেকে ভীত হইয়া পরমেশ্বরেতে প্রত্যাশা করিবে।
অহঙ্কারি ও মিথ্যা পথে ভ্রমণকারি লোকদের প্রতি না ফিরিয়া ৪
যে জন পরমেশ্বরকে আশ্রয় করে, সেই ধন্য। হে আমার ৫
প্রভো পরমেশ্বর, তুমি আমাদের জন্যে অনেক আশ্চর্য্য ক্রিয়া
ও সঙ্কল্প করিয়াছ; তোমার নিকটে তাহা গণনা করা যায় না,
প্রত্যেকের নাম কহিতে ও প্রকাশ করিতে গেলে অসংখ্যেয় হয়।
তুমি বলিদান ও নৈবেদ্য না চাহিয়া আমার কর্ণ ছিদ্রিত ৬
করিয়াছ; এবং তুমি হোম ও পাপার্থক বলিদান প্রয়াস কর

৭ তদাবীত্থং ময়াবাদি পশ্য কুর্ব্বেঽহমাগমং।
ধর্ম্মগ্রন্থস্য সর্গে মে বিদ্যতে লিখিতা কথা ॥
৮ মদীশ ত্বদভীষ্টস্য সাধনং মম নন্দকং।
মদীয়চেতসো মধ্যে ত্বচ্ছাস্ত্রঞ্চাবতিষ্ঠতে ॥
৯ ময়া মহাসমাজমধ্যে ধর্ম্মবার্ত্তা বিঘুষ্যতে।
পশ্যাহং নাপি রুদ্ধোষ্ঠস্তৎ ত্বং বেৎসি পরেশ্বর ॥
১০ ময়া ত্বদীয়ধর্ম্মশ্চ চিত্তে ছাদিতো নহি।
বিশ্বাস্যত্বপরিত্রাণে তব বিজ্ঞাপিতে ময়া।
নাপহ্নুতে মহাসঙ্ঘে করুণাসত্যতে তব ॥
১১ পরমেশ ত্বয়া মত্তঃ স্বীয়স্নেহো ন রুধ্যতাং।
তব কারুণ্যসত্যত্বে নিত্যং মাং পরিরক্ষতাং ॥
১২ যতোঽসঙ্খ্যানি দুঃখানি মাং বেষ্টন্তে সমন্ততঃ।
স্বদোষৈরহমাক্রান্তো ন শক্নোম্যূর্দ্ধমীক্ষিতুং।
তেঽধিকা মূর্দ্ধজেভ্যো মে হীনচেতাশ্চ তৈরহং ॥

---

৭ না; অতএব আমি কহিলাম, দেখ, আমি আসিতেছি; ধর্ম্মগ্রন্থে
৮ আমার বিষয়ে লিখিত আছে। হে ঈশ্বর, তোমার বাসনা পূর্ণ
করিতে আমার সন্তোষ আছে, তোমার শাস্ত্র আমার অন্তঃ-
৯ করণের মধ্যে থাকে। আমি মহামণ্ডলীতে ধর্ম্ম প্রকাশ করি,
এবং হে পরমেশ্বর, দেখ, আমি আপন ওষ্ঠাধর বদ্ধ করি না,
১০ ইহা তুমি জ্ঞাত আছ। আমি মনের মধ্যে তোমার ধর্ম্ম গোপন
করিয়া রাখি না, তোমার সত্যতা ও তোমার কৃত পরিত্রাণ
সর্ব্বত্র প্রকাশ করিয়া থাকি, তোমার অনুগ্রহ ও যথার্থতা
১১ মহামণ্ডলীতেও গুপ্ত রাখি না। হে পরমেশ্বর, আমার প্রতি
তোমার কৃপাকে বদ্ধ করিও না; তোমার অনুগ্রহ ও যথার্থতা-
১২ দ্বারা সর্ব্বদা আমার রক্ষা হউক। অসংখ্যেয় বিপদ্ আমাকে
ঘেরে, ও আমার তাবৎ অপরাধ আমাকে ধরে, আমি ঊর্দ্ধ-

পরিত্রাণং বিধাতুং মে ক প্রসীদ পরেশ্বর। ১৩
মামকীনোপকারার্থং ত্বং ত্বরস্ব পরেশ্বর ॥
মৎপ্রাণান্ মৃগয়ন্তে যে তৎসংহারং চিকীর্ষবঃ। ১৪
লজ্জান্বিতা বিবর্ণাশ্চ সর্ব্ব এব ভবন্তু তে।
ব্রীড়িতাশ্চ পরাবৃত্তা মদনিষ্টপ্রিয়া জনাঃ ॥
যে মাং বদন্তি হাহেতি তে স্তব্ধা স্বলজ্জয়া ॥ ১৫
সর্ব্বে ত্বদর্থিনস্তুষ্টা আনন্দন্তূল্লসন্তু চ। ১৬
ত্বত্ত্রাণমোদিনো নিত্যং ব্রূয়ুঃ পরেশ্বরো জয়ী ॥
অহং দুঃখী দরিদ্রশ্চ কিন্তু মাং মন্যতে প্রভুঃ। ১৭
ত্বং মে রক্ষী সহায়শ্চ ন চিরায় মদীশ্বর ॥

দৃষ্টি করিতে পারি না; আমার মস্তকের কেশ অপেক্ষাও তাহা অধিক; অতএব আমার মনশ্চেতনা আমাকে ত্যাগ করিতেছে।

হে পরমেশ্বর, অনুগ্রহ করিয়া আমাকে উদ্ধার কর; হে ১৩ পরমেশ্বর, ত্বরায় আমার উপকার কর। যাহারা আমার প্রাণকে ১৪ নষ্ট করিতে চেষ্টা করে, তাহারা একেবারে লজ্জিত ও অপ্রতিভ হউক; ও যাহারা আমার বিপদে আনন্দ করে, তাহারা পরাঙ্মুখ ও বিনম্র হউক। এবং যাহারা হাঃ বলিয়া আমাকে বিদ্রূপ ১৫ করে, তাহারা আপনাদের লজ্জা প্রযুক্ত স্তব্ধ হউক। কিন্তু ১৬ তোমার চেষ্টাকারি সকলে তোমাতে আনন্দিত ও উল্লাসিত হউক, এবং যাহারা তোমার কৃত পরিত্রাণে প্রেম করে, তাহারা সর্ব্বদা এ কথা কহুক, পরমেশ্বর মহামহিমান্বিত হউন। আমি ১৭ দুঃখী ও দরিদ্র, কিন্তু প্রভু আমার বিষয়ে চিন্তা করেন; তুমি আমার উপকারী ও রক্ষাকর্ত্তা; হে আমার ঈশ্বর, বিলম্ব করিও না।

৪১ সংখ্যকং গীতং।

১ দয়ালুলোকস্য ধন্যত্বং ৪ বিশ্বাসঘাতকতা বিষয়ে [illegible]

বিলাপঃ ১০ প্রার্থনা চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো ধর্ম্মগীতং।

১ যো দীনং প্রতি সদ্ভাবো ধন্য এব স মানবঃ।
দুর্দ্দিনে পরমেশেন তস্যোদ্ধারো বিধাস্যতে॥
২ রক্ষিত্বা পরমেশেন জীবিতঃ স চ নীবৃতি।
সুখং প্রাপ্স্যতি শত্রূণাং স্বেচ্ছায়াং ন সমর্পিতঃ॥
৩ পরেশো ব্যাধিশয্যায়াং স্বয়ং তং ধারয়িষ্যতি।
রোগিণস্তস্য কৃৎস্নাঞ্চ শয্যাং সজ্জীকরিষ্যতি॥
৪ ময়োক্তং পরমেশ ত্বং করুণাং কুরু মাং প্রতি।
স্বস্থং কুরু মমাত্মানং যতস্ত্বাং প্রতি দোষ্যহং॥
৫ মামুদ্দিশ্য কুভাবেন ভাষন্তে মম বৈরিণঃ।

---

৪১ গীত।

১ দয়ালু লোকের ধন্যতা, ৪ ও বিশ্বাসঘাতকতা বিষয়ে বিলাপ, ১০ ও প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ যে জন দীনহীনের সহিত সদ্ব্যবহার করে সে ধন্য, বিপদকালে ২ পরমেশ্বর তাহাকে রক্ষা করিবেন। পরমেশ্বর তাহাকে বাঁচাইয়া প্রতিপালন করিবেন, ও দেশে সুখী করিবেন, এবং শত্রুগণের ৩ ইচ্ছাতে তাহাকে সমর্পণ করিবেন না। পরমেশ্বর ব্যাধিশয্যার উপরে তাহাকে সবল করিবেন, ও রোগেতে তাহার তাবৎ শয্যা প্রস্তুত করিবেন।

৪ আমি কহিলাম, হে পরমেশ্বর, তুমি করুণা করিয়া আমার মনকে সুস্থ কর, কেননা আমি তোমার বিরুদ্ধে অপরাধ ৫ করিলাম। আমার শত্রু আমার বিষয়ে এই২ রূপ দুষ্ট কথা কহে, 'সে কবে মরিবে? ও কত দিনে তাহার নাম লুপ্ত হই-

কদায়ং ত্যক্ষ্যতি প্রাণান্ অস্য নাম চ নংক্ষ্যতি ॥
স চেন্মাং দ্রষ্টুমায়াতি তদা মাং সান্ত্বয়ন্ মৃষা। ৬
সঞ্চিনোত্যহিতং চিত্তে বহির্গত্বা চ ভাষতে ॥
মিথো মে দ্বেষিণঃ সর্বে মাং নিন্দন্তি জনান্তিকং। ৭
মদ্বিরুদ্ধঞ্চ কুর্বন্তি মদনিষ্টায় কল্পনাং ॥
কুকর্মাসজ্জতেঽমুষ্মিন্ অসৌ যচ্ছয়নং গতঃ। ৮
তস্মাৎ পুনঃ সমুত্থাতুং কর্হিচিন্নহি শক্ষ্যতি ॥
মিত্রং বিশ্বাসপাত্রং মে মৎপূপাশী চ যো নরঃ। ৯
সোঽপি মৎপ্রাতিকূল্যেন পার্ষ্ণিক্ষেপং করোতি হি ॥
অতো হে পরমেশ ত্বং করুণাং কুরু মাং প্রতি। ১০
মামুত্থাপয় তেনৈব তেভ্যো দাস্যাম্যহং ফলং ॥
মদ্দ্বেষী মদ্বিরুদ্ধং ন জয়নাদং করিষ্যতি। ১১
অনেনাহং বিজানামি ত্বত্তুষ্টির্ময়ি বর্ত্ততে ॥
মদীয়শুদ্ধতাহেতো র্ধারয়িষ্যতি মাং ভবান্। ১২

বে?' সে যদি আমাকে দেখিতে আইসে, তবে মিথ্যা কহিতে২ ৬ মনের মধ্যে দুষ্টতা সঞ্চয় করে, পরে বাহিরে গিয়া তাহা প্রকাশ করে। আমার ঘৃণাকারিগণ পরস্পর কাণাকাণি করিয়া আ[illegible]র ৭ বিরুদ্ধে সর্ব্বদা এমত মন্দ চিন্তা করে, 'দুষ্টতার ফল তা[illegible]তে ৮ ফলিতেছে; সে শয্যাগত হইল, পুনর্ব্বার উঠিতে পারিবে না।' আমার সুহৃৎ, যাহাতে প্রত্যাশা রাখিতাম, ও যে আমার ৯ রুটী আহার করিত, সেও আমার বিরুদ্ধে পাদমূল উঠায়।

হে পরমেশ্বর, তুমি দয়া করিয়া আমাকে উত্থাপন কর, আমি ১০ তাহাদিগকে ইহার প্রতিফল দিব। আমার শত্রু জয় করে নাই, ১১ ইহাতে আমি জানি তুমি আমাতে সন্তুষ্ট আছ। তুমি আমার ১২ সারল্যে আমাকে রক্ষা করিবা, ও সর্ব্বদা আপন সাক্ষাতে আমাকে স্থান দিবা।

সদাকালং ভবৎনাকালাৎ নশ্যাপরিবর্ত্তি ॥

১৩ ইস্রায়েলঃ প্রভুঃ পরমেশ্বরোঽনন্তকালং যাবৎ সদা
ধন্যো ভূয়াৎ। তথাস্তু। তথাস্তু ॥

---

৪২ দ্বিচত্বারিংশৎ গীতং।

১ পরমেশ্বরস্য মন্দিরাৎ দূরীভবনাৎ দায়ূদো দুঃখং ৬ তৎসমীপং পুনর্গন্তুং তস্যেচ্ছা চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং কোরহীয়বংশস্যোপদেশগীতং।

১ তোয়স্রোতাংসি সম্প্রাপ্তুং মৃগী চাকাংক্ষ্যতে যথা।
ঈশ্বর ত্বাং মদীয়াত্মা প্রাপ্তুং চাকাংক্ষ্যতে তথা ॥

২ ঈশার্থং মে মনস্তৃষ্ণক্ লিপ্সতেঽমরমীশ্বরং।
আগত্যেশ্বরপ্রত্যক্ষম্ উপস্থাস্যাম্যহং কদা ॥

৩ জায়তে মম নেত্রাম্বু দেহযাত্রা দিবানিশং।
যৎ পৃচ্ছ্যো হ্যহং সদা লোকৈরীশস্তে কুত্র বিদ্যতে ॥

---

১৩ ইস্রায়েলের প্রভু পরমেশ্বর, আদ্যোপান্ত পর্য্যন্ত ধন্য হউন্। আমেন, আমেন।

৪২ গীত।

১ পরমেশ্বরের মন্দিরহইতে দূর হওয়াতে দায়ূদের দুঃখ, ৬ ও তাহার কাছে ফিরিতে তাহার ইচ্ছা।

প্রধান বাদ্যকরকে দাতব্য কোরহীয় বংশের
উপদেশগীত।

১ হরিণ যেমন জলস্রোতের আকাঙ্ক্ষা করে, হে ঈশ্বর, আমার
২ প্রাণ তদ্রূপ তোমার আকাঙ্ক্ষা করিতেছে। ঈশ্বরের নিমিত্তে, অর্থাৎ অমর ঈশ্বরের কারণ আমার প্রাণ তৃষ্ণার্ত্ত হইতেছে;
৩ আমি কখন আসিয়া ঈশ্বরের সাক্ষাতে উপস্থিত হইব? লোকেরা সর্ব্বদা আমাকে বলে, তোমার ঈশ্বর কোথায়? এই কথা

মমৈতৎ স্মরতোঽন্তঃস্থং নিজচিত্তং বিলীয়তে। ৪
যতোঽহং জনযাত্রায়া অগ্রু ঈশস্য মন্দিরং।
হর্ষস্তুতিরবৈর্যাতঃ পার্বণির্নিবহৈঃ সহ॥
কুতঃ সীদসি মচ্চিত্ত ক্ষোভসে চ মদন্তরে। ৫
প্রতীক্ষস্বেশ্বরং যস্মাৎ স ময়া স্তোষ্যতে পুনঃ।
স্তোষ্যতে চ পরিত্রাণং তদীয়াননমণ্ডলং॥
হে মদীশ্বর মচ্চিত্তম্ অবসীদতি মেঽন্তরে। ৬
ততোঽহং সংস্মরামি ত্বাম্ অত্র যর্দ্দননীবৃতি।
হর্ম্মোণাখ্যেষু শৈলেষু মিৎসিয়ারে চ ভূধরে॥
ত্বদীয়স্রোতসাং শব্দাদ্ অব্ধিরাহূয়তেঽব্ধিনা। ৭
সকলৈস্তব কল্লোলৈস্তরঙ্গৈশ্চাহমাপ্লুতঃ॥
মৎসেবায়ৈ পরেশেন স্বকৃপাদেক্ষ্যতে দিবা। ৮
স্থাস্যতি ক্ষণদায়াঞ্চ গীতির্মে সহবর্ত্তিনী।
মহ্যং জীবনদাতারং চেশ্বরং প্রতি প্রার্থনা॥

প্রযুক্ত আমি দিবারাত্রি অশ্রুজল পান করিতেছি। তাহা মনে ৪
করিলে আমার হৃদয় গলিত হয়, কেননা আমি লোকারণ্যের
অগ্রে চলিয়া পর্ব্বপালনকারি জনতার সহিত জয় ও প্রশংসা-
ধ্বনি করিতে২ ঈশ্বরের মন্দিরে গমন করিতাম। হে আমার ৫
মন, তুমি কেন শোকার্ত্ত হও? ও আমার অন্তরে কেন ব্যাকুল
হও? ঈশ্বরের অপেক্ষা কর; তাঁহার শ্রীমুখ আমার পরিত্রাণ-
জনক, আমি এখনও তাঁহার গুণানুবাদ করিব।

হে আমার ঈশ্বর, আমার প্রাণ আমার অন্তরে শোকাকুল ৬
হইতেছে; অতএব আমি যর্দ্দন্ ও হর্ম্মোণ্ দেশে ও মিৎসিয়র্
পর্ব্বতে তোমাকে স্মরণ করিতেছি। তোমার ঝোরাসমূহের শব্দ- ৭
দ্বারা এক গভীর জল অন্য গভীর জলকে আহ্বান করিতেছে,
ও তোমার তরঙ্গ ও প্রবল ঢেউ সকল আমার উপর দিয়া যা-
ইতেছে। তথাপি পরমেশ্বরের আজ্ঞাতে দিবসে তাঁহার অনুগ্রহ ৮

৯ ঈশং বক্ষ্যামি মচ্ছৈল কুতোঽহং বিস্মৃতস্ত্বয়া।
কুতো ভ্রাম্যামি শোকার্ত্তঃ শত্রো দৌরাত্ম্যকারণাৎ॥
১০ মদস্থিব্যাপিমারীব নিন্দা মে বিপক্ষৈরিতি।
সর্ব্বদা ভাষমাণৈর্যাম্ ঈশস্তে কুত্র বিদ্যতে॥
১১ কুতঃ সীদসি মচ্চিত্ত ক্ষোভসে চ মদন্তরে।
প্রতীক্ষস্বেশ্বরং যস্মাৎ স ময়া স্তোষ্যতে পুনঃ।
মামকীনস্য বক্ত্রস্য ত্রাণকর্ত্তা মদীশ্বরঃ॥

---

৪৩ ত্রিচত্বারিংশং গীতং।

পরমেশ্বরীয়ং মন্দিরং প্রতি পরিবর্ত্তনকালে আনন্দপূর্ব্বকম্ ঈশ্বরমারাধয়িতুং দায়ূদো মানসং।

১ বিধেহীশ বিচারং মে মদর্থক্ষোত্তরং বদন্।
বাদিভ্যো ধর্ম্মহীনেভ্যো জনেভ্যঃ পরিরক্ষ মাং।
ধূর্ত্তাদ্ অন্যায়শীলাচ্চ মানবাম্মাং সমুদ্ধর॥

ও রাত্রিতে তাঁহার প্রশংসাগীত এবং জীবনদাতা ঈশ্বরের কাছে
৯ প্রার্থনা আমার সহচর হইবে। আমি আপন পর্ব্বতস্বরূপ ঈশ্বরের কাছে এই কথা বলিব, তুমি কেন আমাকে বিস্মৃত হইতেছ? আমি কেন শত্রুনিন্দাপ্রযুক্ত শোকান্বিত হইয়া ভ্রমণ করিতেছি?
১০ আর 'তোমার ঈশ্বর কোথায়?' এই অপমানের কথাদ্বারা আমার বৈরিগণ সমস্ত দিন অস্থিভঙ্গের ন্যায় আমাকে বেদনা
১১ দিতেছে। হে আমার মন, তুমি কেন শোকার্ত্ত হও? ও আমার অন্তরে কেন ব্যাকুল হও? ঈশ্বরের অপেক্ষা কর; তিনি আমার মুখের প্রসন্নতাজনক ও আমার ঈশ্বর, আমি এখনও তাঁহার গুণানুবাদ করিব।

৪৩ গীত।

পরমেশ্বরের মন্দিরের প্রতি ফিরিবার সময়ে আনন্দপূর্ব্বক ঈশ্বরের আরাধনা করিতে দায়ূদের মানস।

১ হে ঈশ্বর, আমার বিচার কর, ও অধার্ম্মিক জাতির সহিত আমার বিবাদ নিষ্পত্তি কর, এবং প্রবঞ্চক ও পাপিষ্ঠ মনুষ্য হইতে আমাকে

ঈশো মদ্দুর্গরূপস্ত্বং কিমর্থং মাং বিগর্হসে। ২
কুতো ভ্রাম্যামি শোকার্ত্তঃ শত্রো দৌরাত্ম্যকারণাৎ॥
ত্বদীপ্তিসত্যস্তে প্রেষ্য তাভ্যাং মাং বর্ত্ম দর্শয়। ৩
তে মাং ত্বৎপুণ্যশৈলঞ্চ ত্বদাবাসাংশ্চ নেষ্যতঃ॥
ঈশস্য বেদিমীশঞ্চ মে হর্ষোল্লাসদং তদা। ৪
প্রাপ্যাহং বীণয়া স্তোষ্য ঈশ্বর ত্বাং মদীশ্বরং॥
কুতঃ সীদসি মচ্চিত্ত ক্ষোভসে চ মদন্তরে। ৫
প্রতীক্ষস্বেশ্বরং যস্মাৎ স ময়া স্তোষ্যতে পুনঃ।
মামকীনস্য বক্ত্রস্য ত্রাণকর্ত্তা মদীশ্বরঃ॥

---

৪৪ চতুশ্চত্বারিংশং গীতং।

১ সমাজস্য বিলাপঃ ২০ প্রার্থনা চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং কোরহীয়সন্তানানাম্ উপদেশগীতং।

ঈশ্বরাশ্রাবি নঃ কর্ণৈঃ পিতৃভি র্নো নিবেদিতা। ১

উদ্ধার কর। তুমিই আমার দুর্গস্বরূপ ঈশ্বর; কেন আমাকে অগ্রাহ্য করিতেছ? এবং আমি কেন শত্রুনিন্দাপ্রযুক্ত শোকান্বিত হইয়া ভ্রমণ করিতেছি? হে প্রভো, তোমার দীপ্তি ও সত্যকে প্রেরণ কর; তাহা আমার পথদর্শক হইয়া তোমার পবিত্র পর্ব্বতে ও বাসস্থানে আমাকে লইয়া যাইবে। তাহাতে আমি ঈশ্বরের বেদির নিকটে ও আপন পরমানন্দজনক ঈশ্বরের নিকটে উপস্থিত হইব, এবং হে ঈশ্বর, হে আমার ঈশ্বর, বীণাযন্ত্রেতে তোমার গুণানুবাদ করিব। হে আমার মন, তুমি কেন শোকার্ত্ত হও? ও আমার অন্তরে কেন ব্যাকুল হও? ঈশ্বরের অপেক্ষা কর; তিনি আমার মুখের প্রসন্নতাজনক ও আমার ঈশ্বর, আমি এখনও তাঁহার গুণানুবাদ করিব। ২ ৩ ৪ ৫

৪৪ গীত।

১ মণ্ডলীর বিলাপ, ২০ ও প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য কোরহীয় বংশের উপদেশগীত।

হে ঈশ্বর, পূর্ব্বকালে আমাদের পূর্ব্বপুরুষদের বর্ত্তমান সময়ে তুমি ১

ক্রিয়া ত্বয়া কৃতা তেষাং কালে পূর্ব্বদিনেষু হি॥
২ স্বকরেণান্যজাতীয়ান্ উৎপাট্য তান্ অরোপয়ঃ।
নাশয়িত্বা প্রজাস্তাংশ্চ ব্যদধা দীর্ঘপল্লবান্॥
৩ যস্মাত্তে ন স্বখড়্গেন প্রাপুর্দেশাধিকারিতাং।
নিজবাহুবলাদ্বা তে বভূবুর্জয়িনো নহি॥
তব দক্ষিণহস্তেন বাহুনা চ নিষেধ তৎ।
ত্বন্মুখস্য প্রসাদাচ্চ যতস্ত্বং তেষু তুষ্টবান্॥
৪ ঈশ ত্বং মম রাজাসি যাকুবত্রাণমাদিশ॥
৫ ত্বয়া বয়ং বিতোৎস্যামঃ শৃঙ্গাঘাতৈর্বিরোধিনঃ।
ত্বন্নাম্না মর্দ্দয়িষ্যামঃ পাদাভ্যাং পরিপন্থিনঃ॥
৬ যতো হেতোঃ স্বকোদণ্ডে বিশ্বাসং ন করোম্যহং।
মামকীনশ্চ খড়্গো ন জয়িনং বিদধাতি মাং॥
৭ কিন্তুস্মাকমরাতিভ্যস্ত্বমস্মান্ পরিরক্ষসি।
অস্মাকং দ্বেষিণশ্চ ত্বং প্রাপ্তলজ্জান্ করোষি হি॥

যে২ কার্য্য করিয়াছিলা, তাহা আমরা স্বকর্ণে শুনিয়াছি; তাহারা
২ আমাদের নিমিত্তে বর্ণনা করিয়াছে। তুমি আপন হস্তে অন্য-
জাতীয়দিগকে দূর করিয়া তাহাদিগকে বসাইয়াছিলা, এবং সমূহ-
৩ লোকদিগকে শাস্তি দিয়া তাহাদিগকে বিস্তার করিয়াছিলা। তা-
হারা আপন২ খড়্গদ্বারা দেশাধিকার পাইয়াছিল, কিম্বা আ-
পন২ বাহুবলেতে জয়ী হইয়াছিল, তাহা নহে; কিন্তু তুমি তা-
হাদিগেতে সন্তুষ্ট হওয়াতে আপন প্রসন্ন বদন ও দক্ষিণ হস্ত ও
৪ বাহুবলদ্বারা তাহা করিয়াছিলা। হে ঈশ্বর, তুমি আমার রাজা;
৫ যাকুবকে পরিত্রাণ করিতে আজ্ঞা হউক; তোমাদ্বারা আমরা শত্রু-
দিগকে শৃঙ্গাঘাত করিব, এবং তোমার নামের গুণে আপন বিপক্ষ-
৬ গণকে পদতলে দলিব। আমি নিজ ধনুকেতে বিশ্বাস করিব না,
৭ আমার খড়্গ আমাকে রক্ষা করিবে না; কিন্তু তুমিই শত্রুগণ-
হইতে আমাদিগকে রক্ষা করিবা ও ঘৃণাকারিগণকে লজ্জা দিবা।

ঈশ্বরস্য বয়ং শ্লাঘাং কুর্ম্মহে নিখিলং দিনং। ৮
অস্মাভি র্ভবতো নাম স্তূয়তে চ নিরন্তরং ॥ সেলা ॥
তথাপি গর্হয়ন্নস্মান্ ত্বং করোষ্যপমানিতান্। ৯
অস্মাকং বাহিনীনাঞ্চ মধ্যে ত্বং ন প্রগচ্ছসি ॥
ত্বমস্মাংশ্চ বিপক্ষেভ্যঃ বিদধাসি পরাঙ্মুখান্। ১০
অস্মাকং দ্বেষিণস্তস্মাৎ লোঠয়ন্তি ধনানি হি ॥
ত্বমস্মান্ বধ্যমেষাণাং তুল্যতায়াং নিযুক্তবান্। ১১
অন্যজাতীয়লোকানাং মধ্যে চাস্মান্ বিকীর্ণবান্ ॥
বিনা বিনিময়ং ত্বঞ্চ বিক্রীণাসি নিজাঃ প্রজাঃ। ১২
তাসাং মূল্যেন নাপ্নোতি বৃদ্ধিং কাঞ্চন তে ধনং ॥
বিদধাসি ত্বমস্মাংশ্চ নিন্দ্যান্ নিকটবাসিভিঃ। ১৩
হাস্যাস্পদমবজ্ঞেয়ং চতুর্দ্দিক্স্থনৃণামপি ॥
বিদধাসি ত্বমস্মাংশ্চ দৃষ্টান্তং ভিন্নদেশিনাং। . ১৪
শিরশ্চালনপাত্রঞ্চ পররাষ্ট্রনিবাসিনাং ॥
সর্ব্বদা মম লজ্জা হি মৎপ্রত্যক্ষং বিতিষ্ঠতে। ১৫

আমরা সমস্ত দিন ঈশ্বরের শ্লাঘা করিব, ও সর্ব্বদা তোমার নামের ৮
প্রশংসা করিব। সেলা। কিন্তু তুমি আমাদিগকে দূর করিয়া লজ্জা ৯
দিতেছ, এবং আমাদের সৈন্যের সহিত গমন না করিয়া শত্রুহইতে ১০
আমাদিগকে পরাঙ্মুখ করিতেছ, এবং ঘৃণাকারিগণ আমাদের
দ্রব্যাদি লুট করিতেছে। তুমি আমাদিগকে ছেদনীয় মেষগণের ১১
ন্যায় করিতেছ, এবং অন্যজাতীয়দের মধ্যে ছিন্নভিন্ন করিতেছ। ও ১২
আপন লোকদিগকে বিনা মূল্যে বিক্রয় করিতেছ, তাহাদের
বিক্রয়দ্বারা তোমার বৃদ্ধি হয় না। তুমি প্রতিবাসিগণের নিকটে ১৩
আমাদিগকে নিন্দিত, ও চতুর্দ্দিক্স্থিত লোকদের কাছে আমা-
দিগকে হাস্যাস্পদ ও তিরস্কৃত করিতেছ। এবং আমাদিগকে অন্য ১৪
জাতিদের গল্পের বিষয় ও লোকদের মধ্যে শিরশ্চালনের আস্পদ
করিতেছ। এবং নিন্দক ও তিরস্কারির বাক্যদ্বারা এবং শত্রু ও ১৫

আচ্ছাদয়তি মাং নিত্যং কজ্জল্যা বিবর্ণতা ॥

১৬ মৎপরিহাসকর্ত্তুশ্চ নিন্দকস্য চ বাক্যতঃ।
বৈরিণঃ প্রতিহন্তুশ্চ বৈরিত্বকারণাদপি ॥

১৭ সর্ব্বৈরেতৈঃ সমাক্রান্তা বয়ং ত্বাং ব্যস্মরাম নো।
ন ছলং কৃতবন্তো বা ত্বদীয়ং নিয়মং প্রতি ॥

১৮ অন্তঃকরণমস্মাকং নহি জাতং পরাঙ্মুখং।
অস্মাকং পাদবিক্ষেপস্তব মার্গান্ন নির্গতঃ ।

১৯ কুতো বয়ং ত্বয়া চূর্ণাঃ স্থানে নাগনিসেবিতে।
কিমর্থঞ্চ সমাচ্ছন্না মরণচ্ছায়য়া বয়ং ॥

২০ অস্মদীয়েশিতু র্নাম ব্যস্মরিষ্যাম চেদ্ বয়ং।
ইতরেশ্বরবুদ্ধিশ্যাকরিষ্যাম করাঞ্জলিং ॥

২১ তর্হি তস্যানুসন্ধানং নাকরিষ্যৎ কিমীশ্বরঃ।
যতো হেতোঃ স জানাতি মনসো গুপ্তকল্পনাঃ ॥

২২ ত্বদর্থং জায়তে ঽস্মাকং প্রাণহত্যাখিলং দিনং।
বধ্যানামেব মেষাণাং তুল্যা গণ্যামহে বয়ং ॥

---

১৬ কোপাচারির কর্ম্মদ্বারা আমার অপমান সমস্ত দিন আমার সম্মুখে
১৭ থাকে, ও লজ্জা আমার মুখ আচ্ছাদন করে। আমাদের প্রতি
এই সমস্ত ঘটে; তথাপি আমরা তোমাকে বিস্মৃত হই নাই,
১৮ ও তোমার নিয়ম অমান্য করি নাই; এবং আমাদের মন নিবৃত্ত
১৯ হয় নাই, ও তোমার পথহইতে আমাদের চরণ টলে নাই। কিন্তু
তুমি নাগগণের আলয়ে আমাদিগকে ভগ্ন করিতেছ, ও মৃত্যুচ্ছা-
য়াতে আচ্ছন্ন করিতেছ।

২০ আমরা যদি আপনাদের ঈশ্বরের নাম বিস্মৃত হইয়া ইতর
২১ দেবের সম্মুখে কৃতাঞ্জলি হইয়া থাকি, তবে ঈশ্বর কি তাহার অনু-
সন্ধান করিবেন না? যেহেতুক তিনি মনেরও গুপ্ত কথা জ্ঞাত
২২ আছেন। আমরা তোমার নিমিত্তে সমস্ত দিন মৃত্যুমুখে আছি;

গন্ধরসাগুরুভ্যাঞ্চ ত্বক্পত্রৈরপি সর্ব্বশঃ। ৮
তাবকীনানি বস্ত্রাণি বাসিতানি ভবন্তি হি।
দন্তিদন্তময়েভ্যস্তু প্রাসাদেভ্যঃ প্রনন্দ্যসে॥

স্ত্রীরত্নানাং ত্বদীয়ানাং কাশ্চিৎ সন্তি নৃপাত্মজাঃ। ৯
রাজ্ঞী তিষ্ঠতি তে দক্ষ ওফীরস্বর্ণভূষিতা॥

শৃণু কন্যে নিরীক্ষস্ব স্বীয়কর্ণৌ নিধৎস্ব চ। ১০
ত্বয়া বিস্মর্য্যতাং স্বীয়া জাতি র্গেহশ্চ পৈতৃকঃ॥

তাবকীনঞ্চ সৌন্দর্য্যং নরনাথো ঽভিকাংক্ষতু। ১১
যস্মাৎ স তে প্রভুস্তস্মৈ প্রণামঃ ক্রিয়তাং ত্বয়া॥

তেন সোরাভিধা কন্যা সমানেষ্যত্যুপায়নং। ১২
লোকৈশ্চাতিধনাঢ্যৈস্তে মুখং প্রসাদয়িষ্যতে॥

সর্ব্বথা শোভয়া যুক্তা পুরান্তঃস্থা নৃপাত্মজা। ১৩
স্বর্ণসূত্রীয়বাসাংসি সন্তি তস্যাঃ পরিচ্ছদঃ॥

চিত্রিতৈ র্ভূষিতা বস্ত্রৈ র্নীয়তে সা নৃপান্তিকং। ১৪
সখ্যঃ কন্যাশ্চ তৎপশ্চাৎ প্রাপ্যন্তে তব সম্মুখং॥

তোমাকে অভিষিক্ত করিয়াছেন। এবং গন্ধরস ও অগুরু ও দারচি- ৮
নীতে তোমার তাবৎ বস্ত্র সুবাসিত হয়, ও হস্তিদন্তনির্ম্মিত অট্টা-
লিকাতে বাদ্যাদি তোমার আনন্দ জন্মায়। তোমার প্রধান স্ত্রীগণের ৯
মধ্যে রাজকুমারীরা আছে, এবং তোমার দক্ষিণ দিগে ওফীরীয়
সুবর্ণেতে ভূষিতা রাণী দণ্ডায়মানা আছে। হে কন্যে, কথা শুন ও ১০
কর্ণ পাতিয়া মনোযোগ কর: তোমার জাতিকে ও পিতৃগৃহকে
বিস্মৃত হও। তাহাতে রাজা তোমার সৌন্দর্য্যে সন্তুষ্ট হইবেন; ১১
তিনিই তোমার প্রভু, তুমি তাঁহাকে প্রণাম কর। তাহাতে সোরের ১২
কন্যা উপঢৌকন আনিবে, ও ধনি লোকেরা তোমার নিকটে বি-
নতি করিবে। অন্তঃপুরে রাজকুমারী সর্ব্বতোভাবে শোভা বিশিষ্টা ১৩
ও স্বর্ণসূত্রের বস্ত্রেতে বস্ত্রান্বিতা আছে; সে বিচিত্র পরিচ্ছদে ১৪

১৫ হর্ষনাদেন নীতাস্তাঃ প্রবিশন্তি নৃপালয়ং ॥

১৬ গতানাং তব তাতানাং পদং প্রাপ্স্যন্তি তে সুতাঃ।
ত্বং কৃৎস্নায়াশ্চ মেদিন্যাঃ প্রভুত্বে তান্ নিযোক্ষ্যসি ॥

১৭ পুরুষানুক্রমেণাহং স্মারয়িষ্যামি নাম তে।
সার্ব্বকালিকলোকাশ্চ করিষ্যন্তি তব স্তবং ॥

---

৪৬ ষট্চত্বারিংশৎ গীতং।

জয়কারণায় রাগেণ পরমেশ্বরস্য ধন্যবাদনং।

কোরহবংশীয়বাদ্যনিয়ন্ত্রে দাতব্যম্ অলামোতাখ্য-
স্বরযুক্তং গীতং।

১ ঈশ্বরঃ স্বয়মেবাস্তি শরণ্যঞ্চ বলঞ্চ নঃ।
উপকারো বিপৎকালে বহুধা সুপরীক্ষিতঃ ॥

২ ততো হেতো র্ন ভেষ্যামো বিকৃতায়াং ক্ষিতাবপি।
মহাবারিনিধে র্মধ্যে কম্পমানেষু চাদ্রিষু ॥

রাজার নিকটে আনীতা হইবে, ও তাহার পশ্চাদ্বর্ত্তিনী সহচরী
১৫ কুমারীরা তাঁহার নিকটে আনীতা হইবে। তাহারা আনন্দে ও
১৬ উল্লাসে আনীতা হইয়া রাজমন্দিরে প্রবেশ করিবে। তোমার
পিতৃগণ গত হইলে তোমার সন্তানেরা থাকিবে; তুমি তাহাদি-
১৭ গকে তাবৎ পৃথিবীর অধ্যক্ষপদে নিযুক্ত করিবা। আমি তোমার
নাম পুরুষপরম্পরায় স্মরণ করাইব; তাহাতে লোকেরা নিরন্তর
তোমার প্রশংসা করিবে।

৪৬ গীত।

জয়ের নিমিত্তে দায়ূদের পরমেশ্বরের ধন্যবাদ করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য অলামোৎ নামে স্বরযুক্ত
কোরহীয় বংশের গীত।

১ ঈশ্বর আমাদের আশ্রয় ও বলস্বরূপ, তিনি বিপদকালে অতি
২ নিকটবর্ত্তি উপকারিরূপে পরিচিত হন। অতএব পৃথিবী যদ্যপি টলে

তস্য তোয়েষু গর্জ্জৎসু ফেনমুৎপাদয়ৎসু চ। ৩
বেপমানেষু শৈলেষু তদীয়োম্মাদকারণাৎ ।। সেলা ।।
নদ্যেকা বিদ্যতে তস্যাঃ প্রবাহৈঃ পরিহর্ষ্যতে। ৪
ঈশ্বরস্য পুরী পূতা সর্ব্বশ্রেষ্ঠস্য বেশ্মভিঃ ।।
ঈশস্তিষ্ঠতি তন্মধ্যে তস্মাৎ সা ন চলিষ্যতি। ৫
ঈশ্বরোঽহর্ম্মুখে তস্যা উপকারং করিষ্যতি ।।
গর্জ্জন্তি ভিন্নজাতীয়া রাষ্ট্রাণি প্রচলন্তি চ। ৬
ঈরিতে স্বরবে তেন মেদিনী বিগলিষ্যতি ।।
অস্মাকং সহবর্ত্তী তু সৈন্যাধ্যক্ষঃ পরেশ্বরঃ। ৭
যাকুবস্যেশ্বরোঽস্মাকম্ উচ্চদুর্গবদাশ্রয়ঃ ।। সেলা ।।
যূয়মাগত্য কর্ম্মাণি পরমেশস্য পশ্যত। ৮
তেনৈব মেদিনীমধ্যে মহোৎপাতো বিধীয়তে ।।
পৃথিবীপ্রান্তপর্য্যন্তং প্রশম্যন্তে রণানি চ। ৯
ভজ্যতে তেন কোদণ্ডঃ শূলং তেন বিভিদ্যতে।
রথোঽপি তেন যুদ্ধস্য ভস্মসাৎ ক্রিয়তেঽগ্নিনা ।।

ও পর্ব্বতগণ সমুদ্রের মধ্যে নিক্ষিপ্ত হয়; এবং তাহার তরঙ্গ ঘোর ৩ গর্জ্জন করিয়া বেগে চলে, ও তাহার আস্ফালনে পর্ব্বতগণ কম্পিত হয়, তথাপি আমরা ভয় করিব না। সেলা। এক নদী আছে, ৪ তাহার প্রবাহদ্বারা ঈশ্বরের নগর ও সর্ব্বোপরিস্থের বাসস্থানরূপ ধর্ম্মধাম আনন্দিত হয়। ঈশ্বর তাহার মধ্যে থাকেন; সে কখন ৫ বিচলিত হইবে না; ঈশ্বর অতি প্রত্যুষে তাহার উপকার করিবেন। অন্যজাতীয়েরা কলরব করিবে, ও রাজ্য সকল বিচলিত হইবে; ৬ তিনি আপন রব শুনাইবামাত্র পৃথিবী গলিয়া যাইবে। সৈন্যাধ্যক্ষ ৭ পরমেশ্বর আমাদের সঙ্গী, ও যাকুবের ঈশ্বর আমাদের উচ্চদুর্গস্বরূপ। সেলা। আইস, আমরা পরমেশ্বরের কর্ম্ম দেখি, তিনি ৮ পৃথিবীতে কি প্রকার উৎপাত করেন! তিনি পৃথিবীর সীমা পর্য্যন্ত ৯ যুদ্ধ নিবৃত্ত করেন, ও ধনু ভগ্ন করেন ও বড়শা খণ্ড২ করেন, ও

১০ যূয়ং বিরম্য বুধ্যধ্বম্ অহমেবাস্ম ঈশ্বরঃ।
প্রভবাম্যন্যজাতীনাং মেদিন্যাঃ প্রভবামি চ॥

১১ অস্মাকং সহবর্ত্তী তু সৈন্যাধ্যক্ষঃ পরেশ্বরঃ।
যাকুবস্যেশ্বরোঽস্মাকম্ উচ্চদুর্গবদাশ্রয়ঃ॥ সেলা॥

---

৪৭ সপ্তচত্বারিংশং গীতং।

ঈশ্বরস্য বশীভূতত্বং প্রশংসাকরণঞ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং কোরহীয়বংশস্য ধর্ম্মগীতং।

১ হে প্রজাঃ সকলা যূয়ং করতালেন নন্দত।
ঈশার্থং হর্ষনাদেন কুরুধ্বঞ্চ জয়ধ্বনিং॥

২ যতো হেতোঃ পরেশোঽস্তি সর্ব্বশ্রেষ্ঠো ভয়ঙ্করঃ।
মহান্ রাজাধিরাজশ্চ কৃৎস্নায়া অবনেঃ প্রভুঃ॥

৩ দময়িত্বা প্রজালোকান্ অস্মদ্বশ্যান্ করোতি সঃ।
বিদধাত্যন্যজাতীয়ান্ অস্মৎপাদতলস্থিতান্॥

৪ অস্মৎকৃতে বৃণীতে স বিষয়ঞ্চাস্মদীয়কং।
তদীয়প্রেমপাত্রস্য যাকুবস্য শিরোমণিং॥ সেলা॥

---

১০ অগ্নিতে রথকে দগ্ধ করেন। 'তোমরা ক্ষান্ত হও, এবং আমি ঈশ্বর, ইহা জ্ঞাত হও; আমি অন্যজাতীয়দের মধ্যে মহামহিমান্বিত
১১ হইব, ও তাবৎ পৃথিবীতে মহিমান্বিত হইব।' সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর আমাদের সঙ্গী, ও যাকুবের ঈশ্বর আমাদের উচ্চদুর্গস্বরূপ। সেলা।

৪৭ গীত।

ঈশ্বরের বশীভূত হওনের ও প্রশংসা করণের আবশ্যকতা।

প্রধান বাদ্যকরকে দাতব্য কোরহীয় বংশের ধর্ম্মগীত।

১ হে সমস্ত লোক, তোমরা করতালি দিয়া উচ্চৈঃস্বরে ঈশ্বরের
২ জয়ধ্বনি কর। কেননা সর্ব্বোপরিস্থ পরমেশ্বর ভয়ঙ্কর ও তাবৎ
৩ পৃথিবীর রাজাধিরাজ। তিনি জাতিদিগকে আমাদের অধীন করেন,
৪ ও অন্য দেশীয়দিগকে আমাদের পদতলস্থ করেন। এবং তিনি

কুরুতে জয়নাদেন স্বর্গারোহণমীশ্বরঃ। ৫
কুরুতে তূর্য্যবাদ্যেন স্বর্গারোহং পরেশ্বরঃ॥
তমেবেশ্বরমুদ্দিশ্য যূয়ং গায়ত গায়ত। ৬
অস্মাকং নৃপমুদ্দিশ্য যূয়ং গায়ত গায়ত॥
ঈশঃ কৃৎস্নক্ষিতে রাজা যূয়ং জ্ঞানেন গায়ত॥ ৭
ঈশঃ করোতি রাজত্বং ভিন্নজাতিগণোপরি। ৮
পুণ্যসিংহাসনে স্বীয়ে সুখাসীনঃ স বিদ্যতে॥
সমাযান্তি প্রজাধ্যক্ষা ইব্রাহীমেশিতুঃ প্রজাঃ। ৯
সন্তীশস্যৈব ভূপালাঃ স ত্বতীব সমুন্নতঃ॥

---

৪৮ অষ্টচত্বারিংশং গীতং।

সমাজস্য গৌরবং সুখঞ্চ।

কোরহসন্তানানাং ধর্ম্মগীতং।

অস্মদীয়েশিতুঃ পূর্য্যাং স্বকীয়ে পুণ্যপর্ব্বতে। ১

আমাদের অধিকার মনোনীত করেন; তাহাই তাঁহার প্রিয় যাকুবের রত্নস্বরূপ। সেলা। ঈশ্বর জয়ধ্বনির মধ্যে ও পরমেশ্বর তূরীধ্বনির মধ্যে স্বর্গারোহণ করেন। ঈশ্বরের উদ্দেশে গান কর, গান কর; এবং আমাদের রাজার উদ্দেশে গান কর, গান কর, ঈশ্বর তাবৎ পৃথিবীর রাজা, তাঁহার উদ্দেশে জ্ঞানসূচক গীত গান কর। ঈশ্বর অন্যজাতীয়দের উপরে রাজত্ব করেন; তিনি আপন পবিত্র সিংহাসনে বসিয়া থাকেন। লোকদের অধ্যক্ষগণ ইব্রাহীমের ঈশ্বরের লোক হইয়া একত্র হইতেছে; যেহেতুক পৃথিবীর অধ্যক্ষগণ ঈশ্বরের, তিনি অতি উচ্চপদান্বিত হন। ৫ ৬ ৭ ৮ ৯

৪৮ গীত।

মণ্ডলীর গৌরব ও সুখ।

কোরহীয় বংশের ধর্ম্মগীত।

আমাদের ঈশ্বরের নগরমধ্যে তাঁহার পবিত্র পর্ব্বতে পরমেশ্বর ১

মহান্ অতিপ্রশংস্যশ্চ বিদ্যতে পরমেশ্বরঃ ॥
২ অস্তি প্রাংশুতয়া রম্যঃ কৃৎস্নক্ষিত্যাশ্চ নন্দনঃ।
উদীচ্যন্তে সিয়োনাদ্রি র্মহারাজস্য পত্তনং।
৩ ঈশ্বরস্তস্য হর্ম্ম্যেষু সুবিখ্যাতঃ সমাশ্রয়ঃ ॥
৪ নৃপাঃ পশ্য সমাগত্য যুগপল্লুপ্ততাং গতাঃ ॥
৫ তে নিরীক্ষ্যৈব সংক্ষুব্ধা উদ্বিগ্নাশ্চ পলায়িতাঃ ॥
৬ কম্পো দধার তান্ তত্র প্রসূতামিব বেদনা ॥
৭ তার্শীশগামিপোতাংস্তং ভনক্ষি পূর্ব্ববায়ুনা ॥
৮ অস্মাভি র্যাদৃগশ্রাবি তাদৃগেব নিরীক্ষিতং।
সৈন্যাধ্যক্ষপরেশস্য পুরেঽস্মদীশিতুঃ পুরে।
অনন্তকালপর্য্যন্তং তৎ সংস্থাপয়তীশ্বরঃ ॥ সেলা ॥
৯ ঈশ ত্বদ্বেশ্মনো মধ্যে চিন্তয়ামঃ কৃপাং তব ॥
১০ যাদৃগস্তীশ তে নাম তাদৃগেব তব স্তবঃ।
পৃথিবীপ্রান্তপর্য্যন্তো ধর্ম্মপূর্ণশ্চ তে করঃ ॥

---

২ মহান্ ও অতি প্রশংসনীয়। উত্তরদিগে স্থিত যে সিয়োন পর্ব্বত মহারাজের রাজধানী আছে, সে উচ্চতা প্রযুক্ত অতি রমণীয় ও
৩ তাবৎ পৃথিবীর আনন্দজনক। তাহার অট্টালিকার মধ্যে ঈশ্বর
৪ উচ্চদুর্গরূপে জ্ঞাত আছেন। ঐ দেখ, রাজগণ সভাস্থ হইয়া একে-
৫ বারে লুপ্ত হইল। তাহারা তাহা দেখিবামাত্র স্তব্ধ হইল, এবং
৬ উদ্বিগ্ন হইয়া ত্বরায় পলায়ন করিল। ঐ স্থানে তাহারা কম্পা-
৭ ন্বিত ও প্রসূতীর ন্যায় বেদনাগ্রস্ত হইল। তুমি পূর্ব্বীয় বায়ুদ্বারা
৮ তর্শীশের জাহাজ ভগ্ন করিয়া থাক। আমরা যাহা শুনিয়াছিলাম, তাহা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের নগরে অর্থাৎ আমাদের ঈশ্বরের নগরে দেখিয়াছি, ঈশ্বর সর্ব্বদা তাহা সুস্থির করিয়া রাখিবেন।
৯ সেলা। হে ঈশ্বর, আমরা তোমার মন্দিরের মধ্যে তোমার অনু-
১০ গ্রহের কর্ম্ম মনে চিন্তা করিতেছি। হে ঈশ্বর, তোমার যেমন নাম, পৃথিবীর প্রান্তভাগ পর্য্যন্ত তোমার প্রশংসাও তদ্রূপ; তোমার

হর্ষং যাতি সিয়োনাদ্রি র্যিহূদাঃ পুত্রিকা অপি। ১১
পূর্য্যঃ কুর্ব্বন্তি প্রোল্লাসং বিচারাজ্ঞাকৃতে তব॥
যূয়ং প্রদক্ষিণীকৃত্য সিয়োনং পরিগচ্ছত। ১২
যুষ্মাভিস্তস্য দুর্গাণাং গণনা চ বিধীয়তাং॥
তৎপ্রাচীরে মনো ধত্ত্বং তৎপ্রাসাদান্ প্রপশ্যত। ১৩
সর্ব্বং কথয়িতুং তর্হি ভাবিবংশায় শক্যথ॥
যতো হেতোরসাবীশঃ সর্ব্বদাস্মাকমীশ্বরঃ। ১৪
মৃত্যুকালেঽপি চাস্মাকং মার্গাদেষ্টা ভবিষ্যতি॥

---

৪৯ ঊনপঞ্চাশত্তমং গীতং।

ধনজীবনয়োরসারত্বং।

কোরহবংশীয়বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং ধর্ম্মগীতং।

ভো প্রজাঃ সকলা যূয়ম্ এতৎ সংশ্রোতুমর্হথ। ১
অত্র কর্ণৌ প্রযুংধ্বঞ্চ সর্ব্বে পিষ্টপবাসিনঃ॥
ক্ষুদ্রা মুখ্যাশ্চ সাকল্যাদ্ ধনাঢ্যা দুর্গতা অপি॥ ২

দক্ষিণ হস্ত ধর্ম্মেতে পরিপূর্ণ। তোমার দণ্ডাজ্ঞা প্রযুক্ত সিয়োন ১১ পর্ব্বত আনন্দে প্রফুল্ল হয়, ও যিহূদার পুরী সকল উল্লাসিত হয়। তোমরা সিয়োনকে প্রদক্ষিণ কর, ও তাহার চতুর্দ্দিগে ভ্রমণ ১২ করিয়া তাহার দুর্গ গণনা কর। ও তাহার দৃঢ় প্রাচীরে মনোযোগ ১৩ কর, ও তাহার অট্টালিকা সন্দর্শন কর: তাহাতে তোমরা ভাবি বংশকে তাহার বর্ণনা করিতে পারিবা; এই ঈশ্বর সর্ব্বদা আমাদের ১৪ ঈশ্বর হইবেন, তিনি মৃত্যুকাল পর্য্যন্ত আমাদের পথদর্শক হইবেন।

৪৯ গীত।

ধনের ও মানুষের অসারতা।

প্রধান বাদ্যকরকে দাতব্য কোরহীয় বংশের ধর্ম্মগীত।

হে সমস্ত লোক, তোমরা শ্রবণ কর; হে জগন্নিবাসিগণ, তোমরা ১ মহান্ কি ক্ষুদ্র, ও ধনবান্ কি দরিদ্র; যে হও, আমার কথাতে ২

৩ যতো হেতো র্মদীয়াস্যং জ্ঞানং প্রকাশয়িষ্যতি।
মম মানসিকং ধ্যানং সুবুদ্ধিঞ্চ প্রদাস্যতি ॥

৪ ময়া স্বকীয়কর্ণশ্চ ন্যায়বাক্যে প্রযোক্ষ্যতে।
বীণয়াহং সমারপস্যে স্বকীয়াং মর্ম্মভারতীং ॥

৫ দুর্দ্দিনে কিং ব্যথিষ্যেঽহং দ্রোহিণামেনসা বৃতঃ ॥

৬ বিত্তে বিশ্বসতাং স্বীয়ে দম্ভিনাঞ্চ মহাধনাৎ ॥

৭ তেষাং কোঽপি ন শক্নোতি বিমোক্তুং ভ্রাতরং নিজং।
দাতুমীশায় বা মূল্যং তস্যোদ্ধারোপযোগিনং ॥

৮ যতো হেতো র্মহামূল্যস্তেষাং প্রাণপরিক্রয়ঃ।
অনন্তকালপর্য্যন্তং স নির্বর্ত্তিষ্যতে ততঃ।

৯ তদীয়নিত্যজীবিত্বাৎ খাতদর্শনবর্জ্জিতাৎ ॥

১০ যস্মাৎ দৃক্ষ্যতি গর্ত্তং স ম্রিয়ন্তে জ্ঞানিনো নরাঃ।
একরূপেণ নশ্যন্তি মূঢা অজ্ঞাশ্চ মানবাঃ।
স্ববিত্তানি পরিত্যজ্য তে পরেষ্বর্পয়ন্তি চ ॥

১১ নিত্যস্থায়ীনি বেশ্মানি পুরুষান্ প্রতি সুস্থিরাঃ।

৩ সকলে মনোযোগ কর। আমি মুখদ্বারা জ্ঞানের কথা কহিব, ও
৪ মনেতে বুদ্ধির কথা চিন্তা করিব, ও কর্ণেতে দৃষ্টান্তকথা শ্রবণ করিব,
৫ এবং বীণাযন্ত্রে আপনার মর্ম্মকথা গান করিব। প্রবঞ্চনাকারির
৬ দুষ্টতা আমাকে ঘেরিলে আমি কেন বিপদসময়ে ভয় করিব?
৭ যাহারা আপনাদের ধনেতেই বিশ্বাস রাখে, ও সম্পত্তির বাহুল্য
৮ প্রযুক্ত শ্লাঘা করে, তাহাদের মধ্যে কেহ আপন ভ্রাতাকে মুক্ত
৯ করিতে পারে না; এবং সে যেন নিত্যজীবী হইয়া মৃত্যুগ্রস্ত না
হয়, তন্নিমিত্তে ঈশ্বরকে তাহার মূল্য দিতেও পারে না: কেননা
১০ প্রাণকে যে মুক্ত করা, সে অমূল্য ও সর্ব্বদা অসাধ্য হয়। সে
মৃত্যুগ্রস্ত হইবে, কেননা জ্ঞানবান্ লোকেরা যেমন মরে, তদ্রূপ
অজ্ঞান ও পশুবৎ লোক বিনষ্ট হয়, ও অন্যদের হস্তে ধন
১১ ত্যাগ করে। তাহাদের বাটী চিরকাল ও গৃহ পুরুষানুক্রমে থাকিবে,

বাসাঃ খ্যাতঞ্চ দেশেষু নাম তেষামিদং মনঃ॥
নাস্তি মানে নরঃ স্থায়ী পশুবৎ স বিনশ্যতি॥ ১২
ইয়ং তেষাং গতিস্তেভ্যো মূঢ়তায়াঃ ফলপ্রদা। ১৩
তথাপি পরতস্তেষাং বাক্যং তুষ্যন্তি মানবাঃ॥ সেলা॥
নরকং মেষবন্নীতান্ মৃত্যুস্তান্ চারয়িষ্যতি। ১৪
প্রাতস্তেষাং প্রভুত্বঞ্চ প্রাপ্স্যন্তে সরলৈর্নরৈঃ।
সৌন্দর্য্যং লোপ্স্যতে তেষাং পরলোকপ্রবাসিনাং॥
তথাপীশো মম প্রাণান্ পরলোকস্য হস্ততঃ। ১৫
উদ্ধরিষ্যতি যস্মাৎ স স্বয়ং মাং সংগ্রহীষ্যতি॥ সেলা॥
ধনিত্বং জায়তে যস্য গৃহৈশ্বর্য্যঞ্চ বর্দ্ধতে। ১৬
তং দৃষ্ট্বাপি ত্বয়া ত্রাসো ন কর্ত্তব্যঃ কথঞ্চন॥
যতঃ স মৃত্যুকালে ন কিঞ্চিদাদায় যাস্যতি। ১৭
তদীয়ঞ্চ যদৈশ্বর্য্যং তৎ তং নানুগমিষ্যতি॥
জীবৎকালে নিজপ্রাণাস্তেন সুশ্লাঘিতাঃ স্বয়ং। ১৮

এবং তাহাদের ভূমি সকল তাহাদের নামে বিখ্যাত থাকিবে, ইহা তাহাদের মনের অভিপ্রায়। তথাপি মনুষ্য সম্ভ্রান্ত হইয়া থাকে ১২ না, কিন্তু পশুর সদৃশ হইয়া নষ্ট হয়। এই তাহাদের গতি ও ১৩ তাহাদের অজ্ঞানতার ফল, তথাপি তাহাদের পরে অন্য লোকেরা তাহাদের বাক্যই ভাল বাসে। সেলা। তাহারা মেষের ন্যায় পর- ১৪ লোকে চালিত হয়, ও মৃত্যু তাহাদিগকে গ্রাস করে; ধার্ম্মিকগণ প্রভাতেই তাহাদের উপরে কর্তৃত্ব করিবে, পরলোকরূপ বাসস্থানে তাহাদের সৌন্দর্য্য নষ্ট হইবে। কিন্তু ঈশ্বর পরলোকের হস্ত হইতে ১৫ আমার প্রাণকে মুক্ত করিয়া আমাকে গ্রহণ করিবেন। সেলা। কোন লোক ধনবান্ হইয়া বাটীর ঐশ্বর্য্য বৃদ্ধি করিলে তুমি ১৬ তাহাতে উদ্বিগ্ন হইও না। কেননা সে মরণ কালে কিছু সঙ্গে ১৭ লইয়া যাইবে না, ও তাহার ঐশ্বর্য্য তাহার অনুগমন করিবে না। সে জীবদ্দশাতে আপন প্রাণের শ্লাঘা করিত, ও আপনার ১৮

যঃ কশ্চিচ্চাত্মসৌখ্যার্থী মানবৈঃ স প্রশস্যতে॥
১৯ স তু গত্বা পিতৃস্থানং দীপ্তিং দ্রক্ষ্যতি ন ক্বচিৎ॥
২০ সম্মান্যোঽপি নরোঽজ্ঞানঃ পশুতুল্যো বিনশ্যতি॥

---

৫০ পঞ্চাশত্তমং গীতং।

১ পরমেশ্বরেণ বিচারকরণং ৭ যজ্ঞকর্ম্মাদিভ্যোঽপি ভক্তেরা-বশ্যকত্বং ১৬ কপটিলোকান্ প্রতি তিরস্কারশ্চ।

আসফস্য ধর্ম্মগীতং।

১ মহাপ্রতাপবান্ ঈশঃ পরমেশঃ প্রভাষতে।
স সূর্য্যস্যোদয়াদস্তং যাবদাহ্বয়তি ক্ষিতিং॥
২ সিয়োনাৎ পূর্ণসৌন্দর্য্যাদ্ ঈশ্বরঃ সম্প্রকাশতে॥
৩ ঈশ্বরোঽস্মাকমায়াতি স ন স্থাস্যতি নীরবঃ।
বহ্নি র্গ্রসতি তস্যাগ্রে বেষ্টতে তং প্রভঞ্জনঃ॥

১৯ মঙ্গল করাতে লোকেরা তাহাকে প্রশংসা করিত; কিন্তু সে পিতৃ-
২০ লোকদের বাসস্থানে গিয়া দীপ্তির দর্শন কখন পাইবে না। যে
সম্ভ্রান্ত মনুষ্য অজ্ঞান, সে পশুর তুল্য হইয়া নষ্ট হয়।

৫০ গীত।

১ পরমেশ্বরের বিচার করন, ৭ ও যজ্ঞকর্ম্মাদি অপেক্ষা ভক্তির আবশ্যকতা, ১৬ ও পাপি লোকের প্রতি অনুযোগ।

আসফের ধর্ম্মগীত।

১ প্রভুদের প্রভু পরমেশ্বর বক্তা হইয়া সূর্য্যের উদয়াচল অবধি অস্তা-
২ চল পর্য্যন্ত তাবৎ জগজ্জনকে আহ্বান করিবেন। সর্ব্বতোভাবে
মনোরমা যে সিয়োন পর্ব্বত, তাহাহইতে ঈশ্বর দীপ্তি প্রকাশ
৩ করিবেন। আমাদের ঈশ্বর আগমন করিয়া নীরব হইয়া থাকি-
বেন না; সর্ব্বগ্রাসক অগ্নি তাঁহার অগ্রবর্ত্তী হইবে, ও প্রবল

স্বপ্রজানাং বিচারার্থম্ ঊর্দ্ধস্থং ব্যোমমণ্ডলং। ৪
পৃথিবীঞ্চ সমাহূয় তেনেদং বক্ষ্যতে বচঃ॥
সঙ্গৃহ্ণীত মদাসন্নে মদীয়ান্ সাধুমানবান্। ৫
বলিং দত্ত্বা ময়া সার্দ্ধং নিয়মো যৈরনুষ্ঠিতঃ॥
আকাশমণ্ডলং তস্য ধর্ম্মং সংবেদয়িষ্যতি। ৬
স্বয়মেবেশ্বরো যস্মান্ন্যায়াধীশো ভবিষ্যতি॥ সেলা॥
হে মদীয়প্রজা যূয়ং শৃণুত ব্যাহরাম্যহং। ৭
ইস্রায়েলীয়বংশ ত্বং শৃণু সাক্ষ্যং দদামি তে।
অহমীশ্বর এবাস্মি তাবকীনেশ্বরোঽস্ম্যহং॥
নাহং ত্বাং ভর্ৎসয়িষ্যামি যজ্ঞানাং কারণাৎ তব। ৮
বলয়ো হবনীয়াস্তে মৎসাক্ষাৎ সন্তু সর্ব্বদা॥
গাং নাদাস্যে তবাগারাৎ ন বা ছাগং ত্বদাজকাৎ॥ ৯
যতো হেতোররণ্যস্থা জীবিনঃ সকলা মম। ১০
লক্ষপালগিরীণাঞ্চ পশবঃ সকলা মম॥

ঝড় তাঁহাকে বেষ্টন করিবে। তিনি আপন লোকদের বিচার ৪ করণার্থে উপরিস্থ স্বর্গকে ও পৃথিবীকে আহ্বান করিয়া কহিবেন, 'যাহারা বলিদানদ্বারা আমার সহিত নিয়ম করিয়াছে, ৫ আমার সেই পুণ্যবান্ লোকদিগকে আমার নিকটে একত্র কর।' তাহাতে স্বর্গ তাঁহার ধর্ম্ম প্রকাশ করিবে, কেননা ঈশ্বর আপনি ৬ বিচারকর্ত্তা হইবেন। সেলা।

'হে আমার প্রজাগণ, আমি কহি, শ্রবণ কর; হে ইস্রায়েল ৭ বংশ, আমি তোমার বিষয়ে সাক্ষ্য দিব; আমি ঈশ্বর, তোমার ঈশ্বর। তুমি আমার সাক্ষাতে নিত্য২ যে বলিদান ও হোম ৮ করিয়া থাক, তদ্বিষয়ে তোমাকে অনুযোগ করিব না; এবং ৯ তোমার গৃহহইতে বৃষ ও খোঁয়াড়হইতে ছাগল লইব না। কেননা তাবৎ বনপশু ও সহস্র২ পর্ব্বতীয় পশু সকলই আ- ১০

১১ সকলানেব জানামি খগান্ শৈলনিবাসিনঃ।
জন্তবঃ প্রান্তরস্থাশ্চ বিদ্যন্তে মম গোচরে॥

১২ ক্ষুধায়াং মম জাতায়াং ন হি ত্বাং জ্ঞাপয়াম্যহং।
যতো হেতো র্মমৈবাস্তি ধরা তস্যাশ্চ পূরকং॥

১৩ বৃষমাংসং কিমৎস্যামি কিং পাস্যাম্যজশোণিতং॥

১৪ প্রশংসারূপযজ্ঞেন প্রযজস্ব ত্বমীশ্বরং।
তাবকীনপ্রতিজ্ঞাশ্চ সর্ব্বশ্রেষ্ঠায় শোধয়॥

১৫ বিপত্তেশ্চ দিনে ত্বং মাং সমুদ্দিশ্য সমাহ্বয়।
অহং ত্বামুদ্ধরিষ্যামি ত্বঞ্চ মাং কীর্ত্তয়িষ্যসি॥

১৬ পশ্চাদ্ দুর্জ্জনমুদ্দিশ্য প্রভাষিষ্যত ঈশ্বরঃ।
ত্বং কুতো মে বিধীন্ বক্ষি মুখে মন্নিয়মং বহন্॥

১৭ ত্বয়াদেশে বিরক্তেন মদ্বাচঃ পৃষ্ঠতঃ কৃতাঃ॥

১৮ ত্বঞ্চ চৌরং নিরীক্ষ্যৈব তৎসঙ্গেনানুরজ্যসে।
পারদারিকলোকানাং সমানাংশী চ জায়সে॥

---

১১ মার। আমি পর্ব্বতীয় পক্ষিগণকে জানি, এবং মাঠের সমস্ত প্রাণীও
১২ আমার। আমি ক্ষুধিত হইলে তোমাকে কহিব না; কেননা
১৩ পৃথিবী ও তন্মধ্যস্থ সকল বস্তু আমার। আমি কি বলবান্ বৃষের
১৪ মাংস ভোজন করিব? কিম্বা ছাগলের রক্ত পান করিব? ঈশ্বরের নিকটে প্রশংসারূপ বলি দান কর, ও সর্ব্বোপরিস্থের প্রতি
১৫ আপন ব্রত সম্পূর্ণ কর। এবং বিপদকালে আমার কাছে প্রার্থনা কর; তাহাতে আমি তোমাকে উদ্ধার করিব, ও তুমি আমার মহিমা প্রকাশ করিবা।'

১৬ পরে ঈশ্বর দুষ্ট লোককে কহিবেন, 'আমার বিধি প্রকাশ করিতে ও আমার নিয়মের কথা মুখে আনিতে তোমার কি
১৭ অধিকার? তুমি আমার উপদেশে অশ্রদ্ধা করিয়া থাক, ও আ-
১৮ মার বাক্য পীছে ফেলিয়া থাক; এবং চোরকে দেখিলে তাহার সহিত সম্মত হইয়া থাক, ও পারদারিকের সহিত সমান ভোগ

পাপে বক্তুং প্রযুংক্ষে চ জিহ্বয়া কল্পয়ন্ ছলং ॥ ১৯
ত্বমাসীনো নিজভ্রাতুরপবাদং করোষি হি। ২০
স্বকীয়সোদরস্যৈব গুণঘাতী চ জায়সে ॥
কুর্ব্বতি ত্বয়ি চৈতানি নীরবোঽহমবস্থিতঃ। ২১
তেন ত্বাদৃক্ষ এবাহমিতি ত্বং সমচিন্তয়ঃ।
কিন্তু ত্বাং ভর্ৎসয়িষ্যেঽহং সর্ব্বং বিন্যস্য তে পুরঃ ॥
হে বিস্মৃতেশ্বরা লোকা যুষ্মাভি র্বুধ্যতামিদং। ২২
নো চেদ্ বিদারয়িষ্যামি যুষ্মান্ রক্ষকবর্জ্জিতান্ ॥
প্রশংসাযজ্ঞকারী যো মৎসম্মানং করোতি সঃ। ২৩
স্থিরমার্গো ময়া ত্রাণং চৈশ্বরং দর্শয়িষ্যতে ॥

করিয়া থাক; এবং মুখে কুকথা কহিয়া থাক, ও জিহ্বাতে প্রব- ১৯
ঞ্চনা করিয়া থাক; এবং বসিয়া২ আপনার ভ্রাতার বিরুদ্ধে ২০
কুকথা কহিয়া থাক, ও নিজ সহোদরকে নিন্দা করিয়া থাক।
তুমি এই প্রকার করিলে আমি নীরব হইয়া রহিলাম, তাহাতে ২১
আমিও তোমার মত, ইহা তোমার বোধ হইল; কিন্তু আমি
তোমাকে অনুযোগ করিব ও তোমার সাক্ষাতে সকলি উপস্থিত
করিব। হে ঈশ্বরবিস্মৃত লোকেরা, এক্ষণে ইহা বিবেচনা কর, ২২
নতুবা তোমাদিগকে বিদীর্ণ করিব, কেহ রক্ষা করিতে পারিবে
না। যে জন ধন্যবাদরূপ বলি দান করে, সে আমাকে গৌর- ২৩
বান্বিত করে; এবং যে জন সৎপথে গমন করে, তাহাকে আমি
ঈশ্বরকৃত পরিত্রাণ দর্শন করাইব।'

---

৫১ একপঞ্চাশং গীতং।

স্বীয়পাপস্য নিমিত্তং দায়ূদঃ খেদো বিলাপশ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো ধর্ম্মগীতং।

বাৎশেবামুপগতস্য তস্য সমীপং ভবিষ্যদ্বাদিনি নাথনে
সমাগতে গীতমিদং রচিতমভূৎ।

১ অনুকম্পস্ব মামীশ স্বকারুণ্যানুরূপতঃ।
স্বকৃপায়া মহত্ত্বাৎ ত্বং মেঽপরাধাংশ্চ দূরয়॥

২ নিঃশেষং ক্ষালনং কৃত্বা কুরু মাং দোষবর্জ্জিতং।
পাতকান্মামকীনাচ্চ পরিষ্কারং কুরুষ্ব মে॥

৩ যতো হেতো র্হি জানেঽহম্ অপরাধান্ ময়া কৃতান্।
সর্ব্বদা মম পাপঞ্চ মৎপ্রত্যক্ষং বিতিষ্ঠতে॥

৪ কেবলং ত্বদ্বিরুদ্ধং হি পাপমাচরিতং ময়া।
তব দৃষ্ট্যা কদর্য্যাঞ্চ দুষ্ক্রিয়াং কৃতবানহং।
অতঃ স্বকীয়বাক্যেন ত্বং ভবিষ্যসি ধার্ম্মিকঃ।
স্ববিচারাজ্ঞয়াপি ত্বং সুপবিত্রো ভবিষ্যসি॥

---

৫১ গীত।

স্বপাপের নিমিত্তে দায়ূদের খেদ ও বিলাপ।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

বাৎশেবাতে উপগত হইলে তাহার নিকটে নাথন্ ভবিষ্য-
দ্বক্তা গেলে পর এই গীত প্রস্তুত হইল।

১ হে ঈশ্বর, আপন অনুগ্রহানুসারে আমার প্রতি করুণা কর, ও
আপন প্রচুর কৃপানুসারে আমার তাবৎ অপরাধ মার্জ্জনা কর।
২ এবং আমার অধর্ম্ম নিঃশেষে প্রক্ষালন কর, ও আমার পাপ-
৩ হইতে আমাকে পরিষ্কার কর। আমি নিজ অপরাধ স্বীকার
করিতেছি, আমার পাপ সর্ব্বদাই আমার সাক্ষাতে আছে।
৪ আমি তোমার বিরুদ্ধে, কেবল তোমার বিরুদ্ধে পাপ করিয়াছি,

পশ্য জাতোঽপরাধেঽহং পাপে মাত্রা চ ধারিতঃ ॥ ৫

পশ্য ত্বমন্তরস্থায়াং সত্যতায়াং হি প্রীয়সে। ৬
অতো গূঢ়পথেনৈব প্রাপ্তজ্ঞানং বিধেহি মাং ॥

এষোবেণ পুনীয়া মাং ভবিষ্যামি শুচিস্তদা। ৭
মাং ক্ষালয় ততঃ শুভ্রো ভবিষ্যামি হিমাদপি ॥

ত্বং সংশ্রাবয় মাং বাচম্ আহ্লাদানন্দদায়িনীং। ৮
ত্বয়া চূর্ণানি চাস্থীনি প্রাপ্নুবন্তু প্রফুল্লতাং ॥

আচ্ছাদয় নিজং বক্ত্রং মদীয়ং পাতকং প্রতি। ৯
মম সর্ব্বাপরাধানাং দবনং ক্রিয়তাং ত্বয়া ॥

হে ঈশ মম মধ্যে ত্বং শুচ্যন্তঃকরণং সৃজ। ১০
মদীয়াভ্যন্তরে ধীরং চাত্মানং নূতনীকুরু ॥

ত্বদীয়দৃষ্টিতো দূরং মাঞ্চ ত্বং নাপসারয়। ১১
স্বীয়ং পবিত্রম্ আত্মানং মত্তো বা নাপহারয় ॥

ও তোমার দৃষ্টিতে কুৎসিত কর্ম্ম করিয়াছি; অতএব তুমি আপনার কথাতে নির্দ্দোষ ও বিচারে জয়ী হইবা। দেখ, অপরাধে ৫ আমার জন্ম হইয়াছে, ও পাপেতে আমার মাতা আমাকে গর্ভে ধারণ করিয়াছে। দেখ, তুমি অন্তরে যথার্থতা প্রয়াস করিয়া থাক; ৬ অতএব গোপনে আমাকে জ্ঞানের কথা জ্ঞাত কর। এষোবদ্বারা ৭ আমাকে শুচি কর, তাহাতে আমি পবিত্র হইব: এবং আমাকে প্রক্ষালন কর, তাহাতে হিম অপেক্ষা শুক্লবর্ণ হইব। আহ্লাদ ৮ ও আনন্দজনক বাক্য আমাকে শ্রবণ করাও: তাহাতে তোমাদ্বারা ভগ্ন আমার অস্থি সকল প্রফুল্ল হইবে। আমার তাবৎ ৯ পাপের প্রতি তোমার মুখ আচ্ছাদন কর, ও আমার তাবৎ অপরাধ মার্জ্জনা কর। হে ঈশ্বর, আমার মধ্যে পবিত্র মন ১০ সৃষ্টি কর, ও আমার অন্তরে সুস্থির আত্মাকে নূতন করিয়া দেও। তোমার সম্মুখহইতে আমাকে দূর করিও না, ও তোমার ১১

১২ ত্বদীয়ত্রাণজং হর্ষং পুন র্মহ্যং প্রদেহি চ।
উদারেণাত্মনা মাঞ্চ ধারয়ন্ সুস্থিরং কুরু॥

১৩ তদাহং শিক্ষয়িষ্যামি তে মার্গান্ অপরাধিনঃ।
ত্বাঞ্চোদ্দিশ্য করিষ্যন্তি পাপিনঃ পরিবর্ত্তনং॥

১৪ রক্ষ মাং বধদোষাৎ ত্বম্ ঈশ মৎপ্রাণদেশ্বর।
মদীয়া রসনা তর্হি ধর্ম্মং তে পরিগাস্যতি॥

১৫ হে প্রভো ত্বং মদীয়োষ্ঠৌ স্বয়ং মুক্তৌ কুরুষ্ব হি।
তদা মদীয়বক্তুং তে প্রশংসাং কীর্ত্তয়িষ্যতি॥

১৬ যস্মান্ন প্রীয়সে যজ্ঞে যঃ কর্ত্তুং শক্যতে ময়া।
তুভ্যং হোমার্থকস্যাপি বলের্দানং ন রোচতে॥

১৭ ঈশ্বরস্য প্রিয়ো যজ্ঞো ভগ্ন আত্মা হি বিদ্যতে।
ভগ্নং চূর্ণঞ্চ চিত্তং ত্বম্ ঈশ নৈবাবমংস্যসে॥

১৮ ত্বং স্বকীয়প্রসাদেন সিয়োনস্য হিতং কুরু।
যিরূশালমপূর্য্যাস্তু প্রাচীরং নির্ম্মিমীষ্ব চ॥

---

১২ পবিত্র আত্মাকে আমাহইতে অপহরণ করিও না। তোমার কৃত পরিত্রাণের আনন্দ আমাকে পুনর্ব্বার দেও, ও তোমার হর্ষজনক
১৩ আত্মাদ্বারা আমাকে ধারণ কর। তাহাতে আমি দুষ্টদিগকে তোমার পথের বিষয়ে শিক্ষা দিব, ও পাপিরা তোমার প্রতি মন
১৪ ফিরাইবে। হে ঈশ্বর, তুমিই আমার ত্রাণকর্ত্তা ঈশ্বর, আমাকে রক্তপাতরূপ দোষহইতে উদ্ধার কর, তাহাতে আমার জিহ্বা
১৫ তোমার ধর্ম্মেতে জয়ধ্বনি করিবে। হে প্রভো, আমার ওষ্ঠাধরকে মুক্ত কর, তাহাতে আমার মুখ তোমার প্রশংসা প্রকাশ করিবে।
১৬ তুমি বলিদানের প্রয়াস কর না, নতুবা তাহা দিতাম; এবং হো-
১৭ মেতেও তোমার সন্তোষ নাই। ঈশ্বরের গ্রাহ্য বলি ভগ্ন আত্মা;
১৮ হে ঈশ্বর, তুমি ভগ্ন ও চূর্ণ অন্তঃকরণকে তুচ্ছ করিবা না। আপন তুষ্টি অনুসারে সিয়োনের মঙ্গল কর, ও যিরূশালমের প্রাচীর

ধর্ম্মযজ্ঞেষু হোমে চ সম্পূর্ণে প্রেষ্যসে তদা। ১৯
ত্বদীয়যজ্ঞবেদ্যাঞ্চ হোষ্যন্তে বৃষভাস্তদা॥

---

৫২ দ্বিপঞ্চাশং গীতং।

দোয়েগস্য দোষবিনাশয়োঃ কথনং।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদ উপদেশগীতং।

যস্মিন্ কাল ইদোমীয়দোয়েগ উপস্থায় দায়ূদ্ অহীমেলকস্য গৃহং প্রাবিশদিতি বার্ত্তাং শৌলে নিবেদয়ামাস তাৎকালিকং গীতং।

কুতো দুষ্কর্ম্মণঃ শ্লাঘাং কুরুষে হে মহাবল। ১
ঈশ্বরস্যৈব কারুণ্যং নিত্যং তিষ্ঠতি সুস্থিরং॥
ত্বজ্জিহ্বা কল্পতে হিংসাং তীক্ষ্ণক্ষুরসমা ছলিন্॥ ২
সদাচারাদ্ দুরাচারে ত্বন্তু সম্প্রীয়সেঽধিকং। ৩
ধর্ম্মবাক্যান্মৃষাবাক্যে চাধিকং পরিতুষ্যসি॥ সেলা॥

নির্ম্মাণ কর। তখন তুমি ধর্ম্মবলিদানে ও হোম ও পূর্ণ আহুতিতে ১৯ সন্তুষ্ট হইবা; এবং লোকেরা তোমার বেদির উপরে বৃষগণকে উৎসর্গ করিবে।

৫২ গীত।

দোয়েগের দোষ ও বিনাশের কথা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের উপদেশগীত।

যে সময়ে ইদোমীয় দোয়েগ্ উপস্থিত হইয়া, 'দায়ূদ অহীমেলকের গৃহে প্রবেশ করিয়াছিল,' এই সমাচার শৌলকে দিল, তৎকালের গীত।

হে বলবান্ মনুষ্য, তুমি কুক্রিয়াতে কেন আত্মশ্লাঘা করিতেছ? ১
ঈশ্বরের অনুগ্রহ নিত্যস্থায়ী। তোমার জিহ্বা তীক্ষ্ণ ক্ষুরের ন্যায় ২
খলতা করিয়া ক্ষতি করিতেছে। তুমি সৎক্রিয়া অপেক্ষা কুক্রি- ৩

৪ সংহারোক্তিষু সর্ব্বাসু প্রীয়সে ছলজিহ্বক॥

৫ তদ্ধেতোরীশ্বরোঽপি ত্বাং নিত্যমুৎপাটয়িষ্যতি।
ত্বাং স এব নিরাকুর্ব্বন্ গেহতঃ কর্ষয়িষ্যতি।
জীবতাং ভূমিমধ্যাচ্চ স ত্বামুন্মূলয়িষ্যতি॥ সেলা॥

৬ ধার্ম্মিকা বীক্ষ্য ভেষ্যন্তি বক্ষ্যন্তি ত্বাং বিহস্য চ॥

৭ পশ্যাসৌ স নরো যো ন শরণং গত ঈশ্বরং।
ব্যশ্বসীৎ ধনবাহুল্যে হিংসয়া চাভবদ্ বলী॥

৮ অহন্ত্বীশ্বরগেহস্থঃ সতেজোজিতবৃক্ষবৎ।
ঈশ্বরস্যৈব কারুণ্যম্ আশ্রিতোঽস্মি নিরন্তরং॥

৯ প্রশংসিষ্যামি নিত্যং ত্বাং যস্মাৎ কর্ম্ম কৃতং ত্বয়া।
আকাংক্ষিষ্যামি তে নাম শ্রেষ্ঠং ত্বদ্ধর্ম্মিণাং পুরঃ॥

---

৪ থাকে, এবং সত্য কথা অপেক্ষা মিথ্যাকথাকে ভাল বাস। হে
৫ প্রবঞ্চক জিহ্বে, তুমি সর্ব্বনাশক বাক্যই ভাল বাস। এই জন্যে ঈশ্বর তোমাকে সর্ব্বতোভাবে বিনষ্ট করিবেন, ও তোমাকে উচ্ছিন্ন করিবেন, এবং আলয়হইতে দূর করিবেন, ও জীবৎ লোকদের
৬ দেশহইতে উৎপাটন করিবেন। সেলা। তাহা দেখিয়া ধার্ম্মিকেরা
৭ ভীত হইবে, এবং তোমার প্রতি উপহাস করিয়া কহিবে, ঐ দেখ, ঐ ব্যক্তি ঈশ্বরকে আপনার আশ্রয়স্বরূপ না করিয়া আপন প্রচুর
৮ ধনে প্রত্যাশা করিয়া দুষ্টতাতে সাহস বাঁধিয়াছিল। কিন্তু আমি
৯ ঈশ্বরের মন্দিরে স্থিত সতেজ জিতবৃক্ষস্বরূপ; আমি সদা সর্ব্বক্ষণে ঈশ্বরানুগ্রহে প্রত্যাশা করিব। তুমি কর্ম্ম সাধন করিয়াছ, অতএব আমি সর্ব্বদা তোমার প্রশংসা করিব; ও তোমার নামে প্রত্যাশা রাখিব, কেননা তোমার পুণ্যবানদের দৃষ্টিতে তাহাই উত্তম।

---

৫৩ ত্রিপঞ্চাশং গীতং।

পাপিলোকানাং দুষ্টতা ভাবিদুঃখঞ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং মহলম্নামকস্বরযুক্তং
দায়ূদ উপদেশগীতং।

ঈশ্বরো নাস্তি বাগেষা চিত্তে মূঢ়েন গদ্যতে। ১
তে ভ্রষ্টা দুষ্কৃতে ঘৃণ্যা নাস্তি কোঽপি সুকর্ম্মকৃৎ।।
স্বর্গান্মানবসন্তানান্ ঈশ্বরো হি নিরীক্ষতে। ২
জ্ঞানাচারীশ্বরান্বেষী কোঽপ্যস্তীতি দিদৃক্ষতে।।
সর্ব্বে পরাঙ্মুখা জাতা যুগপদ্ বিকৃতিং গতাঃ। ৩
নাস্তি কোঽপি সদাচার একোঽপি নহি বিদ্যতে।।
কিং ন জানন্তি কিঞ্চিৎ তে সর্ব্বে দুষ্কর্ম্মকারিণঃ। ৪
অন্নবন্মৎপ্রজাভক্ষা ঈশ্বরং নাহ্বয়ন্তি তে।।
অমুষ্মিন্ ত্রাসহীনেঽপি স্থানে ত্রস্তা ভবন্তি তে। ৫

---

৫৩ গীত।

পাপিলোকের দুষ্টতা ও ভাবি দুঃখ।

প্রধান বাদ্যকরকে দাতব্য মহলৎ নামক স্বরযুক্ত
দায়ূদের উপদেশগীত।

ঈশ্বর নাই, অজ্ঞান লোক মনে২ এমত কহে; তাহারা ভ্রষ্ট ও ঘৃণ্য ১ কর্ম্মকারী, সৎকর্ম্ম কেহই করে না। জ্ঞানী ও ঈশ্বরের তত্ত্বচেষ্টা- ২ কারী কেহ আছে কি না, ইহা জানিবার জন্যে ঈশ্বর স্বর্গহইতে মনুষ্যসন্তানদের প্রতি নিরীক্ষণ করিয়া থাকেন। সকলে নিতান্ত ৩ বিপথগামী ও দুষ্কর্ম্মকারী; সৎকর্ম্ম কেহই করে না, এক জনও না। এই কুকর্ম্মকারিদের কি কিছুই জ্ঞান নাই? তাহারা অন্নের ৪ ন্যায় আমার লোককে গ্রাস করে, ও ঈশ্বরের কাছে প্রার্থনা করে না। ঐ নির্ভয় স্থানে তাহারা বড় ভয় পাইবে; কেননা ঈশ্বর ৫ তোমার সহিত যুদ্ধকারি লোকদের অস্থি চারি দিগে নিক্ষেপ

অস্থীনি ব্যকিরদ্ যস্মাদ্ ঈশস্ত্বামবরুন্ধতাং।
আপ্নুবন্তি ত্বয়া লজ্জাং গর্হিতা ঈশ্বরেণ তে॥
৬ ইস্রায়েলঃ পরিত্রাণং সিয়োনাদ্ উদিয়াদ্ দ্রুতং।
বন্দিভূতান্ নিজাঁল্লোকান্ প্রত্যুপাবৃত্ত ঈশ্বরে।
আনন্দিষ্যতি যাকূব ইস্রায়েলপি হর্ষিতা॥

---

৫৪ চতুঃপঞ্চাশং গীতং।

সিফীয়লোকেভ্যো রক্ষার্থং দায়ূদঃ প্রার্থনা।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদ উপদেশগীতং।
যস্মিন্ কালে সিফীয়লোকা উপস্থায় শৌলস্য সমীপে
ব্যাহরন্ দায়ূদ্ কিমস্মাকং মধ্যে প্রচ্ছন্নো ন তিষ্ঠতি
তদানীন্তনং গীতমিদং।

১ ত্রায়স্বেশ স্বনাম্না মাং স্বশক্ত্যা মাং বিচারয়॥
২ প্রার্থনাং মে গৃহাণেশ সম্মুখস্য বচঃ শৃণু॥

করিবেন, এবং ঈশ্বর তাহাদিগকে নিগ্রহ করাতে তুমি তাহাদিগকে
৬ লজ্জা দিবা। আহা, সিয়োনহইতে ইস্রায়েলের পরিত্রাণ হউক;
তাহাতে ঈশ্বর আপন লোকদিগকে দাসত্বহইতে মুক্ত করিলে
যাকূব্ বংশ উল্লাসিত ও ইস্রায়েল বংশ হৃষ্টচিত্ত হইবে।

৫৪ গীত।

সীফীয় লোকহইতে রক্ষার্থে দায়ূদের প্রার্থনা।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য দায়ূদের উপদেশগীত।
যে সময়ে সীফীয় লোকেরা উপস্থিত হইয়া শৌলের নিকটে
বলিল, 'দায়ূদ কি আমাদের মধ্যে আপনাকে গুপ্ত করে
নাই?' তৎকালের এই গীত।

১ হে ঈশ্বর, আপন নামের গুণে আমাকে পরিত্রাণ কর, ও আপন
২ শক্তিতে আমার বিচার কর। হে ঈশ্বর, আমার প্রার্থনা শুন,

যতো হেতো র্বিরুদ্ধং ম উত্তিষ্ঠন্তি বিদেশিনঃ। ৩
মাং জিঘাংসন্তি দুর্বৃত্তা অপ্রত্যক্ষীকৃতেশ্বরাঃ ।। সেলা ।।
মাং পশ্যোপকরোতীশঃ প্রাণালম্ব্যস্তি মে প্রভুঃ ।। ৪
স মদীয়বিপক্ষেষু দুর্গতিং বর্ত্তয়িষ্যতি। ৫
স্বীয়সত্যতয়া তেষাং স বিনাশং করিষ্যতি ।।
স্বেচ্ছয়াহং বলীন্ তুভ্যং প্রদাস্যামি পরেশ্বর। ৬
প্রশংসিষ্যামি তে নাম যতো হেতোস্তদুত্তমং ।।
যস্মাত্তেনৈব সর্ব্বস্মাৎ সঙ্কটাদহমুদ্ধৃতঃ। ৭
মচ্চক্ষু র্মদরাতীনাং দর্শনেন চ তৃপ্যতি ।।

---

৫৫ পঞ্চপঞ্চাশং গীতং।

বিপদি দুষ্টানাং বিরুদ্ধং দায়ূদঃ প্রার্থনা।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদ উপদেশগীতং ।।
শৃণু মে প্রার্থনামীশ মে শোকান্ন তিরো ভব ।। ১

আমার মুখের বাক্য শ্রবণ কর। অপরিচিত লোকেরা আমার ২
বিরুদ্ধে উঠে, ও উপদ্রবিরা আমার প্রাণ নাশার্থে চেষ্টা করে;
তাহারা আপনাদের গোচরে ঈশ্বরকে রাখে না। সেলা। দেখ, ৪
ঈশ্বর আমার উপকারী; প্রভু আমার প্রাণের উপকারকদের সহিত
আছেন। তিনি আমার শত্রুদের দুষ্টতার প্রতিফল দিবেন, ৫
ও আপন সত্যতাতে তাহাদিগকে সংহার করিবেন। হে পর- ৬
মেশ্বর, আমি তোমার উদ্দেশে স্বেচ্ছাদত্ত বলি দান করিব, ও
তোমার নামের প্রশংসা করিব, কেননা সে উত্তম। সেই নাম ৭
আমাকে তাবৎ বিপদহইতে রক্ষা করে, এবং আমার চক্ষু শত্রু-
গণের বিনাশ দর্শন করে।

৫৫ গীত।

বিপদ সময়ে দুষ্ট লোকদের বিরুদ্ধে দায়ূদের প্রার্থনা।

প্রধান মন্ত্রবাদককে দাতব্য দায়ূদের উপদেশগীত।

হে ঈশ্বর, আমার প্রার্থনা শ্রবণ কর, আমার নিবেদন সময়ে লুক্কা- ১

২ ত্বয়া নিশম্য মে বাক্যং দীয়তাং মহ্যমুত্তরং।
অনিবার্য্য নিজাং চিন্তাং ক্রিয়তে গর্জনং ময়া॥

৩ বিপক্ষস্য মহানাদাৎ দুর্জ্জনস্যাপ্যুপদ্রবাৎ।
তে কম্পয়ন্তি মে হিংসাং সকোপাশ্চ দ্বিষন্তি মাং॥

৪ মদন্তর্বেপতে চিত্তং মৃত্যুত্রাসা গ্রসন্তি মাং॥

৫ ভয়কম্পৌ সমাক্রান্তৌ রোমাঞ্চশ্চাবৃণোতি মাং॥

৬ময়োক্তম্ আ যদি স্যাতাং মম পক্ষৌ কপোতবৎ।
তদা প্রোড্ডীয়মানেন বিশ্রামঃ প্রাপ্স্যতে ময়া॥

৭ পশ্য দূরং পলায্যাহং করিষ্যে প্রান্তরে স্থিতিং॥ সেলা॥

৮ প্রদ্যোষ্যাম্যাশুয়ং প্রাপ্তুং চণ্ডবাতাৎ প্রভঞ্জনাৎ॥

৯ হে প্রভো গ্রস তান্ লোকান্ তেষাং জিহ্বাশ্চ ভেদয়।
যস্মাৎ পুরস্য মধ্যেঽহং বীক্ষে দৌরাত্ম্যবাগ্রণৌ॥

১০ প্রাচীরেণ দিবারাত্রং পুরং তৌ পরিগচ্ছতঃ।
তদীয়াভ্যন্তরে হিংসা দুরবস্থা চ তিষ্ঠতঃ॥

২ স্থির হইও না। আমার প্রতি মনোযোগ করিয়া উত্তর দেও;
৩ আমি শত্রুদের দুর্ব্বাক্য ও পাপিদের উপদ্রব প্রযুক্ত ভাবনাতে
ব্যাকুল ও উন্মনা হইতেছি; কেননা তাহারা আমাতে দোষারোপ
৪ করে, ও ক্রোধেতে আমার বিপক্ষতা করে। আমার অন্তরে মন
৫ বড় ব্যথিত হইতেছে; আমি মৃত্যুযাতনাগ্রস্ত হইতেছি। ভয়
ও কম্প আমাকে ধরিতেছে, এবং আমি মহাত্রাসে আচ্ছন্ন হই-
৬ তেছি। ও কহিতেছি, আঃ, যদি কপোতের ন্যায় আমার পক্ষ
৭ হয়! তবে আমি উড্ডীয়মান হইয়া বিশ্রাম পাইব; এবং ভ্রমণ
৮ করিয়া দূরে যাইব, ও প্রান্তরমধ্যে বসতি করিব। সেলা। এবং
৯ প্রবল বায়ু ও ঝড় হইতে ত্বরায় পলায়ন করিব। হে প্রভো, তুমি
তাহাদিগকে গ্রাস কর, ও তাহাদের জিহ্বার অনৈক্য জন্মাও;
১০ আমি নগরের মধ্যে দৌরাত্ম্য ও কলহ দেখিতেছি। তাহা দিবা-
রাত্রি প্রাচীরের উপরে নগরের চতুর্দ্দিগে থাকে, এবং অন্যায়

তন্মধ্যে বিদ্যতেঽন্যায়স্তদীয়াচ্চ চতুষ্পথাৎ। ১১
অভিদ্রোহঃ প্রলম্ভশ্চ কর্হিচিন্ন প্রগচ্ছতঃ॥
ন বিপক্ষেণ নিন্দ্যোঽহং শত্রুনিন্দামহং সহে। ১২
ন দ্বেষী ময্যহঙ্কারী জুগুপ্সে দ্বেষিগর্ব্বতঃ॥
ত্বন্তু মত্তুল্যলোকোঽসি মৎসখা সংস্তুতো ময়া॥ ১৩
আবাভ্যাং মধুবন্মিষ্টা মিথোঽকারি হি মন্ত্রণা। ১৪
আবাং জনতয়া সার্দ্ধম্ অয়াবেশস্য মন্দিরং॥
আক্রমন্ত্বাং বিনাশৈস্তে জীবন্তঃ প্রেত্য যান্তু চ। ১৫
যস্মাৎ পাপানি বিদ্যন্তে তেষাং গেহেষু হৃৎসু চ॥
সমাহ্বাস্যাম্যহন্ত্বীশং রক্ষিতা মাং পরেশ্বরঃ॥ ১৬
সায়ঙ্কালে প্রভাতে চ মধ্যাহ্নসময়েঽপি চ। ১৭
ধ্যায়ন্নহং রবিষ্যামি স চ শ্রোষ্যতি মে রবং॥
স ক্ষেমেণ মম প্রাণান্ সংগ্রামাদুদ্ধরিষ্যতি। ১৮
যস্মান্মামনুপতিষ্ঠন্তি বিপক্ষা বহুসংখ্যকাঃ॥

ও ক্লেশ তাহার মধ্যে থাকে। তাহার মধ্যে দুষ্টতা আছে, চাতুরী ১১
ও প্রবঞ্চনা চকককে ত্যাগ করে না। কোন শত্রু আমার নিন্দা ১২
করে তাহা নয়, করিলে আমি সহ্য করিতাম; এবং কোন ঘৃণাকারী
আমার প্রতি দর্প করে তাহাও নয়, করিলে তাহাহইতে লুক্কায়িত
থাকিতাম। কিন্তু আমার সমান ও মিত্র ও পরিচিত যে তুমি তুমিই ১৩
তাহা করিতেছ। আমরা একত্র হইয়া মধুর পরামর্শ করিতাম, ও ১৪
জনতার সহিত ঈশ্বরের মন্দিরে গমন করিতাম। তাহারা মৃত্যুগ্রস্ত ১৫
হউক, ও অকস্মাৎ পরলোকে গমন করুক, যেহেতুক তাহাদের
আলয়ে ও হৃদয়ে দুষ্টতা থাকে। আমি ঈশ্বরের নিকটে প্রার্থনা ১৬
করিব, তাহাতে পরমেশ্বর আমাকে পরিত্রাণ করিবেন। আমি সা- ১৭
য়ংকালে ও প্রাতঃকালে ও মধ্যাহ্নকালে তাঁহার ধ্যান করিয়া
উচ্চৈঃস্বরে বিলাপ করিব, তাহাতে তিনি আমার নিবেদন শুনি-
বেন। অনেকে আমার বিরোধী হয়, কিন্তু তিনি যুদ্ধহইতে আমার ১৮

১৯ শ্রুত্বা প্রত্যুত্তরং তেভ্যো দাস্যতি স্বয়মীশ্বরঃ।
অনাদিকালমারভ্য রাজসিংহাসনাশ্রিতঃ॥ সেলা॥
তে দুষ্কর্ম্মণ্যবিশ্রান্তা ঈশ্বরান্নহি বিভ্যতি॥

২০ অসৌ মিত্রেষ্বর্পয়ন্ হস্তং নিয়মং লংঘতে নিজং॥

২১ দধিবৎ স্নিগ্ধবক্ত্রস্য তস্য চিত্তং যুযুৎসতে।
তৈলতো মেদুরাস্তস্য বাচো নিষ্কোষরিষ্টয়ঃ।

২২ পরমেশে নিজং ভারং ক্ষিপ স ত্বাং ভরিষ্যতি।
ধর্ম্মিণঃ স্খলনং তেন ন কদাপ্যনুমংস্যতে॥

২৩ ঈশ্বর ত্বন্তু গম্ভীরে গর্ত্তে তান্ পাতয়িষ্যসি।
অর্দ্ধায়ুর্নহি প্রাপ্স্যন্তি বঞ্চকা রক্তপাতিনঃ॥
কিন্তু ত্বয্যেব বিশ্বাসো ময়া কারিষ্যতে ধ্রুবং॥

---

১৯ প্রাণেকে কুশলে মুক্ত করিবেন। চিরকালাবধি সিংহাসনোপবিষ্ট যে ঈশ্বর, তিনি শুনিয়া শত্রুদিগকে দুঃখ দিবেন। সেলা। তাহাদের স্বভাবান্তর কখন হয় না, ও তাহারা ঈশ্বরকে ভয় করে না।
২০ তাহারা বন্ধুর বিরুদ্ধে হস্ত তুলিয়াছে, ও আপনাদের নিয়ম লঙ্ঘন
২১ করিয়াছে। তাহাদের বদন নবনীতহইতে কোমল বটে, কিন্তু তাহাদের মনের মধ্যে সংগ্রাম থাকে; এবং তাহাদের বাক্য
২২ তৈলাপেক্ষা স্নিগ্ধ বটে, তথাপি তাহা নিষ্কোষ খড়্গের তুল্য। পরমেশ্বরের প্রতি আপনার ভার সমর্পণ কর, তিনি তোমাকে প্রতিপালন করিবেন; কোন প্রকারে ধার্ম্মিক লোককে বিচলিত হই-
২৩ তে দিবেন না। হে ঈশ্বর, তুমি ঐ লোকদিগকে অগাধ গর্ত্তে নামাইবা: রক্তপাতকারি ও প্রবঞ্চক লোকেরা অর্দ্ধপরমায়ুও পাইবে না, কিন্তু আমি তোমাতে প্রত্যাশা করিব।

৫৬ ষট্পঞ্চাশং গীতং।

পিলেষ্টীয়লোকেভ্যো রক্ষার্থং দায়ূদঃ প্রার্থনা।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং যোনদেলম্‌রিহোকীমনামকস্বর-

যুক্তং দায়ূদো গুপ্তধনরূপং গীতং।

যদা পিলেষ্টীয়া গাতনগরে তং ধৃতবন্তস্তাৎকালিকং

গীতং।

ঈশ মামনুকম্পস্ব মর্ত্ত্যা জিগ্রসিযন্তি মাং। ১

সর্ব্বদা যুধ্যমানাস্তে কুর্ব্বতে মম পীড়নং ॥

নিত্যং জিগ্রসিযন্তে মাং মদীয়াঃ পরিপন্থিনঃ। ২

বহবশ্চ ময়া সার্দ্ধং যুধ্যন্তে প্রোচ্চমস্তকাঃ ॥

নিজসাধ্বসকালেঽহং পরিবিশ্বসিমি ত্বয়ি ॥ ৩

ঈশ্বরেণ তদীয়োক্তেঃ শ্লাঘা কারিষ্যতে ময়া। ৪

---

৫৬ গীত।

পিলেষ্টীয় লোকহইতে রক্ষার্থে দায়ূদের প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য যোনৎ-এলম্-রিহোকীম নামক

স্বরযুক্ত দায়ূদের গুপ্তধনস্বরূপ গীত।

যে সময়ে পিলেষ্টীয়েরা গাৎ নগরে তাঁহাকে ধরিল.

তৎকালের গীত।

হে ঈশ্বর, আমার প্রতি দয়া কর: মনুষ্য আমাকে গ্রাস করিতে ১
উদ্যত হয়, এবং আমার প্রতি উপদ্রব করিতে সমস্ত দিন যুদ্ধ
করে। আমার শত্রুগণ সমস্ত দিন আমাকে গ্রাস করিতে উদ্যত ২
হয়; অনেকে উচ্চমস্তক হইয়া আমার প্রতিকূলে যুদ্ধ করে।
কিন্তু আমার ভয় উপস্থিত হওন সময়ে আমি তোমাতে প্রত্যাশা ৩
করি। এবং ঈশ্বরের দ্বারা তাঁহার বাক্যের শ্লাঘা করিব, ও ঈশ্বরের ৪
প্রতি প্রত্যাশা রাখিব, ভয় করিব না; মাংসপিণ্ড আমার কি

ঈশ্বরে মেঽস্তি বিশ্বাসো ন করিষ্যামি সাধ্বসং।
মাং প্রতি মাংসপিণ্ডঃ কিং বিধাতুং পারকো ভবেৎ॥

৫ মদ্বাচাং বৈপরীত্যং তে কুর্ব্বতে নিখিলং দিনং।
সকলাঃ কল্পনাস্তেষাং মদ্বিরুদ্ধাঃ কুকল্পনাঃ॥

৬ তে সমেত্য প্রপশ্যন্তি চারবচ্চতুরো দিশঃ।
মৎপার্ষ্ণী চ নিরীক্ষন্তে মৎপ্রাণান্তপ্রতীক্ষিণঃ॥

৭ দুশ্চরিত্রেণ কিং তেষাং রক্ষাপ্রাপ্তিঃ প্রসেৎস্যতি।
ঈশ কোপেন জাতীনাং ত্বয়া ভ্রংশো বিধীয়তাং॥

৮ মদীয়ভ্রমণস্যৈব গণনা ক্রিয়তে ত্বয়া।
স্বকুত্বাঞ্চ মদশ্রূণি সমাচেতুং ত্বমর্হসি।
ত্বদ্গ্রন্থে কিং ন বিদ্যন্তে লেখ্যারূঢ়াণি তান্যপি॥

৯ তস্মিন্ মৎপ্রার্থনাকালে প্রদ্রোষ্যন্তি মমারয়ঃ।
ঈশ্বরো মে সহায়োঽস্তি ময়ৈতৎ ত্ববগম্যতে॥

১০ ঈশ্বরেণৈব বাক্যস্য শ্লাঘা কারিষ্যতে ময়া।
পরমেশেন বাক্যস্য শ্লাঘা কারিষ্যতে ময়া॥

১১ ঈশ্বরে মেঽস্তি বিশ্বাসো ন করিষ্যামি সাধ্বসং।

---

৫ করিতে পারে? তাহারা সমস্ত দিন আমার কথা বিপরীত করে,
৬ আমার বিষয়ে তাহাদের তাবৎ চিন্তা কুচিন্তামাত্র। তাহারা একত্র
হইয়া গোপনে থাকে, এবং আমার পদচিহ্ন দৃষ্টি করিতে২
৭ আমার প্রাণনাশের অপেক্ষাতে থাকে। এমত অধর্ম্মেতে তাহারা
কি বাঁচিবে? হে ঈশ্বর, ক্রোধে লোকদিগকে অধঃপতন কর।
৮ তুমি আমার ভ্রমণ গণনা করিতেছ, ও আমার নেত্রজল আপনার
পাত্রে রাখিতেছ; তাহা কি তোমার পুস্তকে লিখিত নাই?
৯ আমার প্রার্থনা করণ সময়ে শত্রুগণ পরাঙ্মুখ হইবে; ঈশ্বর আ-
১০ মার সহায় আছেন, ইহা আমি জানি। আমি ঈশ্বরের দ্বারা
তাঁহার বাক্যের শ্লাঘা করিব, এবং পরমেশ্বরের দ্বারা তাঁহার
১১ বাক্যের শ্লাঘা করিব। এবং ঈশ্বরের প্রতি প্রত্যাশা রাখিব, ভয়

যস্মান্মাং প্রতি কিং কর্ত্তুং মানবঃ পারকো ভবেৎ ॥

ব্রতানীশ ত্বদীয়ানি বিদ্যন্তে মম মস্তকে। ১২

তস্মাৎ সম্পাদয়িষ্যামি প্রশংসাকীর্ত্তনং তব ॥

যতো হেতো র্মম প্রাণা মরণাদ্ রক্ষিতাস্ত্বয়া। ১৩

স্খলনান্মম পাদৌ কিং রক্ষিষ্যেতে ত্বয়া নহি।

তেনাহং জীবতাং দীপ্ত্যা যাস্যামীশস্য সম্মুখং ॥

---

৫৭ সপ্তপঞ্চাশং গীতং।

১ শৌলস্য হস্তাৎ রক্ষার্থং প্রার্থনা ৭ ঈশ্বরস্য ধন্যবদনং।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যম্ অল্‌তস্‌হেতনামকস্বরযুক্তং

দায়ূদো গুপ্তধনরূপং গীতং।

যদা দায়ূদ্ শৌলস্য সম্মুখাৎ পলায্য গহ্বরে তস্থৌ

তৎকালে রচিতং।

মাং দয়স্ব দয়স্বেশ ত্বাং চিত্তং শুদ্ধধাতি মে। ১

বিপদোঽপগমং যাবৎ ছায়াং ত্বৎপক্ষয়োঃ শ্রয়ে ॥

করিব না, মনুষ্য আমার কি করিতে পারে? হে ঈশ্বর, তোমার ১২
কাছে আমার মানত আছে, আমি তোমার প্রশংসা করিব।
তুমি মৃত্যুহইতে আমার প্রাণকে উদ্ধার করিয়াছ, তবে পতন- ১৩
হইতে আমার চরণকেও রক্ষা করিয়া কি জীবৎ লোকের দীপ্তিতে
তোমার সাক্ষাতে আমাকে গমনাগমন করিতে দিবা না?

৫৭ গীত।

১ শৌলের হস্তহইতে রক্ষার্থে দায়ূদের প্রার্থনা, ৭ ও ঈশ্বরের ধন্যবাদ করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য অল্‌তস্‌হেৎ নামক স্বরযুক্ত

দায়ূদের গুপ্তধনস্বরূপ গীত।

যে সময়ে শৌলের সম্মুখহইতে দায়ূদ্ গহ্বরে পলায়ন

করিল, তৎকালের এই গীত।

হে ঈশ্বর, আমাকে দয়া কর, দয়া কর; আমার প্রাণ তোমার ১
শরণাগত; আমি এই বিপদহইতে উত্তীর্ণ হওন পর্য্যন্ত তোমার

২ সর্ব্বোচ্চমাহ্বয়ামীশম্ ঈশং সিদ্ধিকরং মম॥

৩ স্বর্গাৎ প্রেষ্যোপকারং স মম রক্ষাং বিধাস্যতি।
যে মাং জিগুসিষন্তে তে মম কুর্ব্বন্তি নিন্দনং। সেলা।
ঈশ্বরো নিজকারুণ্যং সত্যত্বঞ্চ প্রহেষ্যতি॥

৪ বেষ্ট্যতে মে মনঃ সিংহৈঃ শয়ে চাগ্নিকণেষ্বহং।
নিবসন্ মনুজৈঃ সার্দ্ধং শল্যবাণাগ্রদন্তকৈঃ।
তীক্ষ্ণনিস্ত্রিংশবদ্ যেষাং রসনা বিদ্যতে মুখে॥

৫ স্বর্গে প্রকাশতামীশ তাবকীনা সমুন্নতিঃ।
মেদিন্যা অপি সর্ব্বত্র কীর্ত্ত্যতাং মহিমা তব॥

৬ মদীয়ৌ চরণৌ বদ্ধুং জালং তৈ র্যোজিতং জনৈঃ।
প্রাণানাঞ্চ মদীয়ানাং কৃতং তৈরবপীড়নং।
মদগ্রে খানিতঃ কূপস্তন্মধ্যে তেঽপতন্ স্বয়ং॥ সেলা॥

৭ মচ্চিত্তং স্থিরমস্তীশ মচ্চিত্তং হ্যস্তি সুস্থিরং।
অহং গানং করিষ্যামি করিষ্যামি প্রশংসনং॥

---

২ পক্ষচ্ছায়াতে আশ্রয় লই। আমি সর্ব্বোপরিস্থ ঈশ্বরের ও আ-
৩ মার সর্ব্বসাধক ঈশ্বরের নিকটে প্রার্থনা করিব। তিনি স্বর্গহইতে
হস্ত বিস্তার করিয়া আমার গ্রাসকারির নিন্দাহইতে আমাকে
উদ্ধার করিবেন। সেলা। ঈশ্বর আপন অনুগ্রহ ও যথার্থতা প্রেরণ
৪ করিবেন। সিংহগণের মধ্যে আমার প্রাণ আছে, ও অগ্নিশিখা-
স্বরূপ মনুষ্যসন্তানদের মধ্যে আমি বাস করিতেছি; তাহাদের
দন্ত বড়শা ও তীরের তুল্য, এবং তাহাদের জিহ্বা তীক্ষ খড়্গ-
৫ স্বরূপ। হে ঈশ্বর, স্বর্গে তোমার উন্নতি, ও তাবৎ ভূমণ্ডলে
৬ তোমার মহিমা প্রকাশিত হউক। তাহারা আমার চরণ বদ্ধ করিতে
জাল পাতিয়াছিল, তাহাতে আমার প্রাণ সঙ্কুচিত ছিল; কিন্তু
আমার সম্মুখে যে খাত খনন করিয়াছিল, তাহার মধ্যে আপ-
নারাই পতিত হইল। সেলা।

৭ হে ঈশ্বর, আমার মন সুস্থির আছে, আমার মন সুস্থির আছে,

ত্বং মনো মে প্রবুধ্যস্ব নেবল্ বীণে চ জাগৃতং। ৮
অহং প্রজাগরিষ্যামি হ্যরুণোদয়তঃ পুরা॥
হে প্রভো লোকমধ্যেঽহং কীর্ত্তয়িষ্যামি তে স্তবং। ৯
প্রশংসিষ্যামি তে নাম জাতীনামেব মধ্যতঃ॥
যদ্ধেতোঃ স্বর্গপর্য্যন্তং বিস্তীর্ণাস্তি কৃপা তব। ১০
ত্বদীয়া সত্যতা তদ্বদ্ স্পৃশতি ব্যোমমণ্ডলং॥
স্বর্গে প্রকাশতামীশ তাবকীনা সমুন্নতিঃ। ১১
মেদিন্যা অপি সর্ব্বত্র কীর্ত্ত্যতাং মহিমা তব॥

---

৫৮ অষ্টপঞ্চাশং গীতং।

১ অন্যায়বিচারকাণাং দোষঃ ২ বিনাশশ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যম্ অল্তস্হেতনামকস্বরযুক্তং
দায়ূদো গুপ্তধনস্বরূপং গীতং।

মূকা এব স্থ কিং যূয়ং ধর্ম্মবাক্যপ্রভাষণে। ১
যথান্যায্যবিচারে চ ভো ভো মানবসূনবঃ॥

আমি গান ও প্রশংসা করিব। হে আমার মন, জাগ্রৎ হও; ৮
হে নেবল যন্ত্র ও বীণে, জাগ্রৎ হও; আমি অরুণের পূর্ব্বে
জাগ্রৎ হইব। হে প্রভো, আমি লোকদের মধ্যে তোমার প্রশংসা ৯
করিব, ও দেশীয়দের মধ্যে তোমার নাম গান করিব। কেননা ১০
তোমার অনুগ্রহ আকাশ পর্য্যন্ত উচ্চ, ও তোমার যথার্থতা মেঘ
পর্য্যন্ত ব্যাপ্ত আছে। হে ঈশ্বর, স্বর্গে তোমার উন্নতি, ও তাবৎ ১১
ভূমণ্ডলে তোমার মহিমা প্রকাশিত হউক।

৫৮ গীত।

১ অন্যায় বিচারকর্ত্তাদের দোষ, ২ ও বিনাশ।

প্রধান বাদ্যকরকে দাতব্য অল্তস্হেৎ নামক স্বরযুক্ত
দায়ূদের গুপ্তধনস্বরূপ গীত।

হে সভাসদ্গণ, তোমরা কি যথার্থ কথা কহিতেছ? হে মনুষ্য- ১

২　কিঞ্চ যূয়ং মনোমধ্যে দুষ্কর্ম্মাণ্যনুতিষ্ঠথ।
কুরুধ্বে চ নিজৈর্হস্তৈ র্দেশে দৌরাত্ম্যতোলনং॥

৩　আ মাতৃকুক্ষিবাসাদ্ধি প্রভ্রষ্টাঃ সন্তি দুর্জ্জনাঃ।
গর্ভান্নিষ্ক্রান্তিমারভ্য ভ্রাম্যন্ত্যনৃতবাদিনঃ॥

৪　তেষাং যদ্ গরলঞ্চাস্তি তদ্ বিষাস্যবিষোপমং।
সন্তি তে রুদ্ধকর্ণাশ্চ বধিরঃ ফণবানিব।

৫　অশৃণ্বন্ মায়িনঃ শব্দং মন্ত্রপাঠে পটোরপি॥

৬　তেষাং বক্তুস্থিতা দন্তা ভজ্যন্তামীশ্বর ত্বয়া।
রদনান্ যুবসিংহানাং ভিন্ধি হে পরমেশ্বর॥

৭　গলিতাঃ সলিলানাং হি সদৃশা বিসুবন্তু তে।
যোজিতাস্তে নিজা বাণাঃ সঞ্ছিন্নাগ্রা ভবন্তু চ॥

৮　দ্রবিশম্বূকবৎ তে চ গলিতা বিসুবন্তু হি।
গর্ভাৎ চ্যুতং যথাপত্যং নেক্ষ্যন্তাং তে তথা রবিং॥

৯　স্থালীনাং যুষ্মদীয়ানাং কণ্টকৈস্তাপনাৎ পুরা।
পাপান্ পক্বান্ অপক্বাংশ্চ স হরিষ্যতি বাত্যয়া॥

---

২ সন্তানবর্গ, তোমরা কি প্রকৃত বিচার করিতেছ? না, মনের মধ্যে অযাথার্থ্য রাখিতেছ, ও দেশেতে হস্তদ্বারা অন্যায় পরিমাণ করি-
৩ তেছ। পাপিগণ জন্মাবধি বিপথগামী হয়, এবং ভূমিষ্ঠ হওনাবধি
৪ মিথ্যা কহিয়া ভ্রমণ করে। সর্পবিষের ন্যায় তাহাদের বিষ, এবং
৫ বধির কালসর্প যেমন কর্ণ রোধ করিয়া তীক্ষ্ণ মন্ত্রবাদি সর্পবৈদ্যের রব শুনে না, তাহারাও তদ্রূপ।

৬　হে ঈশ্বর, তাহাদের মুখের দন্ত ভগ্ন কর; হে পরমেশ্বর,
৭ যুবসিংহের কষের দন্ত উৎপাটন কর। তাহারা স্রোতোজলের ন্যায় বহিয়া যাইবে, এবং তাহাদের আকৃষ্ট বাণ ভগ্ন বাণের
৮ ন্যায় ব্যর্থ হইবে। এবং তাহারা দ্রবীভূত শম্বূকের ন্যায় গলিত
৯ হইবে, এবং গর্ভস্রাবের ন্যায় সূর্য্য দেখিতে পাইবে না। তাহা-

আনন্দিষ্যতি ধর্ম্মী হি প্রতীকারস্য দর্শনাৎ। ১০
দুশ্চরিত্রস্য রক্তে স পাদৌ প্রক্ষালয়িষ্যতি ॥
মানবাশ্চ বদিষ্যন্তি ধার্ম্মিকস্য ফলং স্থিরং। ১১
ন্যায়াধীশশ্চ মেদিন্যাম্ ঈশ্বরোঽস্তীতি নিশ্চিতং ॥

---

৫৯ ঊনষষ্টিতমং গীতং।

প্রাণরক্ষায়াং জাতায়াং পরমেশ্বরস্য প্রশংসা।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যম্ অলতস্‌হেতনামকস্বরযুক্তং
দায়ূদো গুপ্তধনরূপং গীতং।

শৌলেন প্রহিতা লোকা যদা দায়ূদং হন্তুং তস্য
গেহং বেষ্টয়ামাসুস্তৎকালে রচিতং।

মামকীনবিপক্ষেভ্যো রক্ষ মাং হে মদীশ্বর। ১
উত্থিতেভ্যো বিরুদ্ধং মে রিপুভ্যো মাং সমুদ্ধর ॥
কুকর্ম্মিভ্যো মনুষ্যেভ্যো নিস্তারং মে বিধেহি ২

দের মনোরূপ হাঁড়ী কণ্টকের জ্বাল পাইবার পূর্ব্বে তিনি [illegible]
অপক্ক দুষ্টগণকে ঝড়ে উড়াইয়া লইবেন। ধার্ম্মিক লোক [illegible] ১০
দের এমত প্রতিফল দেখিয়া আনন্দিত হইবে, ও পাপির [illegible]
আপন২ পাদ প্রক্ষালন করিবে। তাহাতে মনুষ্যগণ এমত ক[illegible] ১১
'অবশ্য ধার্ম্মিক লোকের ফল আছে, অবশ্য পৃথিবীর [illegible]র-
কর্ত্তা এক ঈশ্বর আছেন।'

৫৯ গীত।

প্রাণরক্ষা হইলে পর পরমেশ্বরের প্রশংসা করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য অলতস্‌হেৎ নামক স্বরযুক্ত
দায়ূদের গুপ্তধনস্বরূপ গীত।

শৌলের প্রেরিত লোক যখন দায়ূদকে বধ করিতে গৃহের
নিকটে ঘাঁটি বসাইল, তৎকালের এই গীত।

হে আমার ঈশ্বর, শত্রুগণহইতে আমাকে নিস্তার কর, ও আমার ১
বিপক্ষগণহইতে আমাকে রক্ষা কর। দুষ্কর্ম্মিদের হইতে আমাকে ২

রক্তপাতিনরেভ্যশ্চ পরিত্রাণং কুরুষ্ব মে ॥

৩ পশ্য মৎপ্রাণনাশার্থং তে বিদ্যন্তে তিরোহিতাঃ।
মদ্বিরুদ্ধং সমায়ান্তি মানবা বলবিক্রমাঃ।
হে পরেশ ন মে দোষাৎ ন পাপাদ্ বা ময়া কৃতাৎ॥

৪ ময়ি চানপরাধে তে দ্রুত্বা তিষ্ঠন্তি সজ্জিতাঃ।
ত্বং প্রবুদ্ধো ময়া সার্দ্ধং মিলিত্বা চাবলোকয় ॥

৫ সৈন্যাধীশ পরেশ ত্বম্ অসীস্রায়েল ঈশ্বরঃ।
ভিন্নজাতীয়লোকানাং পরীক্ষার্থং সুজাগৃহি।
ত্বয়া নানুগৃহীতব্যাঃ সর্ব্বে তে দুষ্টবঞ্চকাঃ॥ সেলা ॥

৬ সন্ধ্যায়াং পুনরাগত্য ক্রোশন্তঃ কুক্কুরা ইব।
নগরস্যেব সর্ব্বত্র পর্য্যটন্তি হি তে নরাঃ॥

৭ পশ্য স্বকীয়বক্ত্রেভ্যো ঘৃণ্যবাচো বমন্তি তে।
ওষ্ঠাঃ খড়্গধরাস্তেষাং কঃ শৃণোতীতি জল্পতাং॥

৮ কিন্তু হে পরমেশ ত্বং তানেবোপহসিষ্যসি।

নিস্তার কর, ও রক্তপাতি মনুষ্যদের হইতে আমাকে ত্রাণ কর।
৩ দেখ, তাহারা আমার প্রাণ নাশার্থে লুক্কায়িত আছে; হে পর-
মেশ্বর, বলবান লোকেরা আমার বিরুদ্ধে একত্র হয়, কিন্তু আমার
৪ কোন পাপ ও অপরাধ প্রযুক্ত নয়। তাহারা আমার কোন দোষ
না পাইয়াও দৌড়িয়া আসিয়া প্রস্তুত হয়; অতএব তুমি আমার
৫ উপকারের জন্যে জাগ্রৎ হইয়া অবলোকন কর। হে সৈন্যাধ্যক্ষ
প্রভো পরমেশ্বর, হে ইস্রায়েলের ঈশ্বর, তুমি ভিন্নজাতীয় সকলকে
প্রতিফল দিতে জাগ্রৎ হও, দুষ্ট বঞ্চকদিগকে কদাচ দয়া করিও
৬ না। সেলা। তাহারা সন্ধ্যাকালে ফিরিয়া আসিয়া কুক্কুরদের
৭ ন্যায় কঠোর শব্দ করিয়া নগরের চতুর্দ্দিগে ভ্রমণ করে। দেখ,
তাহারা মুখহইতে মন্দ কথা উদ্গীরণ করে, তাহাদের জিহ্বা
৮ খড়্গস্বরূপ, ও তাহারা বলে, কে শুনিতে পাইবে? কিন্তু হে
পরমেশ্বর, তুমি তাহাদিগকে পরিহাস করিবা, ও ভিন্নজাতীয়

সকলান্ ভিন্নজাতীয়ান্ অবজ্ঞেয়াংশ্চ মংস্যসে ॥
তেষাং বলাৎ প্রতীক্ষে ত্বাং যস্মাম্মদ্দুর্গমীশ্বরঃ ॥ ৯
মদনুগ্রাহকস্ত্বীশ উপস্থাস্যতি মাং স্বয়ং। ১০
মদরীণাং প্রতীকারম্ ঈশো মাং দর্শয়িষ্যতি ॥
তান্ ন মারয় নো চেৎ তদ্ বিস্মরিষ্যন্তি মে প্রজাঃ। ১১
ভ্রময়ন্ স্বীয়শক্ত্যা তান্ পাতয়াস্মৎফল প্রভো ॥
ওষ্ঠাভ্যাং নির্গতৈর্বাক্যৈস্তেষাং বক্তুং প্রদুষ্যতি। ১২
স্বদর্পেণ ধ্রিয়ন্তাং তে শাপমিথ্যোক্তিতোঽপি চ ॥
ত্বং তান্ সংহর কোপেন সংহরৈকো ন তিষ্ঠতু। ১৩
ঈশো যাকুবি শাস্তীতি দিগন্তৈস্থৈশ্চ বুধ্যতাং ॥ সেলা ॥
সন্ধ্যায়াং পুনরাগত্য ক্রোশন্তঃ কুক্কুরা ইব। ১৪
নগরস্যৈব সর্ব্বত্র পর্য্যটিষ্যন্তি তে নরাঃ।
তে ভ্রমিষ্যন্তি ভক্ষ্যার্থম্ অতৃপ্তা রাত্রিযাপিনঃ ॥ ১৫

সকলকে উপহাস করিবা। আমি তাহাদের বলপ্রযুক্ত তোমার ৯ অপেক্ষা করিতেছি; ঈশ্বর আমার উচ্চদুর্গস্বরূপ। আমার অনু- ১০ গ্রাহক ঈশ্বর আমার অগ্রবর্ত্তী হইবেন, ও ঈশ্বর আমার শত্রুগণের বিপদ আমাকে দেখাইবেন। আমার লোক যেন তোমার কর্ম্ম ১১ বিস্মৃত না হয়, এই নিমিত্তে শত্রুদিগকে বধ করিও না; কিন্তু হে আমাদের ঢালস্বরূপ প্রভো, তুমি নিজ শক্তিতে তাহাদিগকে ভ্রমণ করাইয়া নিপাত কর। তাহারা নিজ মুখের অপরাধ ১২ ও ওষ্ঠাধরের বাক্য ও অভিশাপ ও মিথ্যা কথা প্রযুক্ত আপনাদের অহঙ্কারে ধরা পড়ুক। তুমি ক্রোধে তাহাদিগকে সংহার ১৩ কর; এমত সংহার কর যে তাহাদের এক জনও অবশিষ্ট না থাকে; তাহাতে যাকুব বংশের মধ্যে ঈশ্বর কর্তৃত্ব করেন, ইহা পৃথিবীর সীমা পর্য্যন্ত জানা যাইবে। সেলা। তাহারা সন্ধ্যাকালে ১৪ ফিরিয়া আসিয়া কুক্কুরদের ন্যায় কঠোর শব্দ করিয়া নগরের চতুর্দ্দিগে ভ্রমণ করিবে; এবং আহারের নিমিত্তে পর্য্যটন করিয়া তৃপ্ত ১৫

১৬ অহং গাস্যামি তে শক্তিং প্রাতঃ স্তোষ্যামি তে কৃপাং।
যত আসী র্বিপৎকালে ত্বং দুর্গঞ্চাশ্রয়শ্চ মে ॥

১৭ মচ্ছক্তে ত্বাং সমুদ্দিশ্য ময়া গানং করিষ্যতে।
যস্মাৎ ত্বমীশ মদ্দুর্গং মদনুগ্রাহকেশ্বরঃ ॥

---

৬০ ষষ্টিতমং গীতং।

১ যুদ্ধকালে দায়ূদঃ প্রত্যাশা ৯ প্রার্থনা চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং শোশন্নেদুতস্বরযুক্তং দায়ূদো গুপ্তধনরূপং শিক্ষার্থকং গীতং। যদা সোঽরামনহরয়িমম্ অরামসোবাঞ্চ জিগায় যোয়াবশ্চ পরাবৃত্য লবণনিম্নভূমাবিদোমীয়ানাং দ্বাদশসহস্রাণি লোকান্ বিনাশয়ামাস তৎকালে রচিতং।

১ ঈশ ত্বয়া বয়ং ত্যক্তা বিকীর্ণাশ্চ ত্বয়া বয়ং।
অস্মভ্যং সমকুপ্যস্ত্বং পরাবর্ত্তস্ব নঃ প্রতি ॥

---

১৬ না হইয়া রাত্রি যাপন করিবে। কিন্তু বিপদকালে তুমি আমার উচ্চদুর্গ ও আশ্রয় হইলা, এই জন্যে আমি তোমার পরাক্রমের বিষয়ে গান করিব, ও প্রত্যূষে তোমার অনুগ্রহের বিষয়ে উচ্চৈঃ-
১৭ স্বরে গান করিব। হে আমার বলস্বরূপ, আমি তোমার উদ্দেশে গান করিব, কেননা ঈশ্বর আমার উচ্চদুর্গস্বরূপ, তিনি আমার অনুগ্রাহক ঈশ্বর।

৬০ গীত।

১ যুদ্ধসময়ে দায়ূদের প্রত্যাশা, ৯ ও প্রার্থনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য শোশন এদূৎ নামক স্বরযুক্ত দায়ূদের গুপ্তধনস্বরূপ শিক্ষার্থক গীত।

যখন সে অরাম্-নহরয়িম ও অরাম্-সোবার সহিত যুদ্ধ করিল ও যোয়াব যাইয়া লবণ নিম্ন ভূমিতে ইদোমের দ্বাদশ সহস্র লোককে বিনাশ করিল, তৎকালের এই গীত।

১ হে ঈশ্বর, তুমি আমাদিগকে ত্যাগ করিয়াছ, ও আমাদিগকে ছিন্নভিন্ন

ভূবৃত্তং কম্পয়িত্বা ত্বম্ অকার্ষীস্তদ্বিদারণং। ২
ত্বং পূর্ণীকুরু তদ্ভঙ্গান্ যস্মাৎকম্পায়তে স তৈঃ ॥
ত্বয়া স্বকীয়লোকা হি সঙ্কটং পরিদর্শিতাঃ। ৩
মদ্যমুগ্ধত্তাকারং পায়িতাশ্চ বয়ং ত্বয়া ॥
স্বভক্তেষু তু লোকেষু পতাকৈকার্পিতা ত্বয়া। ৪
তেভ্য উন্নতিদানার্থং সত্যতায়াঃ প্রতাপতঃ ॥ সেলা ॥
যথা তব প্রিয়া লোকাঃ পরিত্রাণমাপ্নুয়ুঃ। ৫
তদর্থং ত্বং স্বহস্তেন ত্রাত্বা দেহি ন উত্তরং ॥
স্বপবিত্রতয়াবাদীৎ ঈশস্তেনোল্লসাম্যহং। ৬
শিখিমং তু বিভক্ষ্যামি মাস্যে সুক্কোতপ্রান্তরং ॥
মদীয়ো গিলিয়াদোঽস্তি মিনশিশ্চ মদীয়কঃ। ৭
ইফ্রয়িমঃ শিরস্ত্রং মে যিহূদা বিধিদায়কঃ ॥
মোয়াবো জলপাত্রং মে ক্ষালনস্যোপকারকং। ৮

করিয়াছ, এবং আমাদের প্রতি ক্রোধ করিয়াছ, এখন আমাদের ২
প্রতি ফির। তুমি দেশকে কম্পিত ও ভগ্ন করিয়াছ, এখন তাহার
ভগ্ন স্থান পূর্ণ কর, কেননা সে অস্থির হইতেছে। তুমি আপন ৩
লোকদিগকে সঙ্কট দর্শন করাইয়াছ, এবং আমাদিগকে মত্ততাজনক
মদ পান করাইয়াছ। তুমি আপনার ভয়কারিদিগকে এক পতাকা ৪
দিয়া সত্য ধর্ম্মের নিমিত্তে তাহা উঠাইতে দিয়াছ। সেলা। অত- ৫
এব তোমার প্রিয় লোকেরা যেন উদ্ধার পায়, এই জন্যে নিজ দক্ষিণ
হস্তদ্বারা আমাদিগকে ত্রাণ করিয়া উত্তর দেও। ঈশ্বর আপন ৬
পবিত্রতাতে কথা কহিলেন, অতএব আমি আনন্দ করিয়া শিখম্-
দেশ বিভাগ করিব, ও সুক্কোতের নিম্নভূমি মাপ করিব। গিলিয়দ্ ৭
দেশ আমার, ও মিনশি আমার, এবং ইফ্রয়িম আমার মস্তকের
বলস্বরূপ; যিহূদা আমার ব্যবস্থাপক; ও মোয়াব্ আমার প্রক্ষা-
লনপাত্রস্বরূপ; আমি ইদোমের উপরে পাদুকা নিক্ষেপ করি, এবং ৮
হে পিলেষ্টিয়া, তুমি আমার জয়ধ্বনি করিবা।

ইদোমস্যোপরি স্বীয়াং পাদুকাং প্রক্ষিপামাহং।
পিলেষ্টীয়াখ্যদেশ ত্বং জয়নাদং কুরুষ্ব মে॥
৯ সুদৃঢ়ং নগরং নীত্বা কো মাং তৎ প্রাপয়িষ্যতি।
ক ইদোমপুরং যাবন্মার্গং মাং দর্শয়িষ্যতি॥
১০ ঈশাস্মান্ ত্যক্তবান্ যস্ত্বং ত্বং কিং তন্ন করিষ্যসি।
অস্মাকং বাহিনীনাঞ্চ মধ্যে কিং ন গমিষ্যসি॥
১১ অস্মান্ ক্লেশত উদ্ধর্তুম্ উপকারং বিধেহি নঃ।
উপকারো মনুষ্যেণ কৃতো নিষ্ফল এব হি॥
১২ ঈশ্বরেণৈব বীরত্বম্ বয়মাচরিতুং ক্ষমাঃ।
স এবাস্মদ্বিপক্ষাংশ্চ চরণাভ্যাং বিমর্দ্দিতা॥

---

৬১ একষষ্টিতমং গীতং।

পরমেশ্বরে দায়ূদ আশ্রয়ণং।

যন্ত্রবাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো গীতং।

১ ঈশ ত্বং শৃণু মে রাবং প্রার্থনাং মে নিশাময়॥

---

৯ দুর্গম নগরে আমাকে কে লইয়া যাইবে? এবং ইদোমে বা
১০ আমাকে কে প্রবেশ করাইবে? হে ঈশ্বর, আমাদিগকে ত্যাগ করিয়াছ যে তুমি, তুমি কি তাহা করিবা না? তুমি কি আমাদের
১১ সৈন্যমধ্যে গমন করিবা না? ক্লেশে আমাদের উপকার কর; মনুষ্য-
১২ হইতে যে উপকার, সে নিষ্ফল। কিন্তু ঈশ্বরের দ্বারা আমরা বীরের কর্ম্ম করিতে পারিব; তিনি আমাদের শত্রুদিগকে পদতলস্থ করিবেন।

৬১ গীত।

পরমেশ্বরেতে দায়ূদের আশ্রয় করণ।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য দায়ূদের গীত।

১ হে ঈশ্বর, আমার কাকুতি শ্রবণ কর, আমার প্রার্থনাতে মনোযোগ

আহ্বয়ামি দিগন্তস্থস্ত্বাং চিত্তোদ্বেগহেতুনা। ২
মম দুর্গম্যমুচ্চত্বাৎ শৈলং ত্বং মাং সমানয়॥
যতো হেতোস্ত্বমেবাসি মামকীনঃ সমাশ্রয়ঃ। ৩
ত্বঞ্চ মে সুদৃঢ়ং দুর্গং পরিপন্থিনিবারকং॥
অনন্তকালমেবাহং নিবৎস্যামি তবোটজে। ৪
ত্বদীয়পক্ষয়োশ্ছায়াং করিষ্যে চাহমাশ্রয়ং॥ সেলা॥
যস্মান্মম ব্রতানি ত্বম্ ঈশ্বরঃ শ্রুতবানসি। ৫
মহ্যং স্বনামভক্তানাং সমাংশিত্বঞ্চ দত্তবান্॥
ভূপতে র্দিনসংখ্যায়া বর্দ্ধনং ত্বং বিধাস্যসি। ৬
তদ্বর্ষাণাঞ্চ দীর্ঘত্বং পুরুষানুক্রমোপমং॥
ঈশ্বরস্য সমক্ষং স সদাসীনো ভবিষ্যতি। ৭
করুণাং সত্যতাঞ্চ ত্বং তস্য রক্ষার্থমাদিশ॥
তেনাহং পরিগাস্যামি তব নাম নিরন্তরং। ৮
শোধয়ন্ মামকীনানি ব্রতান্যেব দিনে দিনে॥

কর। আমি পৃথিবীর সীমাতে থাকিয়া অবসন্ন মনে তোমাকে আ- ২
হ্বান করি; আমার দুর্গম্য কোন উচ্চ পর্ব্বতে আমাকে লইয়া
যাও। কেননা তুমিই আমার আশ্রয় ও শত্রুনিবারক দৃঢ় দুর্গ ৩
স্বরূপ। আমি সর্ব্বদা তোমার তাম্বুতে বাস করিব, ও তোমার ৪
পক্ষের ছায়াতে আশ্রয় লইব। সেলা। কেননা হে ঈশ্বর, তুমি ৫
আমার মানত শুনিয়াছ, এবং তোমার নামে ভয়কারি লোকদের
সহিত আমাকে অধিকার দিয়াছ। তুমি রাজার আয়ুর ও অনেক ৬
পুরুষ পর্য্যন্ত তাহার বৎসরের বৃদ্ধি করিবা। সে সর্ব্বদা ঈশ্বরের ৭
সাক্ষাতে বসতি করিবে, অনুগ্রহ ও যথার্থতাদ্বারা তাহাকে রক্ষা
করিতে আজ্ঞা হউক। তাহাতে আমি নিরন্তর তোমার নামে ৮
গান করিব, ও দিনে২ আপন মানত পরিপূর্ণ করিব।

৬২ দ্বাসপ্ততিতমং গীতং।

ঈশ্বরস্য সারত্বং মনুষ্যাণাম্ অসারত্বং।

যিদূথূনীয়বর্গস্য বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো গীতং।

১ ঈশমেব সমুদ্দিশ্য মৌনি তিষ্ঠতি মে মনঃ।
মামকীনং পরিত্রাণং তস্মাদেব প্রজায়তে॥

২ কেবলং সোঽস্তি মে শৈলো মম তারণকারণং।
উচ্চদুর্গং মমাস্তে স নাহং প্রস্খলিতাতরাং॥

৩ নর একঃ কিয়ৎকালং যুষ্মাভিস্ত্বাক্রমিষ্যতে।
যথা কুড্যং বহির্লম্বং ভগ্নং বা বারণং যথা।
সর্ব্বে যূয়ং কিয়ৎকালং তং তথৈব হনিষ্যথ॥

৪ তে তস্যোচ্চপদাদেব মন্ত্রয়ন্তে নিপাতনং।
তে মৃষোক্তিষু সন্তুষ্টাঃ প্রদদত্যাশিষং মুখৈঃ।
কিন্তু শাপং দদত্যেব নিজান্তঃকরণেষু তে॥ সেলা॥

৫ ঈশমেব সমুদ্দিশ্য মৌনি তিষ্ঠ মনো মম।
যস্মান্মম প্রতীক্ষায়াঃ সিদ্ধিস্তেনৈব জায়তে॥

---

৬২ গীত।

ঈশ্বরের সারত্ব ও মনুষ্যের অসারত্ব।

যিদূথূনের দলমধ্যে প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

১ আমার মন নিতান্ত ঈশ্বরের অপেক্ষা করে, তাঁহাহইতে আমার
২ পরিত্রাণ হয়। কেবল তিনি আমার পর্ব্বত ও পরিত্রাণস্বরূপ; তিনি
৩ আমার উচ্চদুর্গ, আমি অত্যন্ত বিচলিত হইব না। তোমরা আর
কত কাল এক মনুষ্যকে আক্রমণ করিবা? ও সকলে পত-
নোন্মুখ ভিত্তি ও ভগ্ন বেড়ার ন্যায় তাহাকে আঘাত করিবা?
৪ তাহারা তাহাকে উচ্চপদহইতে অধঃপতন করাইতে পরামর্শ করে
ও মিথ্যাকথাতে সন্তুষ্ট হয়; এবং মুখে আশীর্ব্বাদ করে বটে, কিন্তু
৫ অন্তরে শাপ দেয়। সেলা। হে আমার মন, কেবল ঈশ্বরের অপেক্ষা

[illegible] মম ত্রাণকারণং। ৬
[illegible] ন [illegible] বিচাল্যোঽহং ততঃ ॥
[illegible] মূলকং। ৭
মদীয়ং সুদৃঢ়ং দুর্গম্ আশ্রয়ো মম চেশ্বরঃ ॥
তস্মিন্ কুরুত বিশ্বাসং সর্ব্বকালে হি হে প্রজাঃ। ৮
স্বমনো ব্যংক্ত তৎসাক্ষাদ্ ঈশ্বরোঽস্মাকমাশ্রয়ঃ ॥ সেলা ॥
অলীকা মর্ত্ত্যসন্তানা অসারা বীরসূনবঃ। ৯
উৎপতন্তি তুলায়াং তে সর্ব্বে বাষ্পাদগৌরবাঃ ॥
মা বিশ্বসত দৌরাত্ম্যে লুণ্ঠনাচ্চ ন দৃপ্যত। ১০
সম্পত্তৌ বর্দ্ধমানায়াং মা ধত্ত্বং তত্র মানসং ॥
বাক্যমেকং জগাদেশো দ্বির্ময়া তৎ পরিশ্রুতং। ১১
বস্তুত ঈশ্বরস্যাস্তি বিক্রমস্যাধিকারিতা ॥
কৃপায়াশ্চাধিকারিত্বং তথৈবাস্তি তব প্রভো। ১২
যস্মাৎ ত্বয়ৈব দাতব্যং সর্ব্বেভ্যঃ কর্ম্মণাং ফলং ॥

কর, কেননা তিনি আমার প্রত্যাশার স্থান। কেবল তিনি আমার ৬
পর্ব্বত ও পরিত্রাণস্বরূপ; তিনি আমার উচ্চদুর্গ, আমি বিচলিত
হইব না। ঈশ্বরহইতে আমার পরিত্রাণ ও গৌরব, ও ঈশ্বর আমার ৭
বলবান্ পর্ব্বত ও আশ্রয়স্থান। হে লোক সকল, সর্ব্বকাল তাঁহাতে ৮
প্রত্যাশা কর, ও তাঁহার সম্মুখে মনের তাবৎ কথা ভাঙ্গিয়া কহ;
কেননা ঈশ্বর আমাদের আশ্রয়স্থান। সেলা। সামান্য লোকেরা ৯
অসার, এবং মান্য লোকেরাও মিথ্যা; তাহাদিগকে তৌল করিলে
তাহারা ঊর্দ্ধে উঠে; তাহারা অসারহইতে লঘু। তোমরা উপদ্রব ১০
করিতে সাহস করিও না, ও অপহরণেতে শ্লাঘা করিও না, এবং
ধনের বাহুল্য হইলে তাহাতে মন দিও না। ঈশ্বর এক বাক্য ১১
কহিয়াছেন, বরং আমি দুই বাক্য শুনিয়াছি, ঈশ্বরের পরাক্রম
আছে। এবং হে প্রভো, তোমার দয়াও আছে, কারণ তুমি প্রত্যেক ১২
মনুষ্যকে স্ব২ কর্ম্মানুসারে প্রতিফল দিয়া থাক।

৬৩ ত্রিষষ্টিতমং গীতং।

ঈশ্বরানুগ্রহস্যাকাঙ্ক্ষা শত্রূন্ প্রত্যুপেক্ষা চ।

যিহূদায়াঃ প্রান্তরে স্থিতিকালে কৃতং দায়ূদো ধর্ম্মগীতং।

১ ঈশ্বর ত্বং মদীয়েশস্ত্বামেবানুসরাম্যহং।
ত্বদর্থং মে মনস্তৃষ্ণক্ ত্বাঞ্চাকাঙ্ক্ষতি মে তনুঃ।
মরুভূম্যাং সুশুষ্কায়াং জলাভাবেন সীদতঃ॥

২ ধর্ম্মধাম্নি ময়া যাদৃক্ সম্প্রাপ্তং তব দর্শনং।
তাদৃগেব দিদৃক্ষেঽহং বিক্রমং গৌরবঞ্চ তে॥

৩ যতস্ত্বদীয়কারুণ্যম্ উত্তমং জীবনাদপি।
অধরৌ মামকীনৌ হি প্রশংসাং কুরুতস্তব॥

৪ যাবজ্জীবং করিষ্যামি ধন্যবাদং তবেদৃশং।
তাবকীনায় নাম্নে চ ভবিষ্যামি কৃতাঞ্জলিঃ॥

৫ তেনৈব সারমেদোভ্যাম্ ইব তর্প্স্যতি মে মনঃ।
হর্ষনাদকৃদোষ্ঠাভ্যাং মম বক্তুঞ্চ গাস্যতি॥

---

৬৩ গীত।

ঈশ্বরের অনুগ্রহের আকাঙ্ক্ষা ও শত্রুজয়ের অপেক্ষা।

যিহূদার প্রান্তরে থাকিবার সময়ে দায়ূদের কৃত ধর্ম্মগীত।

১ হে ঈশ্বর, তুমি আমার ঈশ্বর; আমি তোমার অন্বেষণ করি; জলের অভাবে শুষ্ক ও মৃগতৃষ্ণাযুক্ত ভূমিতে তোমার নিমিত্তে আমার মন
২ আকাঙ্ক্ষী ও আমার শরীর তৃষ্ণার্ত্ত আছে। ধর্ম্মধামে তোমার যে-রূপ দর্শন পাইয়াছি, তদ্রূপে তোমার বল ও মহিমা দর্শন করিতে
৩ (ইচ্ছা করি)। তোমার অনুগ্রহ জীবনহইতেও উত্তম, এই নিমিত্তে
৪ আমার ওষ্ঠাধর তোমার প্রশংসা করে। আমি যাবজ্জীবন সেই রূপে
৫ তোমার ধন্যবাদ করিব, এবং তোমার নামে কৃতাঞ্জলি হইব। তা-হাতে যেমন মজ্জা ও তৈলাক্ত মাংসেতে, তদ্রূপ আমার প্রাণ তৃপ্ত হইবে, ও আমার মুখ জয়ধ্বনিকারি ওষ্ঠাধরে তোমার প্রশংসা করি-

ত্বাং স্মরন্ নিজশয্যায়াং ধ্যায়ামি প্রহরেষ্বহং ॥ ৬

যতো হেতোস্ত্বমেবাসি মামকীনোপকারকঃ। ৭

তস্মাৎ ত্বৎপক্ষয়োশ্ছায়াম্ আশ্রিতঃ প্রোল্লসাম্যহং ॥

মনস্ত্বদনুরক্তং মে সব্যার্থ্যেতিহং করেণ তে॥ ৮

অমী স্বীয়বিনাশার্থং মম প্রাণজিঘাংসবঃ। ৯

বসুধায়া অধোভাগং প্রবেক্ষ্যন্তি নিপাতিতাঃ॥

অর্পিতা অসিধারে তে বিভক্ষ্যন্তে চ জম্বুকৈঃ॥ ১০

কিন্তু ক্ষৌণিপতে হর্ষ ঈশ্বরাৎ প্রজনিষ্যতে। ১১

যশ্চ শংস্যতি তন্নাম্না শ্লাঘা তেন করিষ্যতে।

যস্মাদ্ অসত্যবক্তৃণাং বদনং সম্নিরোৎস্যতে॥

---

৬৪ চতুঃষষ্টিতমং গীতং।

বৈরিণাং দোষো বিনাশশ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদো ধর্ম্মগীতং।

চিন্তাযুক্তস্য মে রাবম্ ঈশ্বর ত্বং নিশাময়। ১

বে। আমি শয্যার উপরে যখন তোমাকে স্মরণ করি, তখন রাত্রির ৬
প্রহরে ২ তোমার বিষয়ে ধ্যান করি; কেননা তুমি আমার উপকারী, ৭
এবং তোমার পক্ষের ছায়াতে আমি উল্লাসিত হই। আমার ৮
আত্মা তোমাতে আসক্ত, তোমার দক্ষিণ হস্ত আমাকে ধারণ
করে। কিন্তু যাহারা আমার প্রাণ নষ্ট করিতে চেষ্টা করে, পৃথি- ৯
বীর নীচে তাহাদের অধোগতি হইবে। তাহারা খড়্গধারে পতিত ১০
হইয়া শৃগালের খাদ্য হইবে; কিন্তু রাজা ঈশ্বরেতে আনন্দ ১১
করিবে। যে কেহ তাঁহার নামে শপথ করিবে, সে শ্লাঘা করিবে;
কিন্তু মিথ্যাবাদিদের মুখ রুদ্ধ হইবে।

৬৪ গীত।

শত্রুদের দোষ ও বিনাশ।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের ধর্ম্মগীত।

হে ঈশ্বর, আমার আন্তরিক চিন্তার কথা শ্রবণ কর, ও শত্রুর ভয়, ১

বিপক্ষাত্ম যত্ত্রাসস্তস্মাদ্মে রক্ষ জীবনং ॥

২ মাং প্রচ্ছাদয় দুষ্টানাং মানবানাং কুমন্ত্রণাৎ।
কলহাচ্চ মনুষ্যাণাম্ অধর্ম্মাচারকারিণাং ॥

৩ তে ক্ষুবন্ত্যসিবজ্জিহ্বাং সন্ধায় কটুবাগিষুং।

৪ সাধুং প্রতি রহঃস্থানে প্রক্ষেপ্তুং চিন্তয়ন্তি চ।
অকস্মাচ্চ তমুদ্দিশ্য ত্যজন্তি নির্ভয়াঃ শরান্ ॥

৫ সঙ্কল্পয়ন্তি তে লোকা মিথো বাঢ়াং কুমন্ত্রণাং।
গুপ্তমুন্মাথযোগায় চালপন্তি পরস্পরং।
বয়ং কেনেক্ষিতুং শক্যা ইতি বাক্যং বদন্তি চ ॥

৬ হিংসাং সঞ্চিন্ত্য তৈঃ সিদ্ধং যুক্তিঃ পক্বেতি গদ্যতে।
একৈকস্য সুগম্ভীরম্ অন্তশ্চিত্তঞ্চ বিদ্যতে ॥

৭ অকস্মাৎ তান্ সমুদ্দিশ্য বাণং প্রক্ষেপ্স্যতীশ্বরঃ।
তদানীঞ্চ ভবিষ্যন্তি স্বয়ং তে কৃতবিক্ষতাঃ ॥

৮ তে চাধঃ পাতয়িষ্যন্তে সমাক্রান্তাঃ স্বজিহ্বয়া।
যাবন্তস্তানবেক্ষন্তে তে বিদ্রোষ্যন্তি সর্ব্বতঃ ॥

---

২ হইতে আমার প্রাণ রক্ষা কর। এবং দুষ্টদের কুমন্ত্রণা ও দুষ্ক-
৩ র্ম্মকারিদের কলহহইতে আমাকে সংগোপন কর। কেননা তাহা-
দের জিহ্বা শাণিত খড়্গের ন্যায়, তাহারা গুপ্তরূপে সাধুর প্রতি
৪ ত্যাগ করিতে কটুবাক্যরূপ বাণ যোজনা করে; এবং হঠাৎ তীর
৫ পরিত্যাগ করে; কিছুমাত্র ভয় করে না। তাহারা কুপরামর্শে আপ-
নাদিগকে সবল করে, এবং গোপনে ফাঁদ পাতিবার কথা স্থির
৬ করে, ও বলে, কে আমাদিগকে দেখিবে? তাহারা অন্যায়ের উপায়
অনুসন্ধান করিয়া বলে, ‘আমরা প্রস্তুত আছি, আমাদের কল্পনা
পক্ক হইল;’ তাহাদের প্রত্যেকেরই মন ও হৃদয় অতি গভীর।
৭ কিন্তু ঈশ্বর তাহাদিগকে বাণাঘাত করিবেন; তাহারা হঠাৎ বিদ্ধ
৮ হইবে। তখন তাহারা পতিত হইলে তাহাদের জিহ্বার বাক্য

তেন সর্ব্বে নরা ভীতা ঈশ্বরেণ কৃতাং ক্রিয়াং। ৯
বর্ণয়িষ্যন্তি ভোৎস্যন্তে তস্যাচারঞ্চ তে তদা॥
হৃষ্টঃ পরেশ্বরাৎ সাধুঃ শরণং তং গমিষ্যতি। ১০
সর্ব্বৈঃ সরলচেতোভি র্ধন্যবাদঃ করিষ্যতে॥

---

৬৫ পঞ্চষষ্টিতমং গীতং।

ঈশ্বরানুগ্রহাশিষো র্বর্ণনং।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদা কৃতং গানার্থকং ধর্ম্মগীতং।

ত্বামেবেশ্বর সীয়োনে প্রশংসা সম্প্রতীক্ষতে। ১
ত্বামুদ্দিশ্য ব্রতস্যাপি পরিশোধঃ করিষ্যতে॥
ত্বাঞ্চ হে প্রার্থনাশ্রোতঃ সর্ব্বেঽভ্যেষ্যন্তি মানবাঃ॥ ২
মামকীনাপরাধা যে তে মত্তো বলবত্তমাঃ। ৩
অস্মদীয়াস্তু যে দোষাস্তান্ ত্বমেব ক্ষমিষ্যসে॥

তাহাদেরই প্রতি ফলিবে, ও তাহাদিগকে দেখিলে তাবৎ লোক পলায়ন করিবে। এবং সকল মনুষ্য ভীত হইয়া ঈশ্বরের কর্ম্ম ৯ প্রকাশ করিবে, এবং তাঁহার কার্য্য বিবেচনা করিবে। কিন্তু ধা- ১০ র্ম্মিক লোক পরমেশ্বরেতে আনন্দ করিয়া তাঁহার শরণে থা- কিবে, ও সরলান্তঃকরণ লোকেরা ধন্যবাদ করিবে।

৬৫ গীত।

ঈশ্বরের অনুগ্রহ ও আশীর্ব্বাদ বর্ণনা।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের কৃত গানার্থক ধর্ম্মগীত।

হে ঈশ্বর, সিয়োনেতে প্রশংসা তোমার অপেক্ষা করে, ও মানত ১ তোমার উদ্দেশে পূর্ণ করা যায়। হে প্রার্থনাশ্রবণকারি, তো- ২ মার কাছে তাবৎ লোক আসিবে। আমার তাবৎ অপরাধ ৩ আমাহইতে প্রবল, কিন্তু তুমি আমাদের দুষ্ক্রিয়া সকল ক্ষমা

৪ যো মনুষ্যস্ত্বয়া বৃত্বা সমানীতঃ স্বসন্নিধিং।
প্রাঙ্গণেষু ত্বদীয়েষু নিবসেৎ ধন্য এব সঃ॥
তর্প্স্যামস্তব গেহস্য কল্যাণনিধিনা বয়ং।
পবিত্রে তব প্রাসাদে সঙ্গৃহীতঃ স বিদ্যতে॥
৫ ভয়প্রদানি ধর্ম্মেণ প্রার্থনায়াঃ ফলানি হি।
অস্মভ্যং বিতরিষ্যন্তে ত্বয়াস্মত্রাতরীশ্বর।
সর্ব্বেষাং ক্ষিতিপ্রান্তানাং দূরপারস্য চাশ্রয়।
৬ স্ববলেনাদ্রিনির্ম্মাত বদ্ধশ্রোণে চ তেজসা॥
৭ গর্জ্জনং তোয়রাশীনাং তদূর্ম্মীণাঞ্চ গর্জ্জনং।
জাতীনাং কলহশ্চাপি নিঃশব্দীক্রিয়তে ত্বয়া॥
৮ লক্ষণেভ্যস্ত্বদীয়েভ্যো বিভ্যত্যুর্ব্যন্তবাসিনঃ।
সূর্য্যোদয়াস্তয়োঃ স্থানে ত্বং প্রফুল্লীকরোষি চ॥
৯ মহীং নিরীক্ষ্য সিঞ্চংস্ত্বং বিদধাসি ধনান্বিতাং।
ঈশ্বরীয়পয়স্বিন্যা সলিলৈঃ পরিপূর্ণয়া।

৪ করিবা। তুমি যাহাকে মনোনীত করিয়া আপনার নিকটে রাখিয়া আপন প্রাঙ্গণে বসতি করিতে দেও, সে ধন্য; আমরা তোমার গৃহের অর্থাৎ পবিত্র মন্দিরের উত্তম দ্রব্যেতেই তৃপ্ত ৫ হইব। হে আমাদের ত্রাণকর্ত্তা ঈশ্বর, তুমি ভয়ানক ন্যায্যক্রিয়াদ্বারা আমাদিগকে উত্তর দিবা; তুমি পৃথিবীর আদ্যোপান্ত৬ স্থিত ও দূরবর্ত্তি সমুদ্রতীরস্থ সকলের আশ্রয়স্থান। তুমি পরাক্রমেতে বেষ্টিত হইয়া আপন শক্তির দ্বারা পর্ব্বতগণকে দৃঢ় ৭ করিয়া থাক; এবং সমুদ্রের গর্জ্জন ও তরঙ্গের শব্দ ও লোকা৮ রণ্যের কোলাহল নিবারণ করিয়া থাক। তাহাতে পৃথিবীর প্রান্তবাসি তাবৎ লোক তোমার আশ্চর্য্য চিহ্ন দেখিয়া ভয় পায়, এবং সূর্য্যের উদয় ও অস্তগমনের স্থান তোমাদ্বারা উল্লাসিত ৯ হয়। তুমি পৃথিবীকে তত্ত্বাবধারণ করিয়া জলেতে সেচিয়া ধনাঢ্য করিয়া থাক; কেননা ঈশ্বরীয় নদী জলে পরিপূর্ণ আছে। এই

সংস্করোষি নৃণাং ধান্যম্ ইত্থং সংস্কৃতয়া ভুবা ॥

তোয়ৈশ্চোক্ষসি তৎসীতা আলী র্নম্রীকরোষি চ। ১০

বৃষ্ট্যা করোষি তাং মৃদ্বীম্ আশাস্সে চ তদঙ্কুরং ॥

স্বকল্যাণকিরীটেন বৎসরো ভূষ্যতে ত্বয়া। ১১

তব স্যন্দননেমিভ্যঃ স্নিগ্ধতা স্যন্দতে পথি ॥

স্যন্দতে প্রান্তরস্থাসু পশুচারণভূম্বপি। ১২

পর্ব্বতা অপি শোভন্তু উল্লাসেন বিভূষিতাঃ ॥

মেষৈ র্ব্যাপ্তা হি কেদারাঃ শস্যাচ্ছন্না উপত্যকাঃ। ১৩

তত্রত্যাঃ সকলা গানং হর্ষনাদঞ্চ কুর্ব্বতে ॥

---

৬৬ ষট্ষষ্টিতমং গীতং।

১ অনুগ্রহপ্রাপ্তিনিমিত্তম্ ঈশ্বরপ্রশংসা ১৩ প্রতিশ্রুতিকরণঞ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং গানার্থকং ধর্ম্মগীতং।

কুরুধ্বং সকলা মর্ত্ত্যা ঈশ্বরায় জয়ধ্বনিং ॥ ১

পরিগায়ত গীতেন তস্য নাম্নশ্চ গৌরবং। ২

রূপ প্রস্তুত করিয়া মনুষ্যদিগকে শস্য যোগাইয়া থাক; এবং হা- ১০
লথাতে জল সেচিয়া সীমন্ত সকল বসাইয়া থাক; ও বৃষ্টিদ্বারা
ভূমি গলিত করিয়া তাহার অঙ্কুরকে আশীর্ব্বাদ করিয়া থাক;
এবং বৎসরকে মঙ্গলরূপ মুকুট দিয়া থাক, এবং তোমার প[illegible] ১১
চিহ্নহইতে স্নিগ্ধতা নিঃসৃত হয়। তাহা প্রান্তরস্থ চরাণ[illegible]নে ১২
পড়িলে পর্ব্বতগণ হর্ষে প্রফুল্ল হয়; এবং ক্ষেত্র সকল মেষেতে ১৩
ব্যাপ্ত ও নিম্নভূমি শস্যে আচ্ছন্ন হয়; তাহাতে সকলে জয়-
ধ্বনি করিয়া গান করে।

৬৬ গীত।

১ অনুগ্রহপ্রাপ্তির নিমিত্তে ঈশ্বরের প্রতি প্রশংসা, ১৩ ও মানত করণ।

প্রধান বাদ্যকরকে দাতব্য গানার্থক ধর্ম্মগীত।

হে পৃথিবীস্থ সকলে, তোমরা ঈশ্বরের উদ্দেশে জয়ধ্বনি কর। ১
এবং তাঁহার নামের মহিমা গান কর, ও তাঁহার প্রশংসার মহিমা ২

তদীয়ায়াঃ প্রশংসায়া গৌরবঞ্চাভিসংস্তুত ॥

৩ ঈশং বদত কীদৃক্ ত্বং ভেতব্যোঽসি স্বকর্ম্মভিঃ।
তব শক্তিমহত্ত্বাৎ ত্বাং প্রিয়ং বক্ষ্যন্তি শত্রবঃ ॥

৪ ভজনং তে করিষ্যন্তি সকলা মর্ত্ত্যবাসিনঃ।
ত্বামেবোদ্দিশ্য গাস্যন্তি গাস্যন্তি তব নাম তে ॥ সেলা ॥

৫ আয়াতেশস্য কর্ম্মাণি স্বাশ্চর্য্যাণি প্রপশ্যত।
নৃসন্তানান্ প্রতি স্বীয়ৈঃ কর্ম্মভিঃ সোঽস্তি ভীতিদঃ ॥

৬ বিকৃত্য তোয়রাশিং স শুষ্কভূমিং চকার হি।
পাদৈর্লোকা নদীং তেরুস্তত্র তেন ননন্দিম ॥

৭ অনন্তং ক্রিয়তে রাজ্যং তেন স্বীয়পরাক্রমাৎ।
তস্য নেত্রে পরীক্ষেতে ভিন্নজাতীয়মানবান্।
নহি কুর্ব্বন্ত্বহঙ্কারম্ আজ্ঞালঙ্ঘনকারিণঃ ॥ সেলা ॥

৮ হে প্রজাঃ সকলা যূয়ং ধন্যং ব্রূত ন ঈশ্বরং।
তদীয়ায়াঃ প্রশংসায়া উচ্চৈঃ শ্রাবয়ত ধ্বনিং ॥

৯ যস্মাজ্জীবদ্দশায়াং নঃ স্থিরান্ প্রাণান্ করোতি সঃ।

৩ প্রকাশ কর। এবং ঈশ্বরকে বল, তুমি আপন কর্ম্মেতে কেমন ভয়ার্হ! তোমার পরাক্রমের প্রভাবে শত্রুগণ তোমার স্তব করিবে।
৪ পৃথিবীস্থ সকলে তোমার ভজনা করিয়া তোমার গুণ গাইবে ও
৫ তোমার নামে গান করিবে। সেলা। আইস, আমরা ঈশ্বরের অদ্ভুত ক্রিয়া দেখি, মনুষ্যসন্তানদের প্রতি তিনি আপন কর্ম্মেতে
৬ ভয়ানক হন। তিনি সমুদ্রকে শুষ্ক ভূমি করিলেন: লোকেরা পদব্রজে নদী পার হইয়া গেল; আমরা সেই স্থানে তাঁহাতে
৭ আনন্দ করিলাম। তিনি নিজ পরাক্রমে সর্ব্বদা কর্ত্তৃত্ব করেন: তাঁহার চক্ষু ভিন্নজাতীয়দের প্রতি নিরীক্ষণ করে: অত্যাচারিগণ
৮ দর্প না করুক। সেলা। হে লোকেরা, আইস, আমরা আপন ঈশ্বরের ধন্যবাদ করি, ও তাঁহার প্রশংসাধ্বনি শ্রবণ করাই।
৯ তিনি জীবদ্দশাতে আমাদের প্রাণকে রক্ষা করেন, ও আমাদের

নানুজানাতি চাস্মাকং চরণানাং বিচালনং ॥
অস্মাকন্তু পরীক্ষাণি কৃতা হে ঈশ্বর ত্বয়া। ১০
রৌপ্যসংশোধনেনেব বয়ং সংশোধিতাস্ত্বয়া ॥
ত্বয়া জালং প্রবেশ্যাস্মান্ ক্লিষ্টৌ দ্রোহেণ নঃ কটী ॥ ১১
অশ্বারূঢ়া মনুষ্যা নো মস্তকোপরি গামিতাঃ। ১২
বহ্নিনা সলিলেনাপি কৃতবন্তো গমং বয়ং।
কিন্ত্বস্মান্ ত্বং সমুদ্ধৃত্য পূকলং স্থানমানয়ঃ ॥
আদায়াহং বলীন্ হব্যান্ প্রবেক্ষ্যামি তবালয়ং। ১৩
প্রতি ত্বাং শোধয়িষ্যামি মামকীনব্রতানি চ।
ঈরিতানি মদোষ্ঠাভ্যামুক্তান্যাস্যেন চাপদি ॥ ১৪
হোমার্থঞ্চ পশূন্ পুষ্টান্ মেষাণাঞ্চ সুগন্ধিকং। ১৫
তুভ্যং দাস্যামি ছাগৈশ্চ সহ যক্ষ্যামি পুঙ্গবান্ ॥ সেলা ॥
ঈশভক্তা নরা যয়মাগত্য শৃণুতাখিলাঃ। ১৬
স মদাত্মহিতার্থং যৎ কৃতবান্ তদ্ বদাম্যহং ॥

চরণকে বিচলিত হইতে দেন না। হে ঈশ্বর, তুমি আমাদের ১০ পরীক্ষা করিয়াছ, ও রৌপ্য পরিষ্কার করণের ন্যায় আমাদিগকে পরিষ্কার করিয়াছ: এবং আমাদিগকে জালে আনিয়া আমাদের ১১ কটিদেশে বেদনা জন্মাইয়াছ: এবং আমাদের মস্তকের উপর দিয়া ১২ অশ্বারূঢ় মনুষ্যগণকে গমন করাইয়াছ: আমরা অগ্নি ও জল দিয়া গমন করিয়াছি, কিন্তু তুমি আমাদিগকে উর্ব্বরা স্থানে আনিয়াছ।

আমি হোমীয় বলি লইয়া তোমার মন্দিরে গমন করিব, এবং ১৩ দুঃখের সময়ে আমার ওষ্ঠাধর যাহা উচ্চারণ করিল ও আমার ১৪ মুখ যাহা কহিল, সেই মানত তোমার উদ্দেশে পূর্ণ করিব। আমি ১৫ তোমার উদ্দেশে পুষ্ট পশুগণের মেদ ও হোমীয় গন্ধযুক্ত মেষগণকে উৎসর্গ করিব, এবং বৃষ ও ছাগ বলিদান করিব। সেলা। হে ঈশ্ব- ১৬ রের ভয়কারি সকল, তোমরা আসিয়া শ্রবণ কর, ঈশ্বর আমার

১৭ মন্মুখেন স আহূতো জিহ্বয়া চ প্রশংসিতঃ॥
১৮ দুষ্টতাং চেদপৈক্ষিষ্যে নিজান্তঃকরণেন হি।
তর্হি তু প্রভুনা ক্বাপি শ্রবণং নাকরিষ্যত॥
১৯ কিন্ত্বীশঃ শ্রবণং কৃত্বা মেঽগ্রহীৎ প্রার্থনারবং॥
২০ ধন্যঃ স ঈশ্বরো যেন নাগাস্তা প্রার্থনা মম।
স্বকীয়ানুগ্রহশ্চাপি নহি মত্তো বিযোজিতঃ॥

---

৬৭ সপ্তষষ্টিতমং গীতং।
সর্ব্বেষাং হিতায় প্রার্থনা।

যন্ত্রবাদ্যনিয়ন্ত্রে দাতব্যং গানার্থকং ধর্ম্মগীতং।

১ ঈশোঽস্মান্ অনুগৃহ্ণাতু দদাত্বস্মভ্যমাশিষং।
অস্মান্ প্রতি নিজং বক্তুং স প্রসন্নং করোতু চ॥ সেলা॥
২ পন্থাস্তে জ্ঞায়তাং মর্ত্ত্যে ত্বত্রাণং সর্ব্বজাতিভিঃ॥
৩ ত্বাং স্তোষ্যন্তি প্রজা ঈশ ত্বাং স্তোষ্যন্ত্যখিলাঃ প্রজাঃ॥

আত্মার নিমিত্তে যাহা করিয়াছেন, তাহার বর্ণনা আমি করিব।
১৭ আমি তাঁহার কাছে মুখে আহ্বান করিলাম, ও জিহ্বাদ্বারা তাঁহার
১৮ প্রশংসা করিলাম। যদি মনের মধ্যে দুষ্টতা মান্য করিতাম, তবে
১৯ প্রভু কখন শুনিতেন না। কিন্তু ঈশ্বর শ্রবণ করিলেন, তিনি আমার
২০ প্রার্থনার কথায় মনোযোগ করিলেন। ধন্য ঈশ্বর, কেননা তিনি আমার প্রার্থনা ও আমার প্রতি আপনার অনুগ্রহ অস্বীকার করেন নাই।

৬৭ গীত।

সকলের হিতার্থে দায়ূদের প্রার্থনা।

প্রধান যন্ত্রবাদককে দাতব্য গানার্থক ধর্ম্মগীত।

১ ঈশ্বর প্রসন্ন হইয়া আমাদিগকে আশীর্ব্বাদ করুন, ও আমাদের
২ প্রতি আপনার মুখ দীপ্তিমান করুন। সেলা। তাহাতে পৃথিবীতে তোমার পথ ও সর্ব্বজাতীয়দের মধ্যে তোমার কৃত পরিত্রাণ জ্ঞাত
৩ হইবে। হে ঈশ্বর, লোকেরা তোমার প্রশংসা করিবে, ও তাবৎ

আনন্দ হর্ষনাদঞ্চ প্রকরিষ্যন্তি জাতয়ঃ। ৪
যস্মাৎ ত্বমেব ধর্ম্মেণ বিচারয়িষ্যসি প্রজাঃ।
পৃথিবীবাসিনী র্জাতীস্ত্বঞ্চ বিনেষ্যসি ॥ সেলা ॥
ত্বাং স্তোষ্যন্তি প্রজা ঈশ ত্বাং স্তোষ্যন্ত্যখিলাঃ প্রজাঃ ॥ ৫
বসুধাপি স্বকীয়ানি ফলান্যুৎপাদয়িষ্যতি। ৬
দাস্যত্যাশিষমস্মভ্যম্ ঈশ্বরোঽস্মাকমীশ্বরঃ ॥
স এবাশিষমস্মভ্যং দাস্যতি স্বয়মীশ্বরঃ। ৭
সর্ব্বে তস্মাচ্চ ভেষ্যন্তি ধরণীপ্রান্তবাসিনঃ ॥

---

৬৮ অষ্টষষ্টিতমং গীতং।

১ দায়ূদঃ প্রার্থনা ৪ অনুগ্রহস্য ১৫ সমাজরক্ষায়াঃ ১৯ আশ্চর্য্য-
কর্ম্মণশ্চ কৃতে পরমেশ্বরস্য প্রশংসা ২৮ দায়ূদো বিনয়শ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদা কৃতং গানার্থকং গীতং।

উত্তিষ্ঠতীশ্বরস্তস্য বিকীর্য্যন্তে চ বৈরিণঃ। ১

লোকই তোমার প্রশংসা করিবে; এবং সর্ব্বদেশীয়েরা আনন্দিত ৪
হইয়া জয়ধ্বনি করিবে; যেহেতুক তুমি লোকদের ন্যায়বিচার
করিবা ও পৃথিবীতে সর্ব্বদেশীয়দের পথদর্শক হইবা। সেলা। হে ৫
ঈশ্বর, লোকেরা তোমার প্রশংসা করিবে, ও তাবৎ লোকই তো-
মার প্রশংসা করিবে। পৃথিবী আপনার ফল ফলিবে ঈশ্বর, ৬
আমাদের ঈশ্বর, আমাদিগকে আশীর্ব্বাদ করিবেন। ঈশ্বরই আমা- ৭
দিগকে আশীর্ব্বাদ করিবেন; এবং পৃথিবীর প্রান্তস্থিত সকলে
তাঁহাকে ভয় করিবে।

৬৮ গীত।

১ দায়ূদের প্রার্থনা, ৪ ও অনুগ্রহের, ১৫ ও মণ্ডলী রক্ষার, ১৯ ও আশ্চর্য্য
কর্ম্মের নিমিত্তে পরমেশ্বরের প্রশংসা, ২৮ ও দায়ূদের বিনয়।

প্রধান বাদ্যকরকে দাতব্য দায়ূদের কৃত গানার্থক গীত।

ঈশ্বর উঠিলে তাঁহার শত্রুগণ ছিন্নভিন্ন হইবে, ও ঘৃণাকারিবর্গ ১

তদ্দ্বেষ্টারশ্চ কুর্ব্বন্তি তস্য সাক্ষাৎ পলায়নং ॥
২　চাল্যন্তে চ যথা ধূমস্তে চাল্যন্তে তথা ত্বয়া।
মধূচ্ছিষ্টং যথা বহ্নেঃ সমক্ষং দ্রবতাং ব্রজেৎ।
ঈশ্বরস্য সমক্ষং হি তথা নশ্যন্তি দুর্জনাঃ ॥
৩　ঈশ্বরস্য সমক্ষঞ্চ বিনন্দন্ত্যুল্লসন্তি চ।
হর্ষনাদঞ্চ কুর্ব্বন্তি পরিতোষেণ ধার্ম্মিকাঃ ॥
৪　গানং কুরুধ্বমীশায় তন্নাম্নো গায়ত স্তবং।
প্রান্তরে যো রথারূঢ়ো যাতি নির্ম্মাত তৎপথং।
যিহোবা ইতি তন্নাম্নাহ্লাদধ্বং তস্য সম্মুখে ॥
৫　পিতাস্তি পিতৃহীনানাং বিধবানাং বিচারকঃ।
পবিত্রে স্বীয় আবাসে বিদ্যমানঃ স ঈশ্বরঃ ॥
৬　নিঃসন্তান্ পরিবারাণাং মধ্যে বাসয়তীশ্বরঃ।
বন্দিনো মোচয়িত্বা স করোতি প্রাপ্তমঙ্গলান্।
নিবসন্তি মরুস্থানে নিদেশলঙ্ঘিনো নরাঃ ॥
৭　ঈশ্বর স্বীয়লোকানাম্ অগ্রেঽগ্রে ত্বয়ি গচ্ছতি।

২ তাঁহার সম্মুখহইতে পলায়ন করিবে। যেমন ধূম চালিত হয়, তদ্রূপ তুমি তাহাদিগকে চালিত করিবা; এবং যেমন মোম অগ্নির সম্মুখে
৩ দ্রবীভূত হয়, তদ্রূপ পাপিগণ ঈশ্বরের সম্মুখে বিনষ্ট হইবে। কিন্তু পুণ্যবানেরা আনন্দ করিয়া ঈশ্বরের সাক্ষাতে আহ্লাদিত ও আনন্দেতে হৃষ্টচিত্ত হইবে।
৪　তোমরা ঈশ্বরের স্তব ও তাঁহার নামের গুণ গান কর, এবং যিনি অরণ্য দিয়া বাহনে আগমন করেন, তাঁহার জন্যে পথ প্রস্তুত কর, ও পরমেশ্বর, তাঁহার এই নাম লইয়া তাঁহার সাক্ষাতে
৫ উল্লাস কর। কেননা ঈশ্বর পিতৃহীনদের পিতা ও বিধবাদের বিচা-
৬ রকর্ত্তা হইয়া আপন পবিত্র বাসস্থানে থাকেন। ঈশ্বর পরিবারশূন্য লোককে পরিবার দেন, ও বন্দিগণকে মুক্ত করিয়া কুশলে রাখেন;
৭ কিন্তু অবাধ্য লোকেরা শুষ্ক ভূমিতে বাস করে। হে ঈশ্বর, তুমি

প্রান্তরস্যৈব মধ্যেন ত্বয়ি যাত্রাঞ্চ কুর্ব্বতি। সেলা।
ঈশসাক্ষাচ্চকম্পে ভূরাকাশোঽপি ববর্ষ চ। ৮
তত্র সীনয় ঈশস্যেস্রায়েলীয়েশিতুঃ পুরঃ॥
প্রেরিতা চোপহারাণাং বৃষ্টির্হে ঈশ্বর ত্বয়া। ৯
ক্লান্তস্তবাধিকারশ্চ ত্বয়া সুস্থীকৃতঃ পুনঃ॥
তাবকীনসমাজশ্চ তত্র বাসং সমাপ্তবান্। ১০
দুঃখিনে সুস্থতা দত্তা স্বসদ্ভাবাৎ ত্বয়েশ্বর॥
সুবার্ত্তা প্রভুনা দত্তা তদ্বক্ত্রীণাং মহাসভা॥ ১১
পলায়ন্ত পলায়ন্ত সৈন্যানামধিপা নৃপাঃ। ১২
লোপ্ত্রাণাং প্রবিভাগঞ্চ ব্যদধাদ্ গৃহবাসিনী॥
অশেধ্বং মেষবাসানাং মধ্যে যূয়ং কপোতবৎ। ১৩
রৌপ্যমণ্ডিতপক্ষা বা দীপ্তস্বর্ণতনূরুহাঃ॥
সর্ব্বশক্তিমতা দেশে বিকীর্ণেষু চ রাজসু। ১৪
সল্মোনাখ্যোঽপি কৃষ্ণোঽদ্রিস্তুষারেণ ব্যশোভত।

নিজ লোকদিগের অগ্রে ২ গমন করিয়া প্রান্তরমধ্যে যাত্রা করিয়াছিলা। সেলা। তখন ঈশ্বরের সাক্ষাতে পৃথিবী কম্পবান ও আ- ৮ কাশ জলময় হইল, এবং ঈশ্বরের অর্থাৎ ইস্রায়েলের ঈশ্বরের সাক্ষাতে সীনয় পর্ব্বত কাঁপিল। হে ঈশ্বর, তুমি বরধারা দা- ৯ করিলা, তোমার অধিকারস্বরূপ লোকেরা ক্লান্ত হইলে তাম তাহাদিগকে সুস্থির করিলা। তোমার মণ্ডলী নিবাসস্থান প্রাপ্ত ১০ হইল; হে ঈশ্বর, তুমি দাতৃত্ব প্রকাশ করিয়া দুঃখিদের নিমিত্তে সুখ প্রস্তুত করিলা। প্রভু মঙ্গলবার্ত্তা দিলে মহাজনতা তাহা প্রচার ১১ করিল। সৈন্যাধ্যক্ষ ভূপতিগণ বেগে পলায়ন করিল, এবং গৃহিণী ১২ সকল লুটদ্রব্য বিভাগ করিয়া লইল। তোমরা যখন মেষবাথানের ১৩ মধ্যে শয়ন কর, তখন রৌপ্যমণ্ডিত পক্ষ ও সুবর্ণমণ্ডিত পালকবিশিষ্ট কপোতের ন্যায় শোভা পাও। সর্ব্বশক্তিমান রাজাদিগকে দেশে ১৪ ছিন্নভিন্ন করিলে কৃষ্ণবর্ণ পর্ব্বতও হিমের ন্যায় শুক্লবর্ণ হয়।

১৫ বাশন ঈশ্বরীয়োঽদ্রি র্বাশনঃ কূটবান্ গিরিঃ॥
১৬ ভো ভো শৃঙ্গভৃত উচ্চাগ্র্যঃ কিমর্থং য়ূয়মীর্ষ্যাথ।
গিরয়ে নিজবাসার্থং রোচিতায়েশ্বরেণ হি।
অবশ্যং সর্ব্বদা তত্র পরমেশো নিবৎস্যতি॥
১৭ অযুতানি সহস্রাণি সহস্রাণীশিতূ রথাঃ।
প্রভুস্তন্মধ্যবর্ত্ত্যস্তি ধর্ম্মধাম্ন্যস্তি সীনয়ঃ॥
১৮ ত্বমেবোদগতবানূর্দ্ধং জেতৄন্ বদ্ধা চ নীতবান্।
গৃহীয্যন্ দানবস্মর্ত্ত্যান্ অবাধ্যাংশ্চাপি মানবান্।
প্রভুনা পরমেশেন বসতিস্থানপ্রাপ্তয়ে॥
১৯ দিনে দিনে প্রভুর্ধন্যোঽস্মাকং ক্ষেমসমর্দ্ধকঃ।
অস্মাকং ত্রাণকর্ত্তা চ স এব ভবতীশ্বরঃ॥ সেলা॥
২০ স ঈশোঽস্মন্নিমিত্তঞ্চ ভূয়স্ত্রাণকৃদীশ্বরঃ।
বিবৃণোতি মৃতে র্দ্বারং স প্রভুঃ পরমেশ্বরঃ॥
২১ ঈশ্বরো নিজশত্রূণাং চূর্ণয়িষ্যতি মস্তকং।

১৫ বাশন্ পর্ব্বত ঈশ্বরের যোগ্য পর্ব্বত, ও বাশন্ পর্ব্বত বহুশৃঙ্গ
১৬ পর্ব্বত। হে বহুশৃঙ্গ পর্ব্বতগণ, ঈশ্বর আপন বসতির নিমিত্তে যে পর্ব্বতকে মনোনীত করিয়াছেন, তাহার প্রতি তোমরা কেন কুটিল দৃষ্টি করিতেছ? পরমেশ্বর অবশ্য সর্ব্বদা তথায় বাস
১৭ করিবেন। ঈশ্বরের রথ সহস্র২ ও লক্ষ২, এবং প্রভু তাহাদের
১৮ মধ্যে থাকেন; তাঁহার ধর্ম্মধাম সীনয়ের তুল্য। তুমি ঊর্দ্ধে আরোহণ করিলা, ও জয়িগণকে বন্দি করিলা, এবং মনুষ্যদের মধ্যে, বিশেষতঃ অবাধ্যগণের মধ্যেও দান গ্রহণ করিলা, তাহাতে হে প্রভো পরমেশ্বর, তুমি (তাহাদের মধ্যে) অধিষ্ঠান করিতেছ।
১৯ দিনে২ প্রভুর ধন্যবাদ হউক; আমরা তাঁহার অনুগ্রহের
২০ পাত্র, ও তিনি আমাদের ত্রাণকর্ত্তা ঈশ্বর। সেলা। তিনিই আমাদের পরিত্রাণসাধক ঈশ্বর; মৃত্যুও সেই প্রভু পরমেশ্বরের অধীন
২১ আছে। ঈশ্বর আপন শত্রুগণের মস্তক ও কুপথগামিদের সকেশ

স্বপাপাচারিলোকানাং মূর্দ্ধানং বহুকেশকং ॥
প্রভুর্বক্তি পুনশ্চাহং তানানেষ্যামি বাশনাৎ। ২২
আনেষ্যামি পুনশ্চাহং গম্ভীরাজ্জলধেরপি ॥
ত্বয়া চূর্ণয়িতব্যাস্তে মগ্নপাদেন শোণিতে। ২৩
লেঢব্যং দ্বেষিণাং রক্তং জীহ্বয়া চ শুনাং তব ॥
হে ঈশ্বর মনুষ্যৈর্হি দৃশ্যন্তে গমনং তব। ২৪
মদীয়েশস্য মে রাজ্ঞো গমনং ধর্ম্মধামনি ॥
গচ্ছন্তি গায়কা অগ্রে তৎপশ্চাদ্ যন্ত্রবাদকাঃ। ২৫
ঢক্কাবাদিকুমারীণাং নিবহেন প্রবেষ্টিতাঃ ॥
সমাজেষ্বীশ্বরস্যৈব ধন্যবাদো বিধীয়তাং। ২৬
প্রভোঃ স্তুতিশ্চ যুষ্মাভিরিস্রায়েলানুয়োদ্ভবৈঃ ॥
তত্রৈবাস্তি দ্বিষাং জেতা বিন্যামীনঃ কনিষ্ঠকঃ। ২৭
যিহূদাশ্চাগ্রগাস্তেভ্যঃ প্রস্তরাঘাতকারিণঃ।
সিবূলূনস্য চাধ্যক্ষা নপ্তালেরগ্রগা অপি ॥
তাবকীনবলস্যাজ্ঞাং দত্তবানীশ্বরস্তব। ২৮

কপাল চূর্ণ করিবেন। প্রভু কহেন, আমি বাশন্ প্রদেশীয়দিগহইতে ২২ পুনর্ব্বার আনয়ন করিব, ও সমুদ্রের গভীর জলহইতে পুনর্ব্বার আনয়ন করিব। তাহাতে তোমার চরণ রক্তে ধৌত হইবে, ২৩ তোমার কুক্কুরের জিহ্বা শত্রুগণের রক্ত চাটিবে। হে ঈশ্বর, লো- ২৪ কেরা তোমার গমন, অর্থাৎ ধর্ম্মধামে আমার ঈশ্বরের ও আমার রাজার গমন দেখে। ঢক্কাবাদিনী কুমারীদের অগ্রে গায়কগণ, ২৫ ও পশ্চাতে বাদ্যকরগণ গমন করে। সভাতে ঈশ্বরের, ও ইস্রা- ২৬ য়েল বংশজাত লোকদের মধ্যে প্রভুর ধন্যবাদ হউক। সে ২৭ স্থানে শত্রুদমনকারী কনিষ্ঠ বিন্যামীন ও প্রস্তরক্ষেপক যিহূদার অধ্যক্ষগণ ও সিবূলূনের অধ্যক্ষবর্গ এবং নপ্তালির অধ্যক্ষগণ সভাস্থ হয়।

তোমার ঈশ্বর তোমার বলের আজ্ঞা দিয়াছেন; হে ঈশ্বর, ২৮

কর্ম্মকৃদস্মদর্থং ত্বং হে ঈশ প্রবলীভব ॥

২৯ যিরূশালমসংস্থস্য ত্বৎপ্রাসাদস্য হেতুতঃ।
ত্বামুদ্দিশ্য মহীপালাঃ সমানেষ্যন্ত্যুপায়নং ॥

৩০ জন্তূন্ ভর্ৎসয় নড্যাস্থান্ বৃষভানাঞ্চ সংহতিং।
প্রজারূপাংশ্চ গোবৎসান্ রৌপ্যখণ্ডানি তৈ র্নতৈঃ।
দায়িষ্যন্তে বিকীর্য্যস্তাং লোকা যুদ্ধপ্রিয়াস্ত্বয়া ॥

৩১ মিসরাদাগমিষ্যন্তি মহাকুলীনমানবাঃ।
ভবিষ্যত্যচিরাৎ কূশ ঈশ্বরায় কৃতাঞ্জলিঃ ॥

৩২ ধরণীস্থানি রাজ্যানি যূয়মীশায় গায়ত।
প্রভুমেব সমুদ্দিশ্য যন্ত্রবাদ্যেন গায়ত ॥ সেলা ॥

৩৩ বহতে প্রাংশুনা ব্যোম্নাতীব পূর্ব্বতনেন সঃ।
পশ্য স স্বীয়নাদেন করোতি প্রবলং রবং ॥

৩৪ ঈশ্বরস্যৈব প্রাবল্যং যুষ্মাভিঃ পরিকীর্ত্ত্যতাং।
ইস্রায়েলীশিতা তস্য ব্যোমস্পর্শি চ তদ্বলং ॥

---

২৯ তুমি আমাদের নিমিত্তে যাহা করিয়াছ, তাহা সবল কর। যিরূশালমস্থ তোমার মন্দিরের নিমিত্তে রাজগণ তোমার উদ্দেশে
৩০ নৈবেদ্য আনয়ন করিবে। নলবনের জন্তু ও বৃষসমূহ ও গোবৎসস্বরূপ লোকদিগকে এমত অনুযোগ কর, যে তাহারা রূপা লইয়া পদতলস্থ হয়; এবং যে লোকেরা যুদ্ধেতে সন্তুষ্ট, তাহা-
৩১ দিগকে ছিন্নভিন্ন কর। মিসর দেশহইতে প্রধান লোক আসিবে, ও কূশদেশস্থ লোকেরা ঈশ্বরের প্রতি হস্ত প্রসারণ করিবে।
৩২ হে পৃথিবীস্থ প্রজা সকল, তোমরা ঈশ্বরের উদ্দেশে গীত গাও,
৩৩ ও প্রভুর উদ্দেশে গান কর। সেলা। এবং যিনি প্রথমাবধি উচ্চতর স্বর্গে বাহনে গমন করেন, তাঁহার উদ্দেশে (গান কর।) দেখ, তিনি আপন রবে অর্থাৎ ঘোরতর রবে গর্জ্জন করেন।
৩৪ ঈশ্বরের পরাক্রমের গুণানুবাদ কর, ইস্রায়েল বংশের মধ্যে তাঁহার মহিমা ও আকাশের মধ্যে তাঁহার বল প্রকাশিত হয়।

ঈশ ভয়ঙ্করোঽসি ত্বং স্বকীয়ে ধর্ম্মধামনি। ৩৫
ইস্রায়েলো য ঈশোঽস্তি স্বপ্রজাভ্যো দদাতি সঃ।
বলং পরাক্রমঞ্চাপি ধন্যো ভূয়াৎ স ঈশ্বরঃ॥

---

৬৯ ঊনসপ্ততিতমং গীতং।

১ বিপদঃ সময়ে প্রার্থনা ২৯ তৎফলঞ্চ।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং শোশন্নীমনামকস্বরযুক্তং
দায়ূদো গীতং।

পরিত্রায়স্ব মামীশ জলং প্রাপ্নোত্যসূন্ মম॥ ১
পঙ্কে মজ্জামি গম্ভীরে স্থাতুং স্থানং ন বিদ্যতে। ২
অম্বুরাশৌ প্রবিষ্টোঽহম্ ঊর্ম্মিভিশ্চ পরিপ্লুতঃ॥
আহ্বানেন পরিক্লান্তঃ শুষ্ককণ্ঠো ভবামি চ। ৩
হীয়েতে তেজসা নেত্রে মমেশস্য প্রতীক্ষণাৎ॥
মূর্দ্ধজেভ্যোঽধিকাঃ সন্তি মমাহেতুকবৈরিণঃ। ৪

ঈশ্বর আপন ধর্ম্মধামে ভয়ঙ্কর; ইস্রায়েলের ঈশ্বর যিনি, তিনি ৩৫ আপন লোকদিগকে বল ও পরাক্রম দেন; ঈশ্বর ধন্য হউন।

৬৯ গীত।

১ বিপদসময়ে প্রার্থনা, ২৯ ও তাহার ফল।

প্রধান বাদ্যকরকে দাতব্য শোশন্নীম নামক স্বরযুক্ত
দায়ূদের গীত।

হে ঈশ্বর, আমাকে ত্রাণ কর; আমার প্রাণ পর্য্যন্ত জল আসি- ১
তেছে। আমি গভীর পঙ্কে মগ্ন হইতেছি, আমার দাঁড়াইবার ২
স্থল নাই; গভীর জলে পতিত হওয়াতে আমার উপর দিয়া
ঢেউ যাইতেছে। আমি আহ্বান করিতে২ শ্রান্ত হইয়াছি, ও ৩
আমার গলা শুষ্ক হইয়াছে; আমার ঈশ্বরের অপেক্ষা করিতে২
আমার নয়ন নিস্তেজ হইতেছে। যাহারা অকারণে আমাকে ৪

প্রবলা মম হন্তারঃ শত্রবোঽনৃতবাদিনঃ।
নাপহৃত্য ময়া দ্রব্যং কর্ত্তব্যং পুনরর্পণং॥
৫ ত্বমেবেশ্বর জানাসি মামকীনমবোধনং।
মদীয়া অপরাধাশ্চ ত্বত্ত আচ্ছাদিতা নহি॥
৬ যে লোকাস্ত্বাং প্রতীক্ষন্তে সৈন্যাধ্যক্ষ পরেশ্বর।
প্রভো মৎকারণাৎ তেষাং ব্রীড়িতত্বং ন জায়তাং॥
যে লোকা মৃগয়ন্তে ত্বাং হে ইস্রায়েল ঈশ্বর।
মন্নিমিত্তং বিবর্ণাস্তে ন ভবন্তু কদাচন॥
৭ ত্বন্নিমিত্তং সহে নিন্দাং ব্রীড়য়াচ্ছাদিতাননঃ॥
৮ ভ্রাতৃভিশ্চ পরো মন্যে সূদাসীনশ্চ সোদরৈঃ॥
৯ ত্বদ্‌গেহস্যানুরাগেণ গ্রসনং জায়তে মম।
ত্বদীয়নিন্দকানাঞ্চ নিন্দনং বর্ত্ততে ময়ি॥
১০ করোমি রোদনঞ্চাহং স্বপ্রাণান্ উপবাসয়ন্।
তৎ কর্ম্মাপি চ নিন্দায়াঃ কারণং জায়তে মম॥

ঘৃণা করে, তাহারা আমার মস্তকের কেশ অপেক্ষাও অনেক; আমার প্রাণহিংসক মিথ্যাবাদি শত্রুগণ প্রবল হয়; আমি যাহা
৫ অপহরণ করি নাই, তাহাও আমাকে ফিরিয়া দিতে হয়। হে ঈশ্বর, তুমি আমার মূঢ়তা জ্ঞাত আছ, এবং আমার দোষ
৬ সকল তোমার অগোচর নহে। হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, তোমার অপেক্ষাকারিগণ আমাদ্বারা লজ্জিত না হউক; হে ইস্রায়েলের ঈশ্বর, তোমার অন্বেষণকারিরা আমাদ্বারা অপ্রতিভ
৭ না হউক। তোমারই নিমিত্তে আমি নিন্দা সহ্য করি, ও আ-
৮ মার মুখ লজ্জাতে আচ্ছন্ন হয়। এবং আমি ভ্রাতৃগণের নিকটে
৯ বিদেশিতুল্য ও সহোদরগণের কাছে অপরিচিতের ন্যায় হই। তোমার মন্দির নিমিত্তক উদ্যোগ আমাকে গ্রাস করে, এবং তোমার
১০ নিন্দকগণের নিন্দাতে আমি নিন্দাগ্রস্ত হই। আমি উপবাসদ্বারা আপন প্রাণকে ক্লেশ দিয়া ক্রন্দন করি; কিন্তু তাহাও আমার

শাণবস্ত্রেণ সংবীতস্তেষাং হাস্যো ভবামি চ ॥ ১১

গোপুরেষূপবিষ্টা যে মদ্বিংসাং চিন্তয়ন্তি তে। ১২
মদ্বিরুদ্ধঞ্চ গায়ন্তি মানবা মদ্যপায়িনঃ ॥

কিন্ত্বহং প্রার্থনাং কুর্বে ত্বামুদ্দিশ্য পরেশ্বর। ১৩
দেহি প্রসন্নতাকালং স্বমহাকৃপয়েশ্বর।
স্বীয়ত্রাণদসত্যত্বাদ্ যচ্ছ ত্বং মহ্যমুত্তরং ॥

ত্বং সমুদ্ধর মাং পঙ্কাৎ মা ভবেন্মম মজ্জনং। ১৪
দ্বেষ্টৃভ্যোঽগাধতোয়েভ্যশ্চোদ্ধারঃ সম্ভবেন্মম॥

মা মাং সম্প্লাবয়েদ্ বেলা জলরাশির্ন মাং গ্রসেৎ। ১৫
কূপো মমোপরি স্বীয়ং বক্ত্রং মা সংবৃণোতু হি॥

পরমেশোত্তরং দেহি যতঃ শ্রেষ্ঠা কৃপা তব। ১৬
স্বানুকম্পামহত্ত্বাচ্চ দৃষ্টিং বর্ত্তয় মাং প্রতি॥

মা সমাচ্ছাদ্যতাং বক্ত্রং নিজদাসং প্রতি ত্বয়া। ১৭
যস্মাদস্ম্যহমুদ্বিগ্নো দেহি মে তূর্ণমুত্তরং॥

নিন্দাস্পদ হয়। এবং চট পরিধান করি, তাহাতেও তাহাদের ১১ এক কুদৃষ্টান্ত হই। যাহারা সমাজে বৈসে, তাহারাও আমার ১২ বিরুদ্ধে পরামর্শ করে; আমি সুরাপায়িদের গীতস্বরূপ হই। হে ১৩ পরমেশ্বর, তোমার প্রতি আমি প্রার্থনা করিতেছি; হে ঈশ্বর তোমার প্রচুর অনুগ্রহদ্বারা প্রসন্নতার সময় হউক, তুমি আপনার পরিত্রাণজনক যথার্থতাদ্বারা আমাকে উত্তর দেও। পঙ্ক- ১৪ হইতে আমাকে উদ্ধার কর, মগ্ন হইতে দিও না; ঘৃণাকারিগণহইতে ও গভীর জলহইতে আমাকে উদ্ধার কর। আমার উপর ১৫ দিয়া তরঙ্গকে যাইতে দিও না, ও অগাধ জলকে আমাকে গ্রাস করিতে দিও না, এবং গর্ত্তকে নিজ মুখদ্বারা আমাকে রুদ্ধ করিতে দিও না। হে পরমেশ্বর, আমাকে উত্তর দেও, কেননা তোমার ১৬ অনুগ্রহ উত্তম, এবং আপন প্রচুর কৃপাতে আমার প্রতি দৃষ্টিপাত কর। নিজ দাসের প্রতি মুখ আচ্ছাদিত করিও না; এই ১৭

১৮ মম প্রাণানুপস্থায় তেষাং মুক্তিং বিধেহি চ।
মামকীনবিপক্ষাণাং হেতো র্মাঞ্চ সমুদ্ধর॥

১৯ ত্বং জানাসি মমাবজ্ঞাং বৈবর্ণ্যং ব্রীড়নং তথা।
দ্বেষ্টারো মম সর্ব্বেঽপি বিদ্যন্তে তব সম্মুখে॥

২০ নিন্দয়া মে মনো ভগ্নং প্রতীক্ষে পীড়িতো দয়াং।
সা তু নাস্তি ন চাপ্নোমি সান্ত্বয়িতৄন্ অভীপ্সিতান্॥

২১ তৈ র্লোকৈ র্মম ভক্ষ্যার্থং পিত্তদ্রব্যং প্রদীয়তে।
তৃষ্ণানিবারণার্থং মাং পায়য়ন্ত্যম্লজং রসং॥

২২ অতো ভুক্ত্যাসনং তেষাং সম্মুখে পাশবদ্ ভবেৎ।
নির্ভয়ে সময়ে তেষাং কূটযন্ত্রঞ্চ জায়তাং॥

২৩ অন্ধত্বাদ্ দৃষ্টিহীনানি তেষাং নেত্রাণি সন্তু চ।
ত্বং তেষাং কটিদেশস্য নিত্যং কম্পং বিধেহি চ॥

২৪ বর্ষ তেষু নিজং ক্রোধং ত্বৎকোপাগ্নিরুপৈতু তান্॥

---

১৮ দুঃখের সময়ে ত্বরায় আমাকে উত্তর দেও। নিকটে আসিয়া আমার প্রাণকে মুক্ত কর, ও শত্রুগণহইতে আমাকে উদ্ধার কর।
১৯ আমার যে প্রকার নিন্দা ও লজ্জা ও অপযশ হইতেছে, তাহা তুমি জ্ঞাত আছ; আমার তাবৎ বৈরী তোমার সম্মুখে আছে।
২০ নিন্দাদ্বারা আমার মনোভঙ্গ হয়, আমি উদ্বিগ্ন হইয়া প্রবোধ-কর্ত্তার অপেক্ষা করি, কিন্তু কেহই নাই; এবং সান্ত্বনাকর্ত্তাদের
২১ অপেক্ষা করি, কিন্তু প্রাপ্ত হই না। তাহারা ভোজনার্থে আ-মাকে পিত্ত দেয়, ও পিপাসার সময়ে অম্লরস পান করায়।
২২ অতএব তাহাদের ভোজনাসন তাহাদের সম্মুখে ফাঁদস্বরূপ হউক,
২৩ ও নির্ভয় কালে তাহাদের বাঁশকলস্বরূপ হউক। তাহারা যেন দেখিতে না পায়, তন্নিমিত্তে তাহাদের চক্ষু অন্ধ হউক; ও
২৪ নিত্য তাহাদের কটিদেশের কম্প হউক। তাহাদের উপরে তো-মার ক্রোধ বর্ষণ কর, এবং তোমার ক্রোধাগ্নি তাহাদিগকে গ্রাস

শাণবস্ত্রেণ সংবীতস্তেষাং হাস্যো ভবামি চ॥ ১১
গোপুরেষূপবিষ্টা যে মদ্বিংসাং চিন্তয়ন্তি তে। ১২
মদ্বিরুদ্ধঞ্চ গায়ন্তি মানবা মদ্যপায়িনঃ॥
কিন্ত্বহং প্রার্থনাং কুর্ব্বে ত্বামুদ্দিশ্য পরেশ্বর। ১৩
দেহি প্রসন্নতাকালং স্বমহাকৃপয়েশ্বর।
স্বীয়ত্রাণদসত্যত্বাদ্ যচ্ছ ত্বং মহ্যমুত্তরং॥
ত্বং সমুদ্ধর মাং পঙ্কাৎ মা ভবেন্মম মজ্জনং। ১৪
দ্বেষ্টৃভ্যোঽগাধতোয়েভ্যশ্চোদ্ধারঃ সম্ভবেন্মম॥
মা মাং সম্প্লাবয়েদ্ বেলা জলরাশি র্ন মাং গ্রসেৎ। ১৫
কূপো মমোপরি স্বীয়ং বক্তুং মা সংবৃণোতু হি॥
পরমেশোত্তরং দেহি যতঃ শ্রেষ্ঠা কৃপা তব। ১৬
স্বানুকম্পামহত্ত্বাচ্চ দৃষ্টিং বর্ত্তয় মাং প্রতি॥
মা সমাচ্ছাদ্যতাং বক্তুং নিজদাসং প্রতি ত্বয়া। ১৭
যস্মাদস্ম্যহমুদ্বিগ্নো দেহি মে তূর্ণমুত্তরং॥

নিন্দাস্পদ হয়। এবং চট পরিধান করি, তাহাতেও তাহাদের ১১ এক কুদৃষ্টান্ত হই। যাহারা নগরে বৈসে, তাহারাও আমার ১২ বিরুদ্ধে পরামর্শ করে; আমি সুরাপায়িদের গীতস্বরূপ হই। হে ১৩ পরমেশ্বর, তোমার প্রতি আমি প্রার্থনা করিতেছি; হে ঈশ্বর, তোমার প্রচুর অনুগ্রহদ্বারা প্রসন্নতার সময় হউক, তুমি আপনার পরিত্রাণজনক যথার্থতাদ্বারা আমাকে উত্তর দেও। পঙ্ক- ১৪ হইতে আমাকে উদ্ধার কর, মগ্ন হইতে দিও না; ঘৃণাকারিগণহইতে ও গভীর জলহইতে আমাকে উদ্ধার কর। আমার উপর ১৫ দিয়া তরঙ্গকে যাইতে দিও না, ও অগাধ জলকে আমাকে গ্রাস করিতে দিও না, এবং গর্ত্তকে নিজ মুখদ্বারা আমাকে রুদ্ধ করিতে দিও না। হে পরমেশ্বর, আমাকে উত্তর দেও, কেননা তোমার ১৬ অনুগ্রহ উত্তম, এবং আপন প্রচুর কৃপাতে আমার প্রতি দৃষ্টিপাত কর। নিজ দাসের প্রতি মুখ আচ্ছাদিত করিও না; এই ১৭

১৮ মম প্রাণানুপস্থায় তেষাং মুক্তিং বিধেহি চ।
মামকীনবিপক্ষাণাং হেতো র্মাঞ্চ সমুদ্ধর॥
১৯ ত্বং জানাসি মমাবজ্ঞাং বৈবর্ণ্যং ব্রীড়নং তথা।
ক্লেষ্টারো মম সর্ব্বেঽপি বিদ্যন্তে তব সম্মুখে॥
২০ নিন্দয়া মে মনো ভগ্নং প্রতীক্ষে পীড়িতো দয়াং।
সা তু নাস্তি ন চাপ্নোমি সান্ত্বয়িতৄন্ অভীপ্সিতান্॥
২১ তৈ র্লোকৈ র্মম ভক্ষ্যার্থং পিত্তদ্রব্যং প্রদীয়তে।
তৃষ্ণানিবারণার্থং মাং পায়য়ন্ত্যম্লজং রসং॥
২২ অতো ভুক্ত্যাসনং তেষাং সম্মুখে পাশবদ্ ভবেৎ।
নির্ভয়ে সময়ে তেষাং কূটযন্ত্রঞ্চ জায়তাং॥
২৩ অন্ধত্বাদ্ দৃষ্টিহীনানি তেষাং নেত্রাণি সন্তু চ।
ত্বং তেষাং কটিদেশস্য নিত্যং কম্পং বিধেহি চ॥
২৪ বর্ষ তেষু নিজং ক্রোধং ত্বৎকোপাগ্নিরুপৈতু তান্॥

১৮ দুঃখের সময়ে ত্বরায় আমাকে উত্তর দেও। নিকটে আসিয়া আমার প্রাণকে মুক্ত কর, ও শত্রুগণহইতে আমাকে উদ্ধার কর।
১৯ আমার যে প্রকার নিন্দা ও লজ্জা ও অপযশ হইতেছে, তাহা তুমি জ্ঞাত আছ; আমার তাবৎ বৈরী তোমার সম্মুখে আছে।
২০ নিন্দাদ্বারা আমার মনোভঙ্গ হয়, আমি উদ্বিগ্ন হইয়া প্রবোধকর্ত্তার অপেক্ষা করি, কিন্তু কেহই নাই; এবং সান্ত্বনাকর্ত্তাদের
২১ অপেক্ষা করি, কিন্তু প্রাপ্ত হই না। তাহারা ভোজনার্থে আমাকে পিত্ত দেয়, ও পিপাসার সময়ে অম্লরস পান করায়।
২২ অতএব তাহাদের ভোজনাসন তাহাদের সম্মুখে ফাঁদস্বরূপ হউক,
২৩ ও নির্ভয় কালে তাহাদের বাঁশকলস্বরূপ হউক। তাহারা যেন দেখিতে না পায়, তন্নিমিত্তে তাহাদের চক্ষু অন্ধ হউক; ও
২৪ নিত্য তাহাদের কটিদেশের কম্প হউক। তাহাদের উপরে তোমার ক্রোধ বর্ষণ কর, এবং তোমার ক্রোধাগ্নি তাহাদিগকে গ্রাস

তেষাং বাসো ভবেচ্ছূন্যস্তেষাং গেহাশ্চ নির্জনাঃ ॥ ২৫
যস্মাৎ ত্বয়াহতং লোকম্ অভিধাবন্তি তে নরাঃ। ২৬
যে চ বিদ্ধাস্ত্বয়া তেষাং যাতনাং বর্ণয়ন্তি তে॥
ত্বয়া সঞ্চীয়তাং তেষাং পাতকোপরি পাতকং। ২৭
ত্বৎপুণ্যপ্রাপ্তিতস্তেষাং ক্রিয়তাঞ্চ নিবারণং॥
জীবনগ্রন্থমধ্যে চ তেষাং লোপো বিধীয়তাং। ২৮
মা ভবেদ্ধার্ম্মিকৈঃ সার্দ্ধং তেষাং নাম্নাভিলেখনং॥
দীনং ক্লিষ্টঞ্চ মামীশ তে ত্রাণং প্রোচ্ছ্রয়িষ্যতি॥ ২৯
ঈশ্বরস্যৈব নামাহং প্রশংসিষ্যামি গীতিভিঃ। ৩০
ধন্যবাদেন তস্যৈব কীর্ত্তয়িষ্যামি গৌরবং॥
পরেশায় বলীবর্দ্দাৎ তদ্ধি রোচিষ্যতেঽধিকং। ৩১
শৃঙ্গক্ষুরবিশিষ্টাচ্চ বৃষাৎ তেন স তোক্ষ্যতি॥
আনন্দিষ্যন্তি তদ্ দৃষ্ট্বা মানবা নম্রচেতসঃ। ৩২
হে ঈশান্বেষিণো লোকাঃ সঞ্জীবিষ্যতি বো মনঃ॥

[illegible] তাহাদের বাটী শূন্য হউক, ও তাহাদের তাম্বুতে বাস [illegible] ২৫
[illegible] না থাকুক। কেননা তাহারা তোমার প্রহারিত ব্যক্তিকে [illegible] ২৬
[illegible] করে, ও [illegible] কথনদ্বারা তোমার আহত ব্যক্তির ব্যথা
[illegible] তুমি তাহাদের পাপের উপরে পাপ সঞ্চয় কর, ২৭
[illegible] পুণ্য প্রাপ্ত না হউক। ও [illegible] লোকের ২৮
[illegible] তাহাদের নাম লুপ্ত হউক, এবং ধার্ম্মিকদের মধ্যে
তাহাদের অঙ্কপাত না হউক।
[illegible] দুঃখী ও ব্যথিত হই, তথাপি, হে ঈশ্বর, তো- ২৯
মার কৃত পরিত্রাণদ্বারা আমার উন্নতি হইবে। আমি গানদ্বারা ৩০
ঈশ্বরের প্রশংসা করিব, ও ধন্যবাদদ্বারা তাঁহার গৌরব করিব।
[illegible] ও শৃঙ্গবিশিষ্ট বৃষ ও গো অপেক্ষা তাহাই পরমেশ্বরের ৩১
[illegible] অধিক তুষ্টিকর হইবে। এবং নম্র লোকেরা তাহা দেখিয়া ৩২
আনন্দ করিবে; হে ঈশ্বরের অন্বেষণকারিগণ, তোমাদের অন্তঃ-

৩৩ যতো হেতো র্দরিদ্রেষু মনো ধত্তে পরেশ্বরঃ।
স্বীয়বন্দিমনুষ্যাংশ্চ নহি তুচ্ছীকরোতি সঃ॥

৩৪ স্বর্গো মর্ত্ত্যঃ সমুদ্রশ্চ তেষাং মধ্যে চরন্তি চ।
যাবন্তঃ প্রাণিনস্তেঽপি সকলাস্তং স্তুবন্তু হি॥

৩৫ ঈশ্বরেণ সিয়োনস্য পরিত্রাণং বিধাস্যতে।
নির্ম্মাস্যন্তে পুনস্তেন যিহূদা নগরাণি চ।
লোকাস্তত্র নিবৎস্যন্তি প্রাপ্য দেশাধিকারিতাং॥

৩৬ তদীয়সেবকানাঞ্চ বংশো ভোক্ষ্যতি নীবৃতং।
তন্নাম্নি প্রীয়মাণা যে লোকা বৎস্যন্তি তত্র তে॥

---

৭০ সপ্ততিতমং গীতং।

পাপিরিপূণাং বিরুদ্ধং ধার্ম্মিকানাং প্রার্থনা।

বাদ্যনিয়ন্ত্রে দাতব্যং দায়ূদঃ স্মরণার্থকং গীতং।

১ মামকীনপরিত্রাণং কর্ত্তুমীশ ত্বমর্হসি।
মামকীনোপকারার্থং ত্বং ত্বরস্ব পরেশ্বর॥

৩৩ করণ প্রফুল্ল হইবে। কেননা পরমেশ্বর দরিদ্রদের প্রতি মনোযোগ ৩৪ করেন, এবং আপনার বন্দিগণকেও তুচ্ছ করেন না। অতএব স্বর্গ ও মর্ত্ত্য ও সমুদ্র ও তন্মধ্যস্থ তাবৎ জঙ্গম তাঁহার ধন্যবাদ করিবে। ৩৫ ঈশ্বর সিয়োনকে পরিত্রাণ করিবেন, ও যিহূদার সমস্ত নগর পুনর্নিম্মাণ করিবেন, তাহাতে লোকেরা সেখানে বাস করিয়া অধি-৩৬ কার পাইবে; এবং তাঁহার সেবকদের বংশ তাহাতে অধিকার পাইবে; এবং যাহারা তাঁহার নামে প্রেম করে, তাহারা তাহাতে বসতি করিবে।

৭০ গীত।

